রাগণ, খেপণ, to redden with anger, storm, rave, rage.

রাগত, রাগাল,—কোপান্বিত, ক্রোধশীল, passionate, angry, irritable, irascible. [angry.

রাগান্ধ, অতিশয় কোপযুক্ত, blinded by passion, excessively

রাগাণ, খেপাণ, to anger, provoke, irritate, incense.

রাগান্বিত, কোপিত, প্রচণ্ড, angry, enraged, irritated, furious.

রাগিণী, গানভেদ, তান, a musical mode or tune.

রাগী, রাগাল,—ক্রোধী, উগ্র, কর্কশ, passionate, irascible, irritable, touchy, warm, vehement, virulent.

রাঘব, রবাহূত, অনিমন্ত্রিত, ভাক্ত তত্ত্বজ্ঞানী, বোদালী মৎস্য, an uninvited guest, an intruder, an imposter pretending to a knowledge of the secrets of providence, a species of fish. [paint.

রাঙ্গ-া, ধাতু দ্রব্য বিশেষ, রঙ্গ, বর্ণ, tin, a tint, dye, colour, hue,

রাঙ্গতা, মুড়িবার রাঙ্গপত্র, tin-foil, leaf-tin, tin-coating.

রাঙ্গঝাল, রাঙ্গপত্র দিয়া মুড়ন, the coating or tinning of vessels.

রাঙ্গঝালনিয়া, রাঙ্গঝালকারক, a tin-coater, a tinman.

রাঙ্গড়াটিয়া, ঈষদ্রক্তবর্ণ, reddish, somewhat red.

রাঙ্গা, রক্তবর্ণ, red, rosy, scarlet; tin. [raddish.

রাঙ্গামূলা, সৌন্দর্য্যযুক্ত মুর্খ, handsome but illiterate; a red

রাঙ্গামুখ, রক্তাস্য, কোপযুক্ত, red-faced, reddening with anger.

রাঙ্গাণ, রঙ্গ দেওন, বিচিত্র করণ, বর্ণী করণ, to colour, dye, tinge.

রাজ, ইষ্টক গৃহ গাঁথক, থই, রাজার সম্বন্ধীয়, a bricklayer, a mason; *in comp:* royal, a king.

রাজকন্যা বা কুমারী,—ভূপতির তনয়া, a princess, king's daughter.

রাজকর, রাজস্ব, ভূপতির ভূম্যাদিতে লভ্য পঞ্চকাদি, royal tribute, state revenue, a king's taxes.

রাজকর্ম্ম বা কার্য্য,—রাজার কৃতকর্ম্ম, রাজার আদিষ্ট কর্ম্ম, রাজার কর্ত্তব্য, রাজার নিকটে প্রাপ্তপদ, a royal work, government works, royal duty, official station or employment.

রাজকীয়, রাজসম্বন্ধীয়, royal, kingly, belonging to government.

রাজকুমার, ভূপতির সন্তান, a king's son, a prince.

রাজকুল, নৃপতির বংশ বা গোষ্ঠী, a royal family, a royal race.

রাজজ্ঞান, দেশ শাসন বিদ্যা, the science of government, civil polity, political science. [polity.

রাজজ্ঞানী, দেশশাসনেতে নিপুণ, a politician; versed in civil

রাজটীকা বা তিলক,—নৃপপদপ্রাপ্তি, তৎকালীন সংস্কার, accession to a throne, a mode of Indian coronation.

রাজতা, রাজত্ব,রাজতী,—নৃপপদ, রাজক্রিয়া, দেশ শাসন, royalty, sovereignty, reign, government, empire, sway, rule, legislation. [payable to the king.

রাজদণ্ড, ভূপতির যষ্টি, অপরাধ জন্যে রাজার লভ্য, a scepter, a fine

রাজদ্রোহ,ভূপতির অনিষ্টচেষ্টা, ভূপতিহত্যা, treason, regicide.

রাজদ্বার, রাজপুরীর প্রবেশ পথ, সভা, a royal gate or door, a royal levee. [king.

রাজধর্ম্ম, ভূপতির কর্ত্তব্য অথবা নীতি, the duties or virtues of a

রাজধানী, ভূপতির বাসস্থান, যে নগরে রাজকীয় কার্য্য হয়, a royal residence, palace, a capital city.

রাজনীতি, রাজার সাধু ব্যবহার, দেশশাসন বিদ্যা, the duties of kings, political science.

রাজন্য, ভূপতির বংশোদ্ভব,ক্ষত্রিয়, a royal descendant,a prince, a Chsatriya, [highway.

রাজপথ, রাজমার্গ,—সর্ব্বলোকগমনাগমনপথ, a public road, king's

রাজপুত্র, রাজপুত,—ভূপতির তনয়, কুমার, রাজার কুলোদ্ভব, ক্ষত্রিয়, a king's son, prince, royal descendant, a kshatriya, a soldier of mixed birth. [palace.

রাজপুর-ী, ভূপতির বাসস্থান, প্রাসাদ, a royal city or residence, a

রাজবাড়ী, রাজবাটী,—নৃপতির বাসগৃহ,a king's residence,a palace.

রাজযক্ষ্মা, ক্ষয়কাশ, pulmonary consumption.

রাজরাণী, রাজমহিষী,— নৃপপত্নি, a queen-consort.

রাজর্ষি, উত্তম ক্ষত্রিয়, মুনি বিশেষ, a royal sage or saint.

রাজলক্ষ্মী, রাজশ্রী,—নৃপতির কপাল, the fortune or destiny of a king or the goddess thereof.

রাজস, রজোগুণাক্রান্ত হইলে যে কর্ম্ম করা যায়, proceeding from the principal of passion or secular inclination.

রাজসভা, নৃপতির সমীপে সমারোহ, a king's court, a royal assembly or council. [&c.

রাজসী, বলিদানাদিযুক্ত ভজনা, divine worship with sacrifices,

রাজসূয়, ক্ষত্রিয়ের অনুষ্ঠেয় যজ্ঞ বিশেষ, a sacrifice performed by Chsyatriyas or by a univeral monarch with his tributaries. [royal revenue.

রাজস্ব, কর,নৃপতির ভূম্যাদিতে লভ্য, the king's taxes or tribute,

রাজহংসনী, বৃহৎ হংস বিশেষ, *m.* & *f.* a gander, a goose.
রাজা, নৃপতি, ভূপাল, নরাধ্যক্ষ, a king, sovereign, prince.
রাজাজ্ঞাবর্ত্তী, ভূপতির বশীভূত, loyal, obedient to the king's will.
রাজাধিরাজ, সম্রাট, a paramount sovereign, universal king.
রাজাবলি, রাজার বংশশ্রেণী, a royal genealogy, line of kings.
রাজী, শ্রেণী, আবলী, আনুপূর্ব্বী, a row, rank, continuous line.
রাজীব, পদ্ম, পঙ্কজ, a lotus or water-lily.
রাজ্ঞী, রাণী,—রাজপত্নী, a queen.
রাজ্য, নৃপতির অধিকার,শাসিত দেশ, জনপদ, সাম্রাজ্য, রাজত্ব, a kingdom, government, realm, nation, empire, a region, dominion, reign, administration.
রাজ্যনীতি, অমুক দেশের ব্যবস্থা সমূহ, the laws and constitution of a kingdom. [of government.
রাজ্যাঙ্গ, দেশশাসনেতে উপযুক্ত নয়, a necessary part or member
রাজ্যাভিষেক, রাজপদে নিয়োগ, an anointing or installation into the government. [of the Hooghly.
রাঢ়, অশিষ্ট,গঙ্গার পশ্চিম দেশ,uncivilized; the country west
রঢ়ামী, অশিষ্টতা, চাষাড়ামী, rudeness, clownishness, unmannerliness. [the Hooghly.
রাঢ়ি, রাঢ়ীয়,—রাঢ়দেশীয়, belonging to the country west of
রাণা, ঘাটের সোপান, a flight of steps at a Ghát on a river.
রাতি, রাতারাতি,—রাত্রিকালে, নিশাতে, in the night, by night.
রাতিকাণা, ঝল্সাকাণা, রাত্র্যন্ধ, purblind, blind in the night.
রাত্রি, রজনী, নিশা, night, a night; by night, at night.
রাত্রিচর, যে প্রাণী রজনীতে আহারার্থে ভ্রমণ করে, রাক্ষস, চোর, প্রহরী, prowling by night; an imp, ghost, goblin, nocturnal prowler, thief, robber, a guard.
রাত্রিযোগ, নিশাকাল, প্রদোষকাল, চোর, তস্কর, প্রহরী, the night-season, night-fall, a thief, robber, night-prowler, a watchman, guard.
রাত্রিরক্ষক, প্রহরী, কোটাল, a watchman, a night-guard.
রাত্র্যন্ধ, যে প্রাণী রাত্রিতে দেখিতে না পায়, not seeing well at night, blind at night, purblind.
রাদ্ধান্ত, কৃতপ্রমাণে সিদ্ধান্ত, a conclusion established by facts.
রান্না, অন্নাদি পাককরা, the cooking of food, cookery.
রাব, নিনাদ,শব্দ, চীৎকার, a sound, noise, shout, howl, yell.

রাম, সুখভোগ, দশরথের জ্যেষ্ঠ পুত্র, pleasure, enjoyment, the hero of the Rámáyana.

রামকুঁড়া, ঝুপড়ী, a hut, a cabin.

রামথড়া, শুক্ল মৃত্তিকা বিশেষ, a species of fine chalk.

রামচাকা, লাটিম বিশেষ, a whirligig.

রামছাগল, অজ বিশেষ, the large beardless goat.

রামদূত, হনুমান্, the monkey Hanumán, the friend and messenger of Ráma.

রামধনুক, শক্রধনুঃ, গণ্ডী, the rainbow. [fair.

রামা, মনোরমা স্ত্রী, সুন্দরী, a handsome woman; *f.* beautiful,

রামাৎ, রাম পরায়ণ, নাগা, a follower or votary of Ráma.

রামায়ণ, রামবিষয়ক মহাকাব্য বিশেষ, a celebrated epic poem of which Ráma is the hero.

রায়, উপাধি বিশেষ, রাজকুমার, a title of honour, a prince.

রায়বাঁশ, বংশযুক্ত শূল বিশেষ, a spear with a bamboo pole.

রায়বাঁশিয়া, শূলধারী, carrying a spear; a spearman.

রায়বাঘিনী, কাষ্ঠী, ব্যাপিকা, a vixen, termagant, violent woman.

রাশি, স্তূপ, পুঞ্জ, সঞ্চয়, গাদী, অঙ্কশ্রেণী, ছিট, মেষাদি দ্বাদশ, a heap, pile, stack, store, collection, mass, quantity, ream, number, a numeration scale, a term in proportion, a fraction, a zodiacal sign.

রাশিচক্র, মেষাদি দ্বাদশ গ্রহের গমনপথ, the zodiac or circle of the signs. [occasions.

রাশিনাম, কর্ম্ম সময়েতে বাচ্যনাম, a sirname used on religious

রাশিভাগ, ছিট, মেষাদির এক অংশ, the fraction of a unit, a portion of a sign.

রাশিভোগ, সূর্য্যাদির যে কোন রাশিতে অবস্থানকাল, the passage of the sun, &c, through a sign.

রাশিভোগী বা ভোক্তা,—অমুক রাশিতে অবস্থিত, passing through a sign of the zodiac. [to heaps, abundant.

রাশীভূত বা কৃত,—সঞ্চিত, স্তূপাকৃতি, বহুল, heaped up, formed in-

রাষ্ট্র, রাজ্য, দেশ, চক্র, উৎপাত, উপদ্রব, অভিব্যক্ত, বিখ্যাত, a country, province, region, kingdom, realm, the desolation of a couutry, &c. inundation, plague, famine, any public calamity; manifest, notorious, current, public.

রাষ্ট্রভঙ্গ বা ভঞ্জন,—দেশের উপদ্রব, the wasting, ravaging or desolation of a country. [of Krishna.

রাস, স্ত্রী সহিত বিহার, amorous pastime, the circular dance

রাসযাত্রা, গোপী গণের সহিত কৃষ্ণের ব্যভিচার, তদ্দিবস, a religious sporting festival in commemoration of the gambols of Krishna with the milk-maids.

রাসযাত্রী, রাসযাত্রা কালীন লোকসমূহ, celebrating the foregoing festival or *rásjátrá*. [of taste.

রাসন, রসনেন্দ্রিয় সম্বন্ধীয়, belonging to the sense or organ

রাহু, নবমগ্রহ, বিধুন্তুদ, the ascending node or dragon's head.

রাহুগ্রস্ত, ক্ষণিক কাল পর্য্যন্ত অন্তর্হিত সূর্য্যচন্দ্র, eclipsed, under eclipse.

রাহুগ্রাস, সূর্য্যচন্দ্রের অন্তর্ধান, the immersion of a luminary in an eclipse. [moon.

রাহুদর্শন, রাহুপীড়া,—সূর্য্যচন্দ্র গ্রহণকাল, an eclipse of the sun or

রিক্থ, পৈতৃক ধন, সম্পত্তি, hereditary property, wealth.

রিক্থগ্রহণ বা হরণ, পিতৃধনাদি প্রাপণ, a succession to property.

রিক্থী, অর্থী, উত্তরাধিকারী, possessed of or succeeding to hereditary property; an heir.

রিক্ত, শূন্য, হীন, শুদ্ধোদর, শূন্যভাব, অন্তর, বন, empty, void, destitute, poor, purged by stool; vacuity, emptiness, a void, space, a forest.

রিঙ্গন, স্খলন, পড়ন, ভ্রষ্ট হওন, to slip, trip, slide, tumble, creep as a child, deviate or fall from virtue.

রিজন, হর্ষণ, আনন্দিত হওন, to be glad, to rejoice.

রিঠা, বস্ত্রক্ষালন যোগ্য ফল বিশেষ, the soap-berry tree.

রিপু, শত্রু, বিপক্ষ, an enemy, foe; hostile, inimical.

রিষ্ট, অশুভ, রিঠা, evil, loss, &c. the soap-berry tree.

রিষ্টি, অশুভ, ক্ষতি, অপচয়, অভাব, নাশ, পাপ, খড়্গ, misfortune, calamity, evil, loss, injury, privation, destruction, sin, a sword.

রীতি, রীত,—চালি, প্রণালী, ব্যবহার, ধারা, ধর্ম্ম, চরিত্র, স্বভাব, গুণ, মত, ঢৌল, গমন, a habit, custom, usage, practice, fashion, local observance, rite, ceremony, method, way, manner, peculiarity, idiom, behaviour, conduct, disposition, natural property, tenet, maxim, carriage, gait, motion, going.

রীতিদ, ব্যবহারী, bringing in or establishing a custom.
রুই, বল্মীক, মৎস্য বিশেষ, the white ant, a species of fish.
রুক্মিণী, লক্ষ্মী, Lakshmí the goddess of fortune.
রুক্ষ-ী, উগ্র, কষায়, উগ্রকারী, কঠিন, কটু, কঠোর, কর্কশ, rough, astringent, hard, dry, harsh, unkind, morose.
রুগ্ন, ক্ষীণ, ক্লিষ্ট, শূন্য, lean, thin, spare, empty.
রুথণ, কোপন, বিরক্ত হওন, to be angry, to be vexed with.
রুগ্ন, রোগগ্রস্ত, পীড়িত, sick, ill, indisposed, diseased, infirm.
রুচি, ভুক্, আহারে প্রবৃত্তি, স্পৃহা, বাসনা, স্বাদ, রস, অতিশয় প্রীতি, মন, তুষ্টি, আসক্তি, দীপ্তি, শোভা, প্রিয়ত্ব, hunger, appetite, wish, desire, passion, a liking, relish, savour, taste, inclination to, pleasure, satisfaction, approbation, application to, a ray of light, light, lustre, beauty, agreeableness.
রুটী, গোধূম পিষ্টক বিশেষ, bread, wheaten bread.
রুদিত, বিলপিত, আক্রুষ্ট, wept, bewailed, lamented, deplored.
রুদ্ধ, বদ্ধ, বেষ্টিত, নিষিদ্ধ, shut, closed, blocked up, besieged, surrounded, obstructed, hindered.
রুদ্র, সূর্য্য, শিব, দেবাংশ, প্রচণ্ড, the sun, Shiva, a class of demigods; wrathful, furious, vengeful.
রুদ্রাক্ষ, জপমালাযোগ্য দানা বিশেষ, a berry used for rosaries.
রুধির, রক্ত, শোণিত, লৌ, blood.
রুপণ, রুয়ণ,—রোপণ, পোতন, বপন, to plant, to sow.
রুয়া, চালের প্রস্থবংশ, ডালিম ফলের বীজ, শাঁস, লোম, উর্ণা, the rafters of a thatched roof, seeds of pomegranate, &c. a kernel, hair, wool. [to fret.
রুষণ, কোপন, বিতুষ্ট হওন, to be angry, vexed or displeased,
রুষ্ট, ক্রুদ্ধ, রাগান্বিত, কোপশীল, vexed, displeased, offended, enraged, angry, wrathful, passionate, severe.
রুষ্টি, উষ্মা, কোপ, ক্রোধ, anger, wrath, rage, fury.
রুষ্টিকর, কোপজনক, প্রচণ্ড, provoking, enraging, wrathful, raging.
রূঢ়, অশিষ্ট, কটু, চলিত, বিদিত, পরম্পরাগত, উৎপন্ন, গজান, প্রফুল্লিত, নিশ্চিত, rude, uncourteous, harsh, abusive, current, notorious, traditional, of unknown or uncertain derivation, produced, sprung, born, sprouted, budded, blown, certain, ascertained.

রূঢ়বাক্য বা শব্দ, ব্যুৎপত্তিহীন বাক্য, চলিত কথা, a word used in a peculiar traditional acceptation.

রূঢ়ি, ব্যুৎপত্তিহীন সমুদায় পদের শক্তি, the customary application of a word as opposed to its etymological notion, or where the origin is unknown, as in words of foreign derivation.

রূপ, আকার, ডৌল, মূর্ত্তি, প্রতিছায়া, চক্ষুরাদি গোচর, সৌন্দর্য্য, প্রকার, ধারা, মত, জাতি, ধর্ম্ম, গুণ, স্বভাব, পদসাধন, বিভক্তি, একটা, অভিনেয় কাব্য, অভ্যাস, তুল্য, form, figure, shape, appearance, semblance, an image, figure, reflexion, object of vision, colour, beauty, a manner, mode, way, species, kind, natural property, disposition, quality, grammatical inflexion, conjugation, declension, a unit, integer, dramatic poem, play, learning by rote; *aff:* like, resembling.

রূপক, উপমাযুক্ত, দৃষ্টান্তবান্, figurative, allegorical, metaphorical.

রূপচাঁদ, ফুল্লারবিন্দ, a fop, prig, buck, a species of fish.

রূপবান্, রূপবন্ত,—সুন্দর, চারু, আকারবিশিষ্ট, handsome, beautiful, symmetrical, elegant, having form or shape. [comely.

রূপসী, রূপবতী,—সুন্দরী, মনোহরা, *f.* handsome, beautiful,

রূপা, রূপ্য,—চাঁদী, রজত ধাতু, silver, wrought silver.

রূপী, রৌপ্যমুদ্রা, তঙ্কা, টাকা, a silver coin, a rupee.

রে, তুচ্ছজ্ঞানে সম্বোধন, *voc. of contempt*, sirrah! soho!

রেঁদা, সূত্রধরের কাষ্ঠ সমান করণার্থ অস্ত্র, a plane ;-বুলান -দেওন, or-করণ, to plane.

রেক, অতিসার, সওয়া সের, a lax, looseness, a measure of a seer and ¼.

রেখা, লম্বা চিহ্ন, লেখা, ডোরা, ছিদ্র, a stroke, line, streak, stripe, split, slit.

রেখাকার, রেখাকৃতি, রেখাপড়া, ডোরিয়া, striped, striated, streaked.

রেখাভূমি, ভূগোলের মধ্যস্থল, the equator or equatorial line.

রেচক, ভেদক, নিশ্বাস, purgative, cathartic, aperient; a purge, cathartic, expiration of the breath.

রেচন, অতিসার, ভেদ, শ্বাসনিশ্বাস, ক্ষরণ, a lax, looseness, purging, respiration, breathing, dropping, oozing.

রেজান, তোষণ, আহ্লাদ জন্মান, to please, gratify, rejoice.
রেণু-ক, ধূলা, পরাগ, বালুকা, কণা, dust, pollen, sand, an atom.
রেত, রেতঃ, রেতস্,—বীর্য্য, শুক্র, semen virile; রেত, sand.
রেপ, কুরুজ, the wards of a lock.
রেফ, রকার, অর্কফলা, the letter র, or its substitute ( ́ ).
রেবতী, সপ্তবিংশতি নক্ষত্র, the last or 27th lunar mansion.
রেল-া, সমূহ, মেলা, অপর্য্যাপ্ত, a multitude, a resort, plenty.
রৈ, ধন, সম্পত্তি, ধ্বনি, পুষ্করিণীর মধ্যস্থিত কাষ্ঠ, wealth, riches, property, sound, noise, the post erected in a pond when consecrated.
রোওন, রোপণ, পোতন, বপন, to plant, to sow.
রোআ-লি, হৈমন্তিক ধান্য, planted, (applied to the winter rice-crop.)
রোঁআ, শরীরের লোম, the hair of the body, hair of a beast.
রোক, প্রত্যক্ষ মুদ্রা, ছিদ্র, দোষ, ready-money, cash, a purchase for cash, a slit, incision, blemish, taint.
রোকড়, আয়ব্যয় লিখিবার বহী, a cash-book.
রোকড়িয়া, রোকরক্ষক, কোষাধ্যক্ষ, বাণিয়া, a cash-keeper, cashier, treasurer, banker, money-changer.
রোকণ-আন, আট্‌কান, নিবারণ, বেধন, কল্পাদি লাগান, to stop, hinder, prevent, obstruct, ward off, withstand, to bore, to paint or varnish trinkets.
রোকণিয়া, গহনার রঙ্গকার, a painter or varnisher of trinkets.
রোখাণ, কোপান, to anger, provoke, irritate, incense.
রোখা-ল, প্রচণ্ড, কোপান্ন, উগ্র, কর্কশ, furious, passionate, touchy, morose, wayward, cross, peevish.
রোগ, পীড়া, ব্যাধি, sickness, illness, disease, distemper.
রোগাকর, পীড়াজনক, অপথ্য, causing sickness, unwholesome.
রোগগ্রস্ত, রোগী,—পীড়িত, অসুস্থ, ill, diseased, unwell, sick.
রোগশালী, সতত পীড়িত, দুর্ব্বল, sickly, ailing, infirm, diseased.
রোগা, রোগাটীয়া,—ব্যাধিত, পীড়িত, ill, diseased, sick, infirm.
রোচক, আগ্নেয়, রুচিজনক, ক্ষুধাকর, সুস্বাদু, provoking appetite, stomachic, carminative, pleasant, agreeable, palatable, savoury, relishing, grateful.
রোচনা, আহারাদিতে প্রবর্ত্তনা করা, পরতুষ্টিকরা, প্রবৃত্তি জন্মান, সম্মতি, a provocation of appetite, a stimulus, a gratifying the taste of others, persuasion, approval.

রোদন, ক্রন্দন, বিলাপ করণ, to weep, cry, lament, bewail.
রোদ্ধা, প্রতিবন্ধক, নিবারক, a hinderer, obstructer, besieger, &c.
রোধ-ন, গতি বারণ, আটক, প্রতিবন্ধ, নিষেধ, hindrance, obstruction, obstacle, stoppage, blockade, seizure, embargo, prohibition. [posing, &c.
রোধক, নিষেধক, আট্কানিয়া, বেষ্টক, stopping, obstructing, op-
রোধন, বেষ্টন, আট্কান, বন্ধন, নিবারণ, ঘেরণ, নিষেধ করণ, to besiege, obstruct, hinder, oppose, impede, to shut, staunch, stop, resist, fence round, surround, interdict, lay an embargo upon.
রোপক, বপক, পোতনিয়া, planting; a planter, (of trees &c.) a seedsman. [stake, &c. graft, insert.
রোপণ, বৃক্ষাদির পোতন, যোড়ান, to plant trees, &c. fix a
রোপণিয়া, পোতনিয়া, বীজবপ্তা, a planter, sower, seedsman.
রোম, লোম, ঊর্ণা, আঁশ, hair of the body, fur, wool, nap.
রোমকূপ, লোমের মূল, the pores of the skin.
রোমাঞ্চ, রোমহর্ষ,—হর্ষাদি জনিত লোমের কণ্টকভাবে উঠন, শিহরণ, horripilation, erection of the hair of the body from delight, &c; rapture, a bristling up.
রোমাঞ্চিত, অতিশয় আহ্লাদযুক্ত, হর্ষিত, having the hair erect from sudden emotion, enraptured, delighted.
রোমাবলী, বক্ষস্থলের লোমশ্রেণী, hairiness or a line of hair.
রোয়ালী, বীজতলা, রোপিত ধান্য, a seed-plot; planted (rice.)
রোষ, ক্রোধ, কোপ, anger, wrath, passion, choler. [rave.
রোষণ, কোপন, ক্ষেপন, to be angry or enraged, to storm,
রোষাণ, কোপান, চিড়ান, to anger, provoke, exasperate.
রোষাল, রোষী,—ক্রোধান্বিত, রাগাল, কর্কশ, angry, enraged, wrathful, cross, peevish, waspish.
রোহিণী, চতুর্থ নক্ষত্র, the fourth lunar mansion.
রোহিত, রুই মাছ, a fish much used for the table.
রৌদ্র, রৌদ,—সূর্য্যের কিরণ, উষ্মা, উগ্ররস, ভয়ানক, দারুণ, প্রচণ্ড, পীড়াকর, জ্বলন্ত, sunshine, solar heat, warmth, wrath, rage; formidable, terrible, dreadful, wrathful, violent, sharp, severe, acute.
রৌপ্য, রূপ্যময়, রজত, made of silver; silver. [hell.
রৌরব, নরক বিশেষ, a division of the Hindoo Tartarus or

ল.

লওন, গ্রহণ, ধরণ, পাওন, মিলন, বুঝন, to take, assume, to seize, receive, accept, obtain, get, acquire, know, penetrate, realize; -আইসন, আনন, to fetch, bring; -যাওন, উঠান, to take away.

লওয়ান, প্রবোধ কিম্বা প্রবৃত্তি জন্মান, মানান, ভুলান, বুঝান, to convince, persuade, draw into an opinion or measure, prevail upon, instigate, prepossess, induce, bias, wheedle, teach, explain, instruct.

লওয়ানী, প্রবোধকরা, ভুলানি, persuasion, convincing, wheedling, &c.

লকলকিয়া, লগ্‌লগিয়া,—স্পন্দিত, থর্‌থরিয়া, vibrating, darting, (as a serpent's tongue.)

লক্ষ, চিহ্ন, শর নিক্ষেপের উদ্দেশ্য, অভিপ্রায়, শত সহস্র, তুল্য, প্রতিযোগী, sign, token, a mark, butt, object, aim, a hundred thousand, an equal, a counterpart.

লক্ষণ, চিহ্ন, কলঙ্ক, অঙ্ক, বিসূচিকা, প্রমাণ, বিশেষ গুণ, ভাব, ভাবি নিদর্শ, ডৌল, আকার, a sign, mark, spot, token, badge, indication, symptom, criterion, predicate, distinguishing property, omen, portent, presage, prognostic, features, physiognomy.

লক্ষণা, দৃষ্টান্ত, অধ্যাহার, উহ্যবাক্য, a metaphor, metaphorical expression, synecdoche, metonymy, an ellipsis, word understood.

লক্ষণাক্রান্ত, বিশেষ চিহ্নযুক্ত, bearing a distinguishing mark or sign, &c.

লক্ষ্মী, কমলা, শ্রী, সম্পত্তি, বৃদ্ধি, Lacshmí the goddess of fortune, good fortune, prosperity, success.

লক্ষ্মীছাড়া, শ্রীভ্রষ্ট, দুর্ভাগ্য, abandoned by fortune, unfortunate.

লক্ষ্মীবান্, লক্ষ্মীবন্ত,—পয়োমন্ত, ধনবান্, শ্রীল, মঙ্গল, prosperous, fortunate, successful, lucky.

লক্ষ্য, শরব্য, উদ্দেশ, চিহ্ন, ছলনা, ছদ্মবেশ, শত সহস্র, দৃশ্য, অনুভব্য, a mark, butt, aim, object, sign, token, fraud, disguise, 100,000; observable, perceptible.

লগা, বৃক্ষফল খষাণার্থ দণ্ড, a staff for beating down fruits.

লগী, চাড়ী, ফিকনা, a pole for shoving on boats in shallow water, a boat-hook, a lever.

লগুড়, লাঠী, লৌহযুক্ত যষ্টি, a staff, stick, an iron-bound club.
লগে, ঠাঁই, স্থানে, with, about one.
লগ্ন, সংযুক্ত, একত্রিত, স্পৃষ্ট, উদ্যুক্ত, মনোযুক্ত, জনিত, উপযুক্ত, উচিত, রাশির উদয়কাল, adhering to, joined to, connected with, touching, in contact, intent upon, consequent, applicable, relevant, suitable, proper, apposite; the oblique ascension or time of a sign's rising above the horizon.
লগ্নক, প্রতিভূ, a bondsman, surety, bail.
লগ্নপত্র, বিবাহ আদি কর্ম্মোপযুক্ত কালসূচক লিপি, a written specification of a propitious time for a marriage or other religious action.
লগ্নালগ্নি, লাগালাগি, একত্র, ধরাধরি, abreast, in contact, close together.
লগ্যশুব্যবস্থ, মলমূত্ররোধ, a stoppage of urine, constipation.
লঘিমা, লাঘব, হ্রাস, অগুরুতা, চাপল্য, smallness, diminution, levity, lightness.
লঘীয়সী, চপল, অতিশয় তুচ্ছ যে স্ত্রী, a light and contemptible woman.
লঘু, অগুরু, অভারি, অল্প, সূক্ষ্ম, অলীক, সহজ, তুচ্ছ, হ্রস্ববর্ণ, অবিবেচক, light, not heavy, little, small, minute, trifling, trivial, easy, mean, contemptible, short, (as a vowel,) imprudent.
লঘুজ্ঞান, অবজ্ঞা, অশ্রদ্ধা, তাচ্ছল্য, অনাদর, contempt, scorn, a low opinion of, disesteem, a slighting, contemning, despising.
লঘুতেজ, দুর্ব্বল, অজ্ঞান, weak, of small power, silly, imprudent.
লঘুপাক, পাকার্হ, সুপচ্য, light (as food,) easy of digestion.
লঘুব্যয়, পরিমিত ব্যয়, কার্পণ্য, thrift, economy, frugality.
লঘুভার, ক্ষুদ্র মোট, অগুরু, a slight burthen; light, portable.
লঘুসমর, সহজ যুদ্ধ, a skirmish, loose fight, skirmishing.
লঘ্বীক্রিয়া, প্রস্রাব, discharge of urine, act of making water.
লঙ্কা-মরিচ, গাছ্ মরিচ, red-pepper, chillies, capsicums.
লঙ্গ, লং,—লবঙ্গ, দেবকুসুম, a clove, the clove tree.
লঙ্ঘন, অতিক্রমণ, ডিঙ্গান, অন্যথাচরণ, উপবাস, to overstep, pass over, leap over, go beyond, exceed, to transgress, infringe, break, violate; fasting, abstinence.
লগুড়ালগুড়ি, হাতাহাতি, মারামারি, boxing, fighting, fisticuffs.

লজ্জা, ত্রপা, হ্রী, অনাদর, তিরস্কার, অপমান, shame, modesty, bashfulness, a disgrace, scandal, ignominy, affront, insult. [scandalous.

লজ্জাকর, অনুচিত, কুৎসিত, shameful, disgraceful, ignominious,

লজ্জান্বিত, লজ্জাবান্,—ত্রপাশালী, হ্রীযুক্ত, modest, bashful, abashed, ashamed. [faced, sheepish.

লজ্জালু, লজ্জুক,—ত্রপান্বিত, কুণুয়া, modest, bashful, coy, shame-

লজ্জাশালী,, লজ্জাশীল,—অপত্রপিষ্ণু, লাজুক, modest, bashful.

লজ্জাহীন, অত্রপ, নির্লজ্জ, ধৃষ্ণু, shameless, impudent, immodest, barefaced, bold. [blush.

লজ্জিত, ত্রপিত, মুখচোরা, ashamed, abashed, coy, put to the

লট্‌কন, ঝুলন, টাঙ্গন, to be suspended, hang down, swing.

লট্‌কান, ঝুলান, টাঙ্গান, to suspend, hang, hang up.

লট্‌খট্, ঝঞ্ঝাট, ক্লেশ, perplexity, intricacy, a labyrinth.

লট্‌খটী, লট্‌খটিয়া,—ঝঞ্ঝাটিয়া, ক্লেশকর, ছলী, troublesome, vexatious, intricate, perplexing, sly, artful.

লঠুয়া,, লট্টা,—লম্পট, ভ্রষ্টাচারী, lewd, profligate; a libertine.

লড়ন, স্পান্দন, কম্পন, হেলন, নিবর্ত্ত হওন, যুদ্ধ করণ, to shake, move, wag, vibrate, quiver, totter, be revoked, to fight, to war. [agitation.

লড়নী, কম্প, স্পান্দ, চপলতা, a shaking, moving, vibration,

লড়াই, যুদ্ধ, রণ, গোলমাল, a battle, fight, war, riot.

লড়াক, লড়্যা,—যোদ্ধা, a fighter, combatant, warrior.

লড়ান, কাঁপান, ঢুলান, হেলান, সরাণ, নিবর্ত্তন, যুদ্ধ করণ, to shake, stir, move, jolt, remove, revoke, go to war.

লড়ালড়ি, হাতাহাতি, বাহুযুদ্ধ, fisticuffs, scuffling, a scuffle.

লড়ী, লাঠী, যষ্টি, a staff, pole, stick, wand, rod, club.

লড়্কান, লোভ দেখান, চার দেওন, to lay a snare, bait a hook.

লড্ডুকা, মিষ্টান্ন বিশেষ, লাড়ু, a kind of sweet-meat balls.

লণ্ড, স্পান্দ, হেলনি, a tossing about, agitation, staggering.

লড়্বড়ান, ঝোঁকন, হেলন, to reel, stagger, move unsteadily.

লড়্বড়িয়া, লড়লড়িয়া,—চঞ্চল, চপল, হেলনিয়া, fickle, wavering, unsteady, reeling, staggering.

লতা, লতিকা,—বৃক্ষাশ্রিত তৃণ, চাপ্টন, ধরণ, পরাবলম্বন করণ, a vine, creeper, climbing plant; to cling to another, to effect through another.

লতান, গাছান, পরবৃক্ষারোহণ, to creep or climb as a plant.
লনী, নবনীত, মাখন, butter.
লপটন, চাপটন, জড়ন, to cling, stick, adhere to, twine about.
লপটান, চাপটান, লাগান, জড়ান, to cause to stick, to wrap or
fold together, entwine. [a little.
লব, তনু, ক্ষুদ্র, সূক্ষ্ম, অল্পতা, কিঞ্চিৎ, small, little, minute;
লবঙ্গ, দেবকুসুম, লং, cloves, the clove tree.
লবণ, লোণ, ক্ষাররস, করকচ, সৈন্ধব, sea-salt, rock or facti-
tious salt, saltness. [brackish.
লবণাক্ত, ক্ষাররসবিশিষ্ট বস্তু, salted, rubbed with salt, saltish,
লবণাম্বু, লবণোদ,—লবণমিশ্রিত জল, তদ্বিশিষ্ট, salt water; abound-
ing in brackish water.
লব্ধ, উপার্জ্জিত, প্রাপ্ত, obtained, gained, acquired, re-
ceived, got; *pref*: possessed of.
লব্ধি, লাভ, হরণোৎপন্ন, acquisition, profit, gain, a quotient.
লভ্য, প্রাপ্য, প্রাপ্তি, ফলোদয়, ব্যাজ, obtainable, &c. gain, pro-
fit, advantage, produce, interest, premium,
discount. [lender; rapacious.
লভ্যভুক্, লভ্যভোক্তা,—উত্তমর্ণ, সিন্নড়ানিয়া, a usurer, money-
লম্পট, ভ্রষ্ট, কামুক, অসৎ, স্ত্রী বিষয়ে আসক্ত, loose, libidinous,
lewd, unchaste, dissolute, lascivious, amo-
rous; a rake, a libertine. [ism, looseness.
লম্পটতা, ভ্রষ্টতা, কামানল, lewdness, lasciviousness, libertin-
লম্ফ, উৎফাল, উৎপ্লব, a leap, jump, gambol, caper, canter.
লম্ফঝম্ফ, উৎপ্লব, কুন্দনি, a jumping about, frisking, gambols.
লম্ফন, উৎপ্লবন, কুদন, to jump, leap, skip, frisk, canter.
লম্ব-া, দীর্ঘ, উচ্চ, শয়িত, ঝুলনিয়া, long, tall, lying, laid along,
extended in length, pendulous, hanging down.
লম্বন, টেঙ্গন, ঝুলন, to be long, hang down, dangle.
লম্বমান, টাঙ্গা, ঝুলনিয়া, দীর্ঘ, hanging, dangling, suspended,
growing in length. [ness, extravagance.
লম্বাই, দ্রাঘিমা, উচ্চতা, বহুব্যয়, length, height, expensive-
লম্বাইচৌড়াই, বাক্যবাহুল্য, আত্মশ্লাঘা, tedious detail, boasting.
লম্বালম্বি, শয়িত, পতিত, at full length, laid along.
লম্বিত, ঝুলিত, দীর্ঘভাবে স্থিত, pendent, hanging down, dang-
ling, extended in length.

লম্বে, দীর্ঘে, longwise, in length.

লম্বোদর, পেটাল, গণেশ, corpulent, pot-bellied; Ganesha.

লয়, বিনাশ, গলতি, গুপ্তভাব, অন্তর্ধান, অপবর্গ, সংশ্লেষ, নৃত্য গীতাদিতে পদবিন্যাসাদির সমতা, destruction, loss, dissolution, fusion, melting, concealment, disappearance, final absorption, an embracing, adhering, clinging to, equal time in music and dancing.

লয়গত, লয়প্রাপ্ত,—গলিত, অন্তর্হিত, লুক্কায়িত, পঞ্চত্বপ্রাপ্ত, মুক্ত, dissolved, lost, concealed, dead, absorpt.

ললাট, কপাল, ভাগ্য, the forehead, fate, destiny.

ললিত, সুন্দর, মনোহর, ঈপ্সিত, ঝুলিত, কামুক, লীলা, নায়কদর্শনে অঙ্গ বিন্যাস, beautiful, lovely, desired, coveted, hanging in collops from fatness, dallying, wanton; amorous languishing or other external expression of sensual passion in a female.

লশুন, কন্দ বিশেষ, অরিষ্ট, garlic, cives.

লশুনীয়, মণি বিশেষ, a precious stone called cat's eye.

লহরী, তরঙ্গ, ঊর্ম্মি, ঢেউ, চাঞ্চল্য, অকস্মাদ্বাসনা, a wave, surge, billow, a whim, caprice, fancy.

লা, লাক্ষা,—জতু, জৌ, গালা, lac, the lac insect, sealing-wax.

লাউ, তুম্বী, a gourd, a pumpkin.

লাক, লক্ষ, শত সহস্র, a lac or 100,000.

লাগন, ঠেকন, স্পর্শন, লপ্টন, ভিড়ন, ব্যাপন, বিঁধন, বৈসন, থাটন, ফল ধরণ, পড়ন, ঘটন, ঠিক হওন, মনোনীত হওন, যোড়ন, মিলন, চাহন, উপযুক্ত হওন, প্রবর্ত্তন, কর্ম্মেতে প্রবর্ত্ত হওন, বিরোধ করণ, শত্রুতা করণ, পীড়ান, সকলঙ্ক হওন, to come in contact with, strike, knock, strike against, touch, adhere, stick, cling, to arrive at, reach, take up space, to hit a mark, to take root, settle, take effect, catch (as fire,) to happen, befal, to fit, suit, serve, do, answer, to please, meet one's views, to close, meet, apply to, to accord, agree with, to belong, relate, concern, refer to, to require, take, be necessary, to enter upon, begin, to contend with, oppose, strive to injure, to give pain, hurt, stain, blot

লাগা, সংযোগ, লগ্ন, প্রস্তুত, contact, effect; joined, close, spread as a table, &c.

লাগান, মিলান, যুড়ন, সংযুক্ত করণ, দণ্ডাদি দেওন, লেপন, কলঙ্ক ঘটান, যোটান, ভিড়ান, ঠিক করণ, যোড়ান, স্থাপন, খাটান, আরোপ করণ, ঠেকান, to bring into contact, apply one thing to another, unite, join, add, to inflict, lay upon, to plaster, smear, stain, blot, infect, to pair, couple, moor, bring to shore, lie to, adapt, adjust, fit, suit, mix, fasten, graft, fix in a situation, to employ, set to work, to attribute, ascribe, implicate, appropriate.

লাগানিয়া, লেপনিয়া, মিলানিয়া, a plasterer; applying, bringing into contact, &c.

লাগালাগি, নিকটানিকটি, সংলগ্ন, in close or mutual contact, abreast, adjacent, contiguous.

লাগি, লাগিয়া, লাগে,—জন্যে, কারণ, নিমিত্ত, পানে, for, for the sake of, on account of, towards.

লাগি, লাগ,—সংযোগ, ধরা, junction, contact; -পাওন, কাছান, to reach, to come up with, overtake.

লাঘব, লঘুতা, সূক্ষ্মতা, অল্পতা, তুচ্ছতা, হ্রাস, ন্যূনতা, lightness, easiness, facility, smallness, minuteness, insignificancy, alleviation, mitigation, diminution, a lowering or reduction of price.

লাঘবী, ব্যয়কুণ্ঠ, অল্পব্যয়ী, sparing, frugal, faring hard.

লাঙ্গল, হল, ফুলগাছ বিশেষ, a plough, a flowering plant.

লাঙ্গলা, চাষী, কৃষক, হলবাহক দামড়া, a cultivator, ploughman, an ox used to the plough.

লাঙ্গলিয়া, চাষী, ploughing; a ploughman, husbandman.

লাঙ্গুল, লাঙ্গূল,—পুচ্ছ, লেজ, the tail of an animal.

লাজ, লজ্জা, হ্রী, ত্রপা, shame, modesty, bashfulness.

লাজখেকুয়া, ত্রপারহিত, shameless, impudent, immodest.

লাজুক, লাজুল্যা,—লজ্জাশীল, কুণুয়া, modest, bashful, coy, sheepish.

লাজা, লাজ,—ভাজা ধান্য, খই, rice freed from the husk by frying.

লাঞ্ছন, কলঙ্ক, চিহ্ন, a spot, mark, sign.

লাঞ্ছনা, তিরস্কার, তাড়না, reproach, disgrace, abuse, reproof, [reprehension.

লাঞ্ছিত, নিন্দিত, তিরস্কৃত, সকলঙ্ক, reproached, marked, notorious.

লাট, প্যাক, ঝঞ্ঝাট, কোঁকড়ানি, an entanglement, intricacy, confusion, disorder, a rumple, rumpling.

লাটিম, খেলিবার বস্তু, a plaything, a toy, a top. [pole.

লাটী, লাঠী,—যষ্টি, বাড়ী, a stick, cane, staff, mace, bludgeon,

লাড়ন, ঢুলান, হেলান, সরাণ, to shake, agitate, move, to wave the hand, to displace, shift, remove.

লাড়া, ছেদিত শস্যের মূল, হেলান, সরাণ, stubble, a shaking, &c; shaken displaced, &c.

লাড়ু, গোলাকার মিষ্টান্ন, a kind of sweetmeat balls, comfits.

লাৎ, লাথী,—পদাঘাত, a kick. [caper.

লাফ-1, ঝাঁপ, লম্ফ, উৎপ্লব, কুন্দনি, a jump, leap, spring, flounce,

লাফড়িংরা, দুর্দান্ত, টেঁটা, overleaping all bounds, insolent, bold.

লাফন, লম্ফ করণ, কুন্দন, আস্ফালন, উৎপ্লবন, to leap, jump, frisk, spring, flounce, vault, canter, gallop.

লাবণিক, লবণাক্ত, লবণসম্বন্ধীয়, লোণা, লবণবিক্রেতা, salted, dressed with salt, of or relating to salt; a vender of salt, a salt-dealer. [saltness.

লাবণ্য, সৌন্দর্য্য, লবণরস, beauty, gracefulnes, loveliness,

লাভ, উপার্জন, প্রাপ্তি, কামাই, ফল, বৃদ্ধি, ব্যাজ, gain, profit, advantage, benefit, acquisition, earnings, income, produce, interest, discount.

লাভকর, প্রাপ্তিজনক, ফলদ, gainful, profitable, advantageous.

লাভভুক্, বৃদ্ধিজীবী, উত্তমর্ণ, living on interest; a usurer, money-lender. [cess, gains.

লাভালাভ, ফলাফল, উপার্জন, profit and loss, degree of suc-

লাম্পট্য, কামুকতা, ব্যভিচার, lewdness, lasciviousness, fornication.

লাল-1, থুথু, ছেপ, নিষ্ঠীব, slaver, dribble, saliva, spittle.

লালচ, অতিশয় স্পৃহা, লাভেচ্ছা, লিপ্সা, লোভ, strong desire, covetousness, avarice, a lure, inducement.

লালচিয়া, অত্যন্তলোভী, লিপ্সু, inordinately desirous, greedy, covetous, avaricious. [carefully.

লালন, বাৎসল্য করণ, স্নেহপূর্ব্বক পালন, to caress, fondle, nourish

লালসা, অত্যন্তপ্রাপ্তীচ্ছা, লিপ্সা, লোভ, ভোগা, ardent longing, excessive desire, eagerness for, coveting, avarice, an inducement, lure, allurement, enticement.

লালস্যা, লালসিক,—লিপ্সু, লোভী, covetous, greedy, very desirous.

লালাটিক, অদৃষ্টাধীন, দৈবপরায়ণ, predestined, fated, arising from fate; a predestinarian, a fatalist.

লালিত্য, কোমলতা, রম্যতা, প্রিয়ভাব, সুরস, gentleness, sweetness, loveliness, pleasure, agreeableness, pleasantness, flavour.

লালুক, লালুয়া,—থুথু ফেলক, গলাটিয়া, a slabberer, sputterer; thin, worn.

লাস্য, লাস,—নৃত্য, হাবভাব, dancing, dalliance, wanton gesture or other indication of passion.

লাহা, লা, লাক্ষা, জতু, lac, the lac insect, sealing wax.

লিখন, রচন, লিপি কিম্বা চিত্র করণ, লেখা, লিখিত পত্র, লিখিবার পাত, to write, compose, record, draw, paint; a writing, written document, letter, record, paper.

লিঙ্গ, চিহ্ন, পুরুষাঙ্গ, পুংস্ত্ব, রূপ, প্রকৃতি, a mark, sign, token, pudendum virile, the phallus or emblem of Shiva, gender (in grammar,) nature or the active power in creation.

লিঙ্গার্চক, শিবপরায়ণ, শিবলিঙ্গপূজক, a worshipper of the phallus or emblem of Shiva.

লিপি, লেখা, লিখিতপত্র, চিত্র, ছবি, a writing, document, letter, record, handwriting, drawing, delineation.

লিপিকর, লিপিকার,—লেখক, বর্ণক, চিত্রকর, a writer, scribe, painter, delineator.

লিপিসজ্জা, লিখিবার প্রয়োজনীয় বস্তু, stationery, writing materials.

লিপ্ত, লেপিত, অক্ত, মিলিত, সংশ্লিষ্ট নিবিড়, জড়িত, সংযুক্ত, smeared, spread, covered over, tainted or infected with, closely connected or united with, thick, close, crowded, united.

লিপ্তপা, লেপাপা, পাতাপা, web-footed.

লিপ্সা, লাভেচ্ছা, অভিলাষ, প্রণয়, cupidity, desire of gain, covetousness, wish, desire, good-will.

লিপ্সিত, লাভেচ্ছু, লিপ্ত, অভিলষিত, coveted, desired, greedily sought after, united, engaged or involved in.

লিপ্সু, লোভী, লাভেচ্ছুক, coveting, covetous, desirous of gain.

লীন, দ্রবীভূত, গলিত, মুক্ত, আবিষ্ট, তন্ময়, সংশ্লিষ্ট, dissolved, melted, absorpt, absorbed in, intimately mixed or united with.

লীলা, পরিহাস, ক্রীড়া, বিহার, শৃঙ্গার, ভাব, play, sport, pastime, diversion, amorous dalliance, toying, wanton sport, lasciviousness, a female's amorous imitation of her lover's gait, &c.

লুই, লোমময় বস্ত্র বিশেষ, a sort of flannel.

লুকন, প্রচ্ছন্ন ভাবে থাকন, পলায়ন, ছাপন, to hide, lie hid or concealed, to lurk, skulk, abscond, vanish, to elude search or discovery.

লুকান, ছাপন, গুপ্ত করণ, ঢাকন, ছাপান, *id*: also to conceal, secrete, veil, suppress, dissemble.

লুক্কায়িত, গুপ্ত, পলায়িত, hidden, concealed, close, absconded.

লুচি, মিষ্টান্ন বিশেষ, a sort of sweetmeat.

লুঙ্গী, চিত্রিত স্ত্রীবস্ত্র বিশেষ, a coloured cloth worn as a petticoat.

লুট-১, বলেতে গ্রহণ, অপহার, a plundering, pillaging, capture, plunder, booty, prey, spoil, peculation.

লুটন-আন, অপহরণ, উজ্জট করণ, উড়ান, to plunder, pillage, rob, ravage, forage, sack, ransack, peculate, squander, waste.

লুটনিয়া, অপহারক, দস্যু, plundering, pillaging, &c; a plunderer, robber.

লুটানিয়া, অপহারক, নিঙ্গড়ানিয়া, উড়ানিয়া, বহুব্যয়ী, a peculator, spendthrift; plundering, &c. rapacious, lavish.

লুটিয়ারা, লুটেরা,—দস্যু, নিঙ্গড়ানিয়া, a plunderer, open robber, rapacious person, peculator.

লুটী, ফেটী, তাল, a skein or ball of thread, a clew, a wadding.

লুঠন, লুণ্ঠন,—ভূমিতে ইতস্ততঃ পার্শ্ব পরিবর্ত্তন, বিলোড়ন, গড়াগড়ি দেওন, to roll on the ground, wallow, tumble about, writhe or toss about in pain, &c.

লুড়ী, ক্ষুদ্র প্রস্তরখণ্ড, গুলি, গুটিকা, a small piece of stone, a pebble, a ball, a lottery ticket.

লুণিয়া, লবণবিক্রেতা, a dealer in salt.

লুপ্ত, অন্তর্হিত, গুপ্ত, মিটান,, অচলিত, নির্বাণ, পতিত, disappeared, concealed, obliterated, superseded, obsolete, disused, extinct, dropped, omitted.

লুফন, উৎক্ষিপ্ত তালাদি ধরণ, to catch a ball or other thing thrown to one.

লুব্ধ, লোভী, লিপ্সু, desirous of, covetous, avaricious, [greedy.

লুব্ধক, লোলুপ, ব্যাধ, পক্ষিমারা, *id:* also a hunter, a fowler.
লুলিত, ঝুলিত, তোবড়া, hanging in collops, wrinkled. [by it.
লূতা, মাকড়সা, তজ্জনিত জ্বলা, a spider, inflammation caused
লূতাজাল বা তন্তু, মাকড়সার জাল, a spider's web, a cobweb.
লেই, মণ্ড, কাই, paste, starch. [clerk.
লেখক, লিপিকর, মসীজীবী, a writer, scribe, copyist, secretary,
লেখন, লিপি কিম্বা চিত্র করণ, লিপি, to write, register, draw; a writing, document, &c. [chers.
লেখনপড়ন, লিপি, পাতীপত্র, প্রমাণপত্র, written documents, vou-
লেখনিক, পরপরিবর্ত্তে স্বাক্ষরকারক, one who signs a writing for another. [plement.
লেখনী, লিখিবার দণ্ড, ভাস্করের অস্ত্র, a pen, style, graving im-
লেখা, লিপি, পত্র, চিহ্ন, রেখা, সংখ্যা, লিখিত, writing, a writing, handwriting, a mark, stroke, an account, calculation; written.
লেখাপড়া, পাতীপত্র, লিপি, পাঠশালাতে শিক্ষাকরা, records, writings, written documents, reading and writing.
লেখালেখি, পত্র চালাচালি, written correspondence.
লেখ্য, বিষয় সম্বলিত লিপি, proper to be written; a voucher.
লেজ, লাঙ্গুল, পুচ্ছ, the tail of an animal, a crupper.
লেটা, ব্যাঘাত, ঝঞ্ঝাট, a difficulty, obstacle, embarrassment.
লেপ, মাখনীয় দ্রব্য, বালীচূণ, মাখা, পোঁচ, রেজাই, a plaister, ointment, unguent, lime, mortar, a plastering, smearing, a rug or quilt. [terer, bricklayer.
লেপক, লেপনিয়া,—মাখনিয়া, লাগানিয়া, smearing, &c; a plas-
লেপন, ম্রক্ষণ, মাখন, লাগান, to smear, anoint, plaster, spread.
লেপা, ম্রক্ষিত, মধ্যস্থিত মাংসযুক্ত, smeared, plastered, &c. connected by a membrane.
লেপাপা, পাতাপা, লিপ্তপা, web-footed.
লেবু, লেবূ,—জম্বীর, নারাঙ্গী, a lime, lemon or orange.
লেম, ঐক্য, মেল, সন্ধি, agreement, unity, peace.
লেলান, কুকুরকে ডাকন, to call a dog.
লেশ, কিঞ্চিৎ, অল্প, বিন্দু, মাত্র, সংশ্লেষ, কণা, স্ফুলিঙ্গ, a small portion, the smallest quantity, an atom, tinge, tincture, a particle, a spark.
লেহন, জিহ্বাতে গ্রহণ, চাটন, to lick, lap; taste with the tongue.

লেহাই, লেই, মণ্ড, কাই, starch, paste.
লেহ্য, লেহনযোগ্য, চাটিম, that may be licked or lapped.
লোক, জন, ব্যক্তি, জগৎ, ভুবন, a person, man, mankind, folk, people, the world, a region. [usage.
লোকতঃ, প্রচরদ্রূপে, সর্ব্বতঃ, commonly, according to common
লোকন, দর্শন, হেরণ, নিরীক্ষণ, to view, look, see, survey.
লোকপাল, রাজা, ইন্দ্রাদি দশ, a king, a sovereign, Indra, &c.
লোকবাদ, জনরব, কথা, a rumour, report, fame, talk.
লোকভয়, লোককৃতাপবাদশঙ্কা, fear of the world, dread of public opinion.
লোকযাত্রা, লৌকিক ব্যবহার, হটা, the business of the world, a procession, fair, market, concourse of people.
লোকান্তর, পরলোক, মরণ, another world, futurity, hereafter, death. [opprobrium.
লোকাপবাদ, লোকতঃ তিরস্কার, public disapprobation, general
লোকারণ্য, বহুলোকের সমাগম, বহুলোক, ঘটা, a concourse of people, multitude, crowd, throng, large population.
লোকালয়, মনুষ্যের বাসস্থান, নগর, গ্রাম, a habitation of men, a town, a village. [world.
লোকালোক, পৃথিবীবেষ্টিত পর্ব্বত, the supposed boundary of the
লোচন, চক্ষু, নেত্র, দর্শন, the eye, vision, act of looking, &c.
লোটন, অবলুণ্ঠন, বলেতে পরদ্রব্য গ্রহণ, কপোত বিশেষ, বদ্ধ কেশ, to roll, wallow or tumble about, to plunder; a tumbler-pigeon, a braid of hair.
লোটা, ধাতুময় জলপাত্র, ঝুলিত, a brass pitcher or water-jug; hanging, dangling, pendant.
লোটাকাণ, ঝুলিতকর্ণ, দীর্ঘকর্ণবিশিষ্ট, flap-eared.
লোটান, ফেলিয়া দেওন, বিলোড়ন, ঝুলন, অবলুণ্ঠন, to throw down or about, toss, agitate, to lie or hang loosely; dangle, toss or roll about. [roller.
লোড়া, পিষিবার প্রস্তর খণ্ড, ভলনা, a small wooden or stone
লোণ, লবণ, সৈন্ধব, করকচ, salt.
লোণা, লবণযুক্ত, ক্ষারযুক্ত ভূমি, আতাফল বিশেষ, salt, saltish, brackish, unfruitful (land;) a species of custard-apple. [share of spoil.
লোত, লুটিত ধনাদি, চোর্য্য, plunder, booty, stolen goods, a

লোপ, বিনাশ, ধ্বংশ, নির্বাণ, অন্তর্ধান, অব্যবহার, মিটানি, অধ্যাহার, ব্যয়, অপচয়, অপহরণ, destruction, perdition, extinction, oblivion, disappearance, discontinuance, disuse, obsoleteness, erasure, obliteration, disannulling, the dropping or omission of a letter, &c. an ellipsis, total expenditure, loss, squandering, embezzlement.

লোপ্ত্র, চৌর্য্যধন, লুট, a stolen article, plunder, booty. [&c.

লোপ্য, নশ্বর, ধ্বংস্য, destructible, perishable, expungible,

লোফন, ঊর্দ্ধক্ষিপ্ত গোলা ধরণ, to catch a ball, &c. thrown up.

লোভ, লিপ্সা, প্রাপ্তীচ্ছা, আহারে অতিশয় ইচ্ছা, ভোগা, লালচ, inordinate desire, cupidity, covetousness, avarice, greediness, an enticement, lure, bait, inducement, temptation, an object of desire.

লোভনীয়, যাহাতে লোভ জন্মে, লালসা প্রবর্ত্তক, alluring, tempting, exciting desire or cupidity. [epicure.

লোভা-ন্বিত, লিপ্সু, সুভোক্তা, covetous, avaricious, greedy; an

লোভান, লোভ দেখান, ভুলান, প্রবৃত্তি জন্মান, to entice, allure, tempt, to incite, stimulate.

লোভামী, অত্যন্ত প্রাপ্তীচ্ছা, সুভোক্তৃতা, a grasping, greed, greediness, covetousness, epicurism.

লোভী, লুব্ধ,লিপ্সু,অঘর, very desirous,greedy,covetous,eager after, voracious. [or coveted.

লোভ্য, লোভের বিষয়,অভিলষিত, desirable; the object desired

লোম, রোম, রোঁআ, তনূরুহ, আঁশ, the hair of the body in men or beasts, a tuft of hair, nap, wool, fur.

লোমকূপ, তনূকূপ, লোমের মূল, the pores of the skin. [lular.

লোমকূপবৎ, তনূকূপের ন্যায় ছিদ্রময়, full of pores, porous, cel-

লোমশ, সর্ব্বাঙ্গে লোমযুক্ত, কেশর, আঁশযুক্ত, covered with hair or fur, hairy, shaggy, woolly.

লোমাঞ্চ, লোমহর্ষণ,—পুলক, শিহরণ, গাকাঁটা, erection of the hairs of the body through fear or surprize, horripilation, a bristling up.

লোমাঞ্চিত, লোমাঞ্চযুক্ত,পুলকিতশরীর, having the hair erect through violent agitation. [breast to navel.

লোমশ্রেণী, লোমাবলি,—বক্ষস্থলের লোম, the line of hair from

লোল, কম্পমান, চপল, ঢীলা, শ্লথ, কামাতুর, ইচ্ছুক, চঞ্চল, tremulous, shaking, hanging loosely, slack, flabby, lolling, desirous, concupiscent, eager, fickle.

লোলক, ঝুলিত, নাসিকাভরণ, pendant, swinging; a nose-jewel.

লোলা, অভিলাষ, লিপ্সা, লক্ষ্মী, চপলা, desire, cupidity, eagerness, Lakshmí goddess of fortune; *f.* fickle, &c.

লোলিত, ঝুলিত, শ্লথ, কম্পিত, loose, hanging in collops, flabby, slack, pendent, tremulous.

লোলুপ, অতিশয় লোভী, বৃদ্ধ্যাকাঙ্ক্ষী, অম্বর, eagerly desirous, covetous, ambitious, greedy, voracious.

লোষ্ট্র, লোষ্ট,—ডেলা, মৃৎখণ্ড, ঘাসের গুচ্ছ, a clod, lump of earth, a tuft of grass, &c.

লোহ-1, অয়স্, স্বর্ণাদি তৈজস, iron, any metal.

লোহ, লৌ,—শোণিত, রক্ত, blood.

লোহকান্ত, চুম্বক পাথর, অয়স্কান্ত, the load-stone.

লোহকার, লোহার,—কর্ম্মকার, কামার, a blacksmith, ironfounder.

লোহাম্বটিত, লৌহরসযুক্ত জল, chalybeate, impregnated with iron.

লোহিত, রাঙ্গা, রক্ত, শোণিত, red, sanguine; blood.

লোহিতনয়ন, রাঙ্গাচক্ষুয়া, প্রচণ্ড, having the eyes red with rage, angry, furious, wrathful.

লোহিতমুখ, রক্তাস্য, রাঙ্গামুখ, blushing, red-faced, inflamed with anger.

লৌকিক, লোকপ্রসিদ্ধ, চলন, ব্যবহৃত, সাংসারিক, popular, vulgar, common, current, customary, human, worldly, mundane.

লৌকিকতা, বিদায়ী, ব্যবহার্য্যতা, a parting present, popularity, common usage.

লৌটি, ভাঁটা, গেঁণ্ডুক, a ball for playing with.

লৌহ, লোহা, ঔষধ বিশেষ, iron, a medicinal preparation of iron scoriæ.

## শ.

শক,* শাল, বৎসরের সংখ্যা বিশেষ, চিহ্ন, কীর্ত্তি, বাঞ্ছা, one who gives name to an æra, as Shálivàhana, &c. an æra, memorial, token, fame, a wish, desire.

শকট, ক্ষুদ্র রথ, গাড়ী, চতুর্থ নক্ষত্র, a carriage, cart, cart-load, the 4th lunar mansion.

শকড়া, শকট, গাড়ী, রথ, a cart, a car.

শকরকন্দ, শর্করাকন্দ, মিষ্টরসবিশিষ্ট রক্তবর্ণ আলু, the sweet-potatoe.
শকাব্দা, বৎসরের সংখ্যা বিশেষ, শাক, a particular year of any æra chiefly of that of Shálivahana.
শকুন, শকুনি, শগুন,—গৃধ্র, গিধিনী, a vulture.
শক্ত, দৃঢ়, স্তব্ধ, কঠিন, মড়কা, চিরস্থায়ী, বলবান্, সমর্থ, দক্ষ, নিপুণ, শ্রমী, প্রচণ্ড, কর্কশ, অদাতা, নির্দয়, কঠোর, দুর্জ্ঞেয়, পীড়াকর, tight, fast, firm, compact, stiff, hard, tough, rigid, inflexible, brittle, solid, durable, strong, valid, able, powerful, vigorous, capable, clever, indefatigable, diligent, violent, vehement, austere, morose, illiberal, cruel, severe, sharp, stern, arduous, difficult, abstruse, obscure, painful, poignant. [severity, rigour.
শক্তাই, বল, দৃঢ়ভাব, কাঠিন্য, strength, tightness, hardness,
শক্তি, সামর্থ্য, বল, বিক্রম, বিষমতা, যোগ্যতা, কল্প, ক্ষমতা, অনুমতি, দেবী, শেল, power, ability, energy, strength, validity, force, vigour, valour, violence, severity, worthiness, liberty, option, permission, authority, warrant, a female deity, the personified energy or wife of a god, a spear.
শক্তিমান্, বলবান্, ক্ষমতাপন্ন, বিক্রমী, strong, able, powerful, mighty, energetic. [grain.
শক্তু, ভুষ্ট যবাদি চূর্ণ, ছাতু, the flour of fried barley or other
শক্য, যত্নদ্বারা নিষ্পাদ্য, সাধ্য, প্রতিপাদ্য, possible, practicable, effectible; the meaning of a word.
শক্রধনুঃ, ধনুরাকারে সূর্য্যের তেজ, Indra's bow, *i. e.* the rainbow.
শঙ্কনীয়, ভয়ের বিষয়, deserving to be feared, to be dreaded or suspected. [Shiva.
শঙ্কর, শুভ, মঙ্গল, শিব, auspicious, propitious, fortunate;
শঙ্কা, সন্দেহ, ভয়, ত্রাস, সঙ্কট, দায়, suspicion, fear, dread, fright, alarm, terror, awe, danger, peril.
শঙ্কান্বিত, ভয়যুক্ত, সন্দিগ্ধ, ত্রস্ত, afraid, frightened, affrighted, alarmed, timid, fearful.
শঙ্কিত, ভীত, ত্রাসযুক্ত, অনিশ্চিত, *id*: also doubtful, uncertain, doubted, suspected. [gnomon.
শঙ্কু, শেল, গোঁজ, কীলক, কাঁটা, a javelin, spike, pole, stake, pin,

শঙ্খ, শাঁখ, কম্বু, এক শত খর্ব, a conch used for libations, or as a blowing-horn ; 100 billions. [shell.

শঙ্খ-ক, স্ত্রীলোকের করভূষা, a bracelet made from the conch

শঙ্খকার, শাঁখারী, a shell-worker, maker of bracelets, &c.

শঙ্খিনী, বিশেষ লক্ষণাক্রান্তা স্ত্রী, ছায়া, a poetical description or class of women, an apparition, a fairy.

শজারু, শল্লকী, a porcupine.

শজিনা, শজনা, শজন্যা,—শোভাঞ্জন বৃক্ষ, the horse-radish tree.

শটিত, বাসি, ছাতাপড়া, যাতযাম, musty, stale, old.

শটী, শঠী,—বনহরিদ্রা. zedoary or mango-scented ginger.

শঠ, ধূর্ত্ত, কুটিল, ক্রূর, দুষ্ট, বিটল, deceitful, knavish, over-reaching, swindling, artful, crafty, insincere, wicked, depraved; a rogue, knave, cheat, sharper, villain. [lusion, &c.

শঠতা, ধূর্ত্ততা, ছলনা, তন্ত্রতা, knavery, craftiness, deceit, col-

শড়-া, সূক্ষ্ম, তনু, ক্ষুদ্র, সরু, ক্ষীণ, small, minute, little, insignificant, thin, slender. [spare.

শড়ঙ্গা, শড়িঙ্গ্যা,—ডিঙ্গী, দীর্ঘ, ক্ষীণ, a canoe ; long, tall, slender,

শণ, তৃণ বিশেষ, the Bengal hemp-plant, hemp.

শণসূত্র, শণনির্ম্মিত জাল, a net made of hemp.

শণ্ড, শাঁড়,—ষাঁড়, ক্লীব, পশু, a bull, an ox, a natural eunuch or hermaphrodite.

শণ্ড-া, চাষা, মূর্খ, অজ্ঞান, a clown, an ignorant bumpkin.

শণ্ডতা, মুষ্কমুক্তি, ক্লীবতা, বৃষের মুক্তভাব, emasculation, impotence, the state of a bull at liberty.

শত, শতক,—শও, এক সহস্রের দশম ভাগ, a hundred.

শতপথিক, বহুপথগামী, বহুমতাবলম্বী, following many ways, embracing many doctrines.

শতপদী, কর্ণজলৌকা, কেন্নো, বিছা, a centipede.

শতভিষা, চতুর্বিংশতি নক্ষত্র, the 24th lunar mansion.

শতমূল-ী, লতা বিশেষ, the climbing asparagus.

শতরঞ্জ, শতরিঞ্জ,—বিচিত্র সূত্রময় আসন, দরী, a floor-cloth, a carpet, chess-carpet. [per hundred, &c.

শতিক, শত সম্বন্ধীয়, শতং, relating to or denoting a hundred,

শত্রু, রিপু, বিপক্ষ, an enemy, foe, adversary, opponent.

শত্রুতা, বৈরি ভাব, বিপক্ষতা, দ্বেষ, enmity, hostility; strife.

শনি, শনৈশ্চর,—সপ্তম গ্রহ, the planet Saturn or its regent.
শনিবার, হপ্তাহের সপ্তম দিবস, saturday.
শনৈঃ, শনৈঃশনৈঃ,—মন্দে, ধীরে, ক্রমে, slowly, tardily, gently, deliberately, gradually.
শন্নি, বিন্দু, বিপ্রুষ, a dot, a point, a cypher, the mark (॰).
শপথ, দিব্য, শাঁপ, মন্দবাঞ্ছা, an oath, imprecation, curse.
শপথপত্র, দিব্যপূর্ব্বক সাক্ষ্য, an affidavit or testimony on oath.
শপ্ত, শাঁপগ্রস্ত, cursed, execrated, anathematized.
শফ, খুর, বৃক্ষমূল, a hoof, a horse's hoof, the root of a tree.
শব, মৃত শরীর, মরা, a corpse, dead body, carcase.
শবদাহ, মরার পোড়ন, the burning of a corpse. [outcast.
শবর, ম্লেচ্ছ, চুয়াড়, কিরাত, a barbarian, savage, mountaineer,
শবসাধন, মরার উপরে বসিয়া জপকরা, a superstitious exercise performed while seated on a dead body.
শব্দ, ধ্বনি, স্বর, নিনাদ, রব, বাক্য, বিশেষ্য পদ, a sound, noise, roar, report, tone, voice, word, speech, a declinable word, a noun, &c.
শব্দকর, ধ্বনিকারী, ঠঙ্‌নিয়া, স্বরবান্, sounding, making a noise, &c. sonorous. [dictionary.
শব্দকোষ বা সংগ্রহ,—অভিধান, a vocabulary of nouns, &c. a
শব্দগুহ, কর্ণ, বাক্যবোধ, the ear, comprehension of words, &c.
শব্দচোর, পদহর, a plagiary, plagiarist.
শব্দযোনি, শব্দাকর,—ধাতু, a dhátu or verbal root.
শব্দাতীত, বাক্যাগম্য, ব্রহ্ম, পরমেশ্বর, God *i. e.* he who is beyond the reach of sound. [sound.
শব্দার্থ, স্বরের অভিপ্রায়, the object or meaning of a word or
শম, বহিরিন্দ্রিয়নিগ্রহ, বৈরাগ্য, কামক্রোধাদি নাশ, শান্তি, সুখ, restraint of the senses, absence of passion, stoicism, ascetic indifference, devout abstraction, quietism, mental tranquillity, placidity, calmness, calm, quiet, rest.
শমতা, শান্তি, ধৈর্য্য, উপশম, tranquillity, quietude, alleviation or amendment of a disease.
শমন, মনের ধীরতা, যজ্ঞার্থে পশু হনন, যম, প্রোক্ষণ, mental tranquillity, immolation of beasts, Yama.
শমী, ছিমড়ী, বৃক্ষ বিশেষ, a pod, legume, a species of Mimosa.

শমীধান্য, মুগ মাষকলায় আদি, leguminous grain, as peas, &c.
শম্বুক, শামুক, শুক্তি, শুগলী, a bivalve shell, a snail.
শয়চান, শ্যেনপক্ষী, a hawk or falcon.
শয়ন, ঘুমন, নিদ্রা যাওন, নিদ্রা, to lie down, recline; sleep, [repose.
শয়নঘর বা গৃহ,—নিদ্রাগার, ঘুমনশালা, a bedroom, bedchamber.
শয়নীয়, শয়নের যোগ্য, proper for repose, fit for lying down.
শয়িত, নিদ্রাপ্রাপ্ত, ঘুমান, lying down, asleep, reclined.
শয্যা, যাহাতে শয়ন করা যায়, বিছানা, a bed, a couch, a sopha.
শর, তীর, বাণ, নল বিশেষ, দুগ্ধের সারভাগ, an arrow, the bore or swell of the tide, a sort of grass or reed, cream, the scum of milk.
শরজাল, বিক্ষিপ্ত তীর সমূহ, a thick discharge of arrows.
শরট, কাঁকলাস, a lizard, a chamelion.
শরণ, আশ্রয়, প্রতিপালক, রক্ষাকর্ত্তা, a refuge, shelter, defence, protection, protector.
শরণাগত, শরণাপন্ন,—আশ্রিত, অবলম্বী, অবলম্বিত, বশতাপন্ন, a refugee, one who takes refuge or shelter in another, under protection of, relying on, supported by, surrendering, calling for quarter.
শরণ্য, অবলম্বনীয়, আশ্রেয়, আশ্রয়, রক্ষক, fit to be made a refuge or shelter, worthy of dependance; a refuge, defence, protection, protector.
শরৎ-কাল, আশ্বিন কার্ত্তিক, বর্ষাকালের পর দুইমাস, the autumnal or sultry season, the two months after the rains.
শরবর্ষণ, শরবৃষ্টি,—বাণজাল, a shower of arrows.
শরব্য, লক্ষ্য, a butt, a mark to shoot at.
শরা-ব, মৃৎপাত্র বিশেষ, a shallow earthen basin or pot-cover.
শরাসন, ধনুক, a bow, *q. d.* that in which an arrow is fixed.
শরীর, দেহ, প্রাণাধার, প্রপঞ্চ, the body, a material frame, matter.
শরীরগ, কীট, a reptile, a worm, *i. e.* creeping on the body.
সংহত, প্রহারিত, ক্ষত, নষ্ট, সংলগ্ন, যুক্ত, struck, wounded, killed, destroyed, compact, close, inclined, brought together, joined.
সংহতজানু ক, সংলগ্ন জানুবিশিষ্ট ব্যক্তি, knock-kneed.
সংহতি, সমূহ, রাশি, সঞ্চয়, an assemblage, heap, collection.
সংহরণ, সংহার—বিনাশ, অবঘাত, বধ, destruction, ruin, murder.
সংহর্ত্তা, বধকর্ত্তা, অপঘাতক, a destroyer, a murderer.
সংহারক, সংহারী, সংহারু,—বিনাশক, বধিক, সাংঘাতিক, *id*: *also* destructive, ruinous, murderous, fatal.
সংহারণ, বিনাশন, ঘাতন, to destroy, ruin, annihilate, murder.
সংহিত, সঞ্চিত, একত্রীভূত, সংযুক্ত, collected, joined, attached.
সংহিতা, শাখা, বেদের পরিচ্ছিন্ন বাক্য বিন্যাস, a peculiar arrangement of the Vedas into short divisions.
সকণ্টক, কণ্টকী, দুষ্কর, thorny, prickly, troublesome, difficult.
সকর, রাজস্বাধীন, paying revenue, chargeable with a tax.
সকরুণ, দয়াবান্, বিলাপসূচক, merciful, compassionate, plaintive.
সকর্ম্মক, ক্রিয়াসূচক ধাতু, active or transitive, (in grammar.)
সকল, সমুদায়, সমস্ত, অখিল, অখণ্ড, প্রত্যেক, all, whole, entire, with all its parts, every, each.
সকলে, একুনে, গড়ে, in amount, altogether, in the gross.
সকলঙ্ক, কলঙ্কযুক্ত, তিরস্কৃত, full of stains, defiled, disgraced, &c.
সকাম, ভাবযুক্ত, লম্পট, অভীষ্টসিদ্ধ, ফলার্থ ক্রিয়া, full of desire, sensual, amorous, possessed of the desired object, performed from the desire of future fruition or recompense.

সকারবকার, পচালবাক্য, অনর্থক বাক্য, obscene talk, nonsense.
সকাল, প্রাতঃ, ভোর, প্রত্যুষ, the morning, the early dawn.
সকালে, ভোরে, early, betimes, in the morning. [cent.
সকুল, জ্ঞাতি, a kinsman, one of the same family or des-
সকুল্য, সপ্তম পুরুষের পর দশম পুরুষ পর্যন্ত, a kinsman within the three degrees from the 8th to the 10th generation inclusive from a common ancestor.
সকৃৎ, একবার, বিষ্ঠা, once, at once; fæces, ordure, excrement.
সক্ষম, ক্ষমতাপন্ন, নিপুণ, উপযুক্ত, able, qualified, clever, expert, fit for, competent. [on, intimate.
সখা, সখি,—বন্ধু, পরিচয়, মিত্র, a friend, associate, compani-
সখী, সঁই, স্ত্রীবন্ধু, বয়স্যা, মিত্রা, a female friend, a confidante.
সখ্য, সখিতা,—বন্ধুতা, মিত্রতা, close intimacy, friendship.
সগড়-1, শকট, গাড়ী, a cart, car, waggon. [or smell.
সগন্ধ, বাসিত, বাসযুক্ত, perfumed, scented, having a scent
সগর্ভ, সহোদর ভ্রাতা, a brother of whole blood.
সগর্ভা, গর্ভিণী, সসত্ত্বা, pregnant, with child, impregnated.
সগুণ, গুণবান্, পণ্ডিত, ব্রহ্ম, খরপত্র বৃক্ষ, possessed of attributes or qualities, learned, skilful, clever, God as possessing the three properties or powers of creation, preservation and provision, Teak-wood.
সগোত্র, জ্ঞাতি, বান্ধব, গোত্র সুদ্ধ, one of the same family descent, a kinsman; with all one's race.
সঙ্কট, দায়, বিপদ, অগম্য, কঠিন, অপ্রশস্ত, সঙ্কীর্ণ, ঘন, a difficulty, perplexity, danger, calamity; impervious, impassable, difficult, narrow, unsafe, crowded.
সঙ্কর, উভয় বর্ণ হইতে উৎপন্ন সন্তান, চণ্ডাল, মিশ্রকর, মিশ্রিত, মিলন, শ্লেষ, of mixed race or cast, of impure origin from intermixture of the casts, mixing, blending, mixed, compound; mixture, a blending.
সঙ্কলন, একুনকরা, সঞ্চয়ন, মিশ্রণ, একত্রীকরণ, মিলান, সংযোগ, arithmetical addition, a collecting, heaping up, intermixing, blending, intertwining, contact, junction.
সঙ্কলিত, একত্রীকৃত, মিশ্রিত, যুক্ত, যোড়ান, স্তূপীকৃত, added, blended, intermixed, joined, intertwined, collected, piled or heaped up as corn.

সঙ্কল্প, প্রবৃত্তি, মানস, কল্পনা, বৈদিক কর্ম্মের প্রতিজ্ঞা, ব্রত, intention, will, volition, thought, contrivance, a religious vow.

সঙ্কল্পিত, অভিপ্রেত, নিয়মিত, কৌশলসৃষ্ট, intended, willed, vowed, contrived, &c.

সঙ্কাশ, দীপ্তি, সদৃশ, light, splendour; *affix*: like, similar.

সঙ্কীর্ণ, অপ্রশস্ত, সরু, সঙ্কট, অল্প, ব্যাপ্ত, সঞ্চিত, মিশ্রিত, সঙ্কর, অশুদ্ধ, confined, limited, close, narrow, scanty, small, crowded, spread, diffused, collected, compounded, mixed, impure.

সঙ্কীর্ত্তন, গুণকথন, স্তবন, to celebrate, praise, extol, magnify.

সঙ্কুচিত, তোবড়া, সঙ্কীর্ণ, অপ্রকাশিত, অপ্রফুল্ল, ত্রাসশীল, লাজুক, shrivelled, contracted, narrowed, closed, unblown, timid, diffident, shrinking. [crowded.

সঙ্কুল, আকুল, ব্যস্ত, সঙ্কট, agitated, perplexed, distressed, crowded.

সঙ্কেত, ঠার, শব্দের অর্থ প্রকাশক শক্তি অর্থাৎ প্রকারান্তরে কহা, ইঙ্গিত, a sign, signal, token, wink, nod, assignation, hint, inuendo, allusion, obscure intimation, indirect expression.

সঙ্কেতবাক্য, ইঙ্গিতবাক্য, ঠারাদি, a hint, slight allusion, suggestion.

সঙ্কেতে, ইঙ্গিতে, প্রকারান্তরে, কৌশলে, indirectly, by signs or hints, by collusion or secret agreement.

সঙ্কোচ, তোবড়ানি, কুঁকড়ন, কুণ্ঠতা, সমাদর, a shrivelling up, contraction, withdrawing or shrinking from, backwardness, diffidence, respect.

সঙ্কোচী, কুণুয়া, কুণ্ঠিত, সম্মানকর, diffident, timid, drawing back, respectful.

সঙ্গ, সাহিত্য, মেল, সংযোগ, society, association, meeting, junction.

সঙ্গত, যথাযোগ্য, সংলগ্ন, যথার্থ, সম্ভব, সংযুক্ত, proper, just, adequate, appropriate, relevant, apposite, applicable, coherent, consistent, probable, united, come together.

সঙ্গতব্যয়, পরিমিতব্যয়, অল্পব্যয়, prudent expenditure, thrift, economy.

সঙ্গতি, মেল, সুযোগ, সম্ভাবনা, সময়, যোত্র, প্রতুল, association, meeting, accession to a party, agreement with, appropriateness, relevancy, probability, opportunity, income, means, property.

সঙ্গম, মেলন, সন্ধি, প্রণয়, সমারোহ, সংযোগ, মৈথুন, a meeting, union, association, coming together, concourse, confluence, junction, sexual intercourse.

সঙ্গী, সখা, মিত্র, অনুচর, সাথী, অনুগামী, a companion, friend, accomplice, attendant, adherent; attached to, accompanying, uniting with.

সঙ্গে, সহিত, সাথে, মধ্যে, in company or together with, with, along with, conjointly, together, among.

সঙ্গ্যা, সখা, ভাগী, অনুগত, a companion, accomplice, adherent.

সঙ্ঘ, সঙ্ঘাত, সমূহ, পাল, সঞ্চয়, রাশি, a multitude, assemblage, number, flock, herd, collection, quantity, heap. [sprung as game.

সচকিত, সভয়, তটস্থ, জাগ্রৎ, startled, awakened, vigilant,

সচরাচর, বিশ্ব, স্থাবরজঙ্গম, সাধারণ, প্রসিদ্ধ, the universe or things moveable and immoveable, or animate and inanimate, universal, immemorial, common.

সচল, চলৎশক্তিমন্ত, moving, possessed of motion.

সচিন্ত, উদ্বিগ্ন, কাতর, ভাবিত, sad, uneasy, thoughtful, anxious.

সচিব, মিত্র, সহায়, অমাত্য, মন্ত্রী, a friend, associate, companion, a minister, counsellor, adviser, monitor.

সচেতন, প্রাণী, জ্ঞানবিশিষ্ট, জাগ্রৎ, animate, sensitive, sensible, feeling, vigilant, wary, sprung as game.

সচেষ্ট, উদ্যুক্ত, বহুশ্রমী, উদ্দেশক, zealous, prompt, ready, strenuous, active, endeavouring after.

সচ্চিদানন্দ, পরব্রহ্ম, নিত্যজ্ঞানানন্দস্বরূপ, পরমার্থ, Brahma or the Supreme Spirit, God as the fount of being, intelligence and happiness, *q. d.* the good, the wise and the happy Being.

সচ্ছ, নির্ম্মল, শুদ্ধ, সরল, clear, transparent, pure, sincere.

সচ্ছল, হিতৈষী, দাতা, benevolent, kind, generous, liberal.

সজল, জলুয়া, আর্দ্র, জলবিশিষ্ট, watery, wet, moist, having or abounding in water.

সজাগ, জাগ্রৎ, ঈষৎ নিদ্রিত, awake, vigilant, wakeful.

সজাতি, একজাতি, of the same tribe, class or kind. [lar.

সজাতীয়, একজাতীয়, তুল্য, belonging to the same species, simi-

সজীব, জীবনপ্রাপ্ত, বিদ্যমান, মূর্ত্তিমন্ত, having life, living, alive.

সজ্জা, বেশ, ভূষা, সাজ, কবচ, আয়োজন, dress, decoration, ornaments, furniture, equipage, trappings, harness, accoutrements, armour, apparatus, preparation. [dorned, &c.

সজ্জিত, কবচযুক্ত, কৃতবেশভূষা, armed, accoutred, dressed, a-

সঞ্চয়, সংগ্রহ, উপার্জ্জনা, a collection, accumulation, heap, hoard. [hoard.

সঞ্চয়ন, সগ্রহ করণ, উপার্জন, to collect, gather together, save,

সঞ্চয়ী, সংগ্রাহক, উপার্জক, collecting, accumulating, &c. thrifty; a collector, accumulator.

সঞ্চার-ণ, গতি অথবা শক্তি দান, ব্যাপার, আগম, উপস্থিতি, অনুষ্ঠান, সংক্রম, সন্ধিচ্যুত, communication of power or motion, production of things by the power of motion, an infecting by contagion, access of disease, a commencement, transition, entrance into a sign, a dislocation.

সঞ্চারী, ব্যাপক, স্পর্শে ঘটানিয়া, অনুষ্ঠাপক, acting upon, infecting, commencing. [lated, saved.

সঞ্চিত, সংগৃহীত, উপার্জিত, collected, heaped up, accumu-

সটীক, টিপ্পনী সুদ্ধ, accompanied with a commentary,

সট্‌কন, পলায়ন, to run away, flee, escape, slip away.

সড়ক, বর্ত্ম, সরু পথ, a way, path, road, narrow path.

সড়কা, শড়িঙ্গা, দীর্ঘাকার, লম্বা, long and narrow, tall and thin, oblong, perpendicular.

সড়কীপথ, গলী, সুড়ীপথ, a narrow lane, an alley.

সড়ঙ্গা, সড়িঙ্গা,—শড়ঙ্গা, দীর্ঘাকার তরণি, a long narrow canoe.

সড়ন, পচন, বিগড়ন, to rot, putrify, become tainted, spoil.

সড়া, পচা, বিগড়া, নষ্ট, দুরিত, rotten, spoiled, tainted, musty.

সড়্‌গড়্‌, অভ্যাস, সাধন, a committing to memory, practice.

সড়্‌সড়ান, নিঃসান, চুল্‌কান, to tingle, to itch.

সৎ, উত্তম, শুদ্ধসত্ত্ব, পবিত্র, সাধু, সত্য, যথার্থ, বর্ত্তমান, পরমার্থ, good, excellent, pure, holy, virtuous, true, proper, right, being, existing, God or the ever-present and all-holy Being.

সতত, সর্বদা, নিরন্তর, নিত্য, always, ever, continually, incessantly; eternal, incessant, continual, perpetual.

সতর্ক, চালাক, জাগ্রৎ, প্রজ্ঞ, দক্ষ, সাবধান, বিবেচক, active, alert, wary, vigilant, clever, acute, discreet, circumpect, investigating, sagacious. [tom.

সতল, সমান, চৌরস, smooth, even, square, having a bot-

সতা, সতিন,—সপত্নী. a co-wife, one of several wives.

সতী, পতিব্রতা, সাধ্বী, সহগামিনী, *f.* chaste, pure, virtuous; a woman who burns with the body of her husband. [same teacher.

সতীর্থ, এক গুরুর শিষ্য, a fellow-student or pupil of the

সতৃষ, সতৃষ্ণ,—পিপাসু, লোভী, thirsty, covetous, rapacious.

সতেজ, বলবান্, তেজস্বী, শোভান্বিত, উর্ব্বরা, strong, vigorous, energetic, powerful, splendid, brilliant, dignified, luxuriant, rich, fertile as land.

সৎকথক, বাক্‌পটু, a good speaker; eloquent.

সৎকর্ম্ম, সৎকার, সৎক্রিয়া, সৎকৃতি, } উত্তম ক্রিয়া, দানাদি, অতিথীসেবা, সম্মান, উপাসনা, শবদাহ, শুচিজনক কর্ম্ম, a good act, acts of piety or charity, virtue, courtesy, respectful salutation, kind welcome to a guest, homage, worship, funeral obsequies, a purificatory ceremony.

সত্তম, সাধুর মধ্যে শ্রেষ্ঠ, শুদ্ধসত্ত্ব, most excellent, most pure, very holy. [lence, goodness.

সত্তা, বিদ্যমানতা, সদ্‌গুণবিশিষ্টতা, existence, being, excel-

সত্ত্ব, সত্ব,—বর্ত্তমানতা, উৎকর্ষ, সদ্ভাব, ধর্ম্ম, স্বভাব, সার, রস, প্রাণ, তেজ, ধন, অধিকার, existence, goodness, holiness, nature, disposition, essence, substance, pith, sap, life, breath, vigour, wealth, proprietary right.

সত্ত্বগুণ, সৎকর্ম্মেতে প্রবৃত্তিজনক গুণ, moral goodness, the principle or quality of truth or goodness.

সংমা, বিমাতা, a step-mother.

সত্য, যথার্থ, নিশ্চয়, সরল, তথ্য, নির্ণয়, শপথ, অবশ্য, নিতান্ত, true, real, certain, honest, sincere; truth, certainty, an oath; yes, verily, true, indeed.

সত্যতা, যথার্থতা, নিশ্চয়, নির্ণয়, truth, certainty, fact.

সত্যপ্রতিজ্ঞা, স্থিরবাদ, তথ্যবাক্য, an asseveration, assertion of the truth of a matter. [honest.

সত্যধৃত, সরলান্তঃকরণ, অকুটিল, devoted to truth, true, sincere,

সত্যযুগ, প্রথম যুগ, the first of the four ages.
সত্যানৃত, বাণিজ্য, trade, commerce, *q. d.* truth and falsehood.
সত্বর, ত্বরান্বিত, শীঘ্র, সতর্ক, আশু, swift, quick, speedy, hasty, active, clever; quickly.
সদ°, সদা,—সর্ব্বদা, নিত্য, always, ever, continually, perpetually.
সদন, সদ্মন,—গৃহ, ঘর, বাস, a house, dwelling, residence.
সদয়, কৃপান্বিত, দয়াবান, করুণাযুক্ত, উদার, দাতা, merciful, compassionate, kind, affectionate, tender, liberal.
সদর্থ, বাক্যসার, যথাযোগ্য অর্থ, অভিপ্রায়, the substance of an argument, meaning, scope, object.
সদর্প, অহঙ্কারী, দাম্ভিক, proud, haughty, arrogant.
সদসৎ, ভদ্রাভদ্র, উত্তমাধম, good and evil, right and wrong.
সদস্য, কর্ম্মানুষ্ঠানের ন্যূনাধিক বিবেচক, সদসৎ বিবেচনা কর্ত্তা, বিধিদর্শী, সাক্ষী, the inspector and director of a sacrifice, a by-stander, spectator, one present.
সদাচার, সাধুব্যবহার, virtuous conduct, correct deportment.
সদানন্দ, সর্ব্বদা হর্ষযুক্ত, always happy, ever-blest.
সদার, স্ত্রীবিশিষ্ট, স্ত্রী সুদ্ধ, having a wife; with a wife.
সদৃক্, সদৃশ,—তুল্য, সমান, like, alike, similar, resembling.
সদেশ, নিকট, অন্তিক, উপেত, near, nigh, proximate, adjoining.
সদেশী-য়, একদেশবাসী, পড়সী, of the same place or country; a countryman, a neighbour.
সদ্গতি, মুক্তি, স্বর্গবাস, beatitude, absorption, salvation, future bliss.
সদ্বক্তা, সুকথক, বাক্পটু, a fine speaker, an orator; eloquent.
সদ্বৃত্ত, সচ্চরিত্র, সুশীল, virtuous, well-conducted, amiable.
সদ্ভাব, বিদ্যমানতা, সত্ত্ব, দয়া, শিষ্টাচার, প্রণয়, existence, goodness, kindness, politeness, courtesy, friendship, love.
সদ্যঃ, তৎক্ষণাৎ, তদ্দিবস, immediately, instantly, forthwith, quickly.
সদ্যোজাত, তদ্দিনোৎপন্ন, নবীন, new, recent, fresh, sound.
সধবা, যে স্ত্রীর পতি জীবন্ত আছে, পতিবত্নী, a married woman whose husband is living, a wife.
সধর্ম্মী, তুল্য, সমান, সমস্বভাব, সমগুণ, তুল্যব্যবহারী, সজাতীয়, like, similar, equal, of the same nature, having the same properties, observing the same rites and duties, of the same sect or cast.

সনাতন, নিত্য, নিরন্তর, চিরস্থায়ী, eternal, perpetual, incessant, constant, fixed, permanent.

সনাম, একনাম, সমানাখ্যা, of the same name; a namesake.

সন্তত, নিত্য, বিতত, perpetual, continual, eternal, extended.

সন্ততি, সন্তান,—পুত্র কন্যা, বংশ, পুত্রাদি পরম্পরা, a child, offspring, son or daughter, posterity, progeny, descendants, lineage, race.

সন্তপ্ত, সন্তাপিত, সন্তাপী,—তাপযুক্ত, খেদান্বিত, দুঃখিত, heated, pained, grieved, distressed, afflicted.

সন্তরণ, সাঁতরণ, ভাসন, to swim, float, wade.

সন্তর্পণ, তোষণ, বহুচেষ্টা করণ, যত্ন, to satisfy, please, to take pains; care, attention.

সন্তাপ, জ্বালা, পীড়া, খেদ, দুঃখ, মনঃপীড়া, বিতুষ্টি, heat, burning pain, smart, anguish, affliction, sorrow, distress of mind, vexation, passion.

সন্তুষ্ট, হৃষ্ট, তৃপ্ত, আহ্লাদযুক্ত, উল্লসিত, pleased, gratified, satisfied, glad, happy, delighted.

সন্তুষ্টি, সন্তোষ,—হর্ষ, তৃপ্তি, আনন্দ, উল্লাস, pleasure, satisfaction, gratification, gladness, joy, delight.

সন্তোলন, ফোড়ন, সম্বরণ, to season, spice, add seasoning to food in cooking.

সন্তোষক, তুষ্টিকর, হর্ষজনক, giving pleasure, gratifying, delighting, &c.

সন্তোষী, তুষ্টিকর, আনন্দিত, pleasing, &c. pleased, happy, glad.

সন্দংশ, জাঁতী, সাঁড়াশী, pincers, nippers, tweezers, tongs.

সন্দর্ভ, ক্রম, আনুপূর্ব, গ্রন্থন, orderly arrangement, a stringing of beads, weaving of garlands, &c.

সন্দর্শন, নিরীক্ষণ, সাক্ষাৎকার, a looking, seeing, surveying, meeting.

সন্দিগ্ধ, অনিশ্চিত, সংশয়যুক্ত, অশ্রদ্ধ, শঙ্কান্বিত, doubted, questionable, uncertain, doubtful, in doubt, suspecting, suspicious, sceptical, afraid, diffident.

সন্দেশ, মিষ্টান্ন বিশেষ, সমাচার, a sort of sweetmeat, a message, news, report.

সন্দেহ, সংশয়, এক বস্তুতে উভয় বোধ, বিচিকিৎসা, শঙ্কা, অশ্রদ্ধা, doubt, uncertainty, scepticism, suspense, hesitation, a scruple, apprehension, fear, suspicion, mistrust.

সন্দেহী, সংশয়ী, শঙ্কালু, অপ্রত্যয়ী, in doubt, uncertain, suspicious, sceptical, jealous, mistrustful, scrupulous.

সন্দেহকল্প, অনির্ণয়, uncertainty, contingency, precariousness.

সন্ধান, অন্বেষণ, চেষ্টা, শরব্য, মর্ম্ম, অনুমান, তত্ত্ব, উদ্দেশ, সম্বাদ, ধরণ, enquiry, search, endeavour, an aim, object, a scope, butt, a secret, a guess, trace, tidings of a person or thing sought, information, discovery, recovery, capture, seizure.

সন্ধানী, উদ্দেশী, তত্ত্বকারক, অন্বেষণে পটু, অবগত, চর, aiming, guessing, searching for, expert at discovering or tracing, privy to, acquainted with, having knowledge of; a spy, a scout.

সন্ধি, উভয়ের মেলন, সংযোগ, গ্রন্থি, শ্লেষ, ঐক্য, ছিদ্র, সুরঙ্গ, যতি, junction, union, alliance, coalition, connexion, a joint, knuckle, joining, reconciliation, an agreement, treaty, peace, a hole in a wall, &c. made by house-breakers, a breach, a mine, a stop, a pause.

সন্ধিচ্যুত, গ্রন্থির যোগভেদ, বিচলিত, a dislocation; dislocated.

সন্ধ্যা, প্রত্যূষ, প্রদোষ, ত্রিকালীন উপাসনা বিশেষ, morning or evening twilight, morning, mid-day and evening devotions.

সন্ধ্যাকাল, সায়ঙ্কাল, দিনাবসান, evening, afternoon, dusk, close [of day.

সন্নদ্ধ, উদ্যুক্ত, সাজযুক্ত, সসজ্জ, কবচাদিযুক্ত, armed, accoutred, wearing an amulet.

সন্নাহ, সজ্জা পরিধানকরা, the binding on of armour, arming.

সন্নিকট, সমীপ, অন্তিক, উপেত, near, nigh, at hand, close, proximate, adjoining, contiguous, adjacent.

সন্নিকর্ষ, নৈকট্য, সামীপ্য, আকর্ষণ, সংলাগ, nearness, vicinity, proximity, contiguity, attraction, cohesion.

সন্নিকৃষ্ট, আকর্ষিত, সংলগ্ন, নিকটস্থ, সমীপ, attracted, drawn close or together, near, adjacent, adjoining.

সন্নিধান, সন্নিধি,—নৈকট্য, nearness, proximity, vicinity.

সন্নিপাত, ত্রিদোষজন্যবিকার, a morbid state of the 3 humors.

সন্নিবিষ্ট, উদ্যুক্ত, নিকটবর্ত্তী, engaged in, intent upon, near, neighbouring, close at hand.

সন্নিবেশ, সামীপ্য, গ্রাম অথবা বাটীর নিকট গমনাদি স্থান, vicinity, neighbourhood, an open space or plain near a town or dwelling. [adjacent.

সন্নিহিত, নিকটবর্ত্তী, উপেত, near, neighbouring, close at hand,

সন্ন্যাস, চতুর্থাশ্রম, তপস্যা, ঔদাস্যভাব, ভিক্ষুকধর্ম্ম, monachism, asceticism, abandonment of the duties of active life for one of voluntary penance or mortification.

সন্ন্যাসী, চতুর্থাশ্রমী, ভিক্ষুক, দণ্ডী, one who has renounced the world for a monastic life, a religious mendicant, a monk, an ascetic. [winged.

সপক্ষ, অনুকূল, পক্ষবান, of the same side or party, partial,

সপক্ষতা, আনুকূলতা, পক্ষপাত, aid, help, assistance, partiality.

সপত্নী, পতির অন্য স্ত্রী, a co-wife, one of several wives.

সপত্নীপুত্র, পতির অন্যস্ত্রীজাত, the son of a co-wife, a half-son.

সপরিবার, সংসারযুক্ত, দারাপুত্রাদি সহিত, having a family; with all his family.

সপদি, তৎক্ষণ, আশু, instantly, in a moment, quickly.

সপিণ্ড, সপ্তম পুরুষপর্য্যন্ত জ্ঞাতি, পিণ্ডভাগী, a kinsman to the 7th generation in descent from a common ancestor, having a right to partake of the funeral cake.

সপ্ত, সপ্তম,—সাত, সাতঞি, seven, the seventh.

সপ্ততি, সত্তর সংখ্যা, seventy.

সপ্তদশ, সতের সংখ্যা, seventeen, the seventeenth. [fold.

সপ্তধা, সাত প্রকারে, সাত ভাগে, in seven ways or parts, seven-

সপ্তপদীগমন, বিবাহের শেষকর্ম্ম সাধন, a ceremony in which a bride, followed by the bridegroom, walks over seven steps marked with chalk, &c. on the floor of the husband's house. [night.

সপ্তমী, সাতঞি তিথি, the seventh day of each lunar fort-

সপ্তর্ষি, মরীচি প্রভৃতি সাত মুনি, সপ্ততারা বিশেষ, a class of seven *Rishis* or saints, forming the constellation of Ursa major or the great Bear.

সপ্তাস্র, সপ্তকোণ, সাতকোণা, a heptagon; heptagonal, seven-cornered, septangular.

সপ্তাহ, সপ্তবার—সাত দিন, a week, seven days. [athentic.

সপ্রমাণ, সাব্যস্ত, সত্য, প্রশুদ্ধ, proved, established, evident, true,

সফল, ফলবান্, লাভজনক, হিতকর, সিদ্ধার্থ, bearing fruit, productive, fruitful, effectual, advantageous, useful, profitable, successful.

সব, সবানি, সভে,—সর্ব্ব, সকলে, প্রত্যেক, all, the whole, every, each.

সবর্ণ, সমানবর্ণ, of the same class, tribe or colour.

সবল, বলবান্, তেজস্বী, যুবন, strong, powerful, able, hale, energetic, in full vigour, in his prime.

সব্লোট, কামুক, লম্পট, lewd, lascivious, debauched.

সবিশেষ, বিশেষযুক্ত, বিবৃত, বিস্তারিত, অসাধারণ, particular, special, circumstantial; a special object, request or circumstance.

সব্য, বাম, left, (opposed to right;) the left hand.

সব্যসাচী, দুহাতিয়া, ambidexter, using the left hand as well as the right.

সভয়, ভীরু, শঙ্কান্বিত, ভয়ঙ্কর, fearful, timid, afraid, alarmed, dangerous, perilous.

সভর্ত্তৃকা, সধবা, স্বামিবিশিষ্টা, *f.* having a husband.

সভা, সমাজ, রাজদ্বারে সমাগম, সমারোহ স্থান, an assembly, company, meeting, place of meeting, royal court or council, a levee, a session, the outer portion or court of an idol-temple.

সভাকার, সবাকার,—সকলকার, সকলের, তাবৎ সভাস্থদের, of or belonging to all, of or by the whole assembly.

সভাসদ্, সভাসৎ,—সভাস্থ পণ্ডিতাদি, মন্ত্রী, সামাজিক, a courtier, adviser, one of a company, a member of an assembly; having a right to a place therein.

সভাস্থ, সামাজিক, সভাতে বর্ত্তমান, having a place in an assembly, present at meeting.

সভ্য, সভারক্ষক, সজ্জন, ভদ্র, উত্তম বংশোদ্ভব, সামাজিক, polite, polished, genteel, well-bred, courteous, fit for or admissible into society, &c.

সম, সদৃশ, তুল্য, সমান, চৌরস, like, alike, similar, same, equal, even, smooth, level.

সমক্ষ, প্রত্যক্ষ, সুব্যক্ত, নিকটবর্ত্তী, সাক্ষাৎ, visible, evident, clear, near, before, in sight, in presence of.

সমগ্র, সকল, অখণ্ড, পূর্ণ, all, whole, entire, full, complete.

সমঝন, সমজন,—বুঝন, জানন, to comprehend, perceive, know.

সমঞ্জস, উপযুক্ততা, সমন্বয়, সংলগ্নতা, তথ্য, অবিরোধ, পরিমিত ব্যয়, ন্যায়, বিচার, উপযুক্ত, ন্যায্য. fitness, propriety, agreement, consistency, accuracy, truth, reconciliation, accommodation of differences, &c. frugality, impartiality, equal justice, a trial, investigation; proper, right, condign.

সমঞ্জস্য, অল্পব্যয়ী, পরিণামদর্শী, frugal, economical, prudent.

সমতা, সমভাব,—অভিন্নাবস্থা, সাম্য, সাদৃশ্য, সম্ভব, সম্পূর্ণতা, উপশম, similarity, sameness, equality, evenness, uniformity, analogy, equilibrium, completeness, likelihood, perfection, abatement of disease.

সমধাতু, আরোগ্য, সর্ব্বধাতুর সাম্যভাব, health, equilibrium of bodily humours, &c.

সমধিক, অতিরিক্ত, অত্যন্তিক, exceeding, excessive. [sic.

সমতাল, লয়, তালের সাম্য, chime, harmony, even time in mu-

সমদর্শী, তুল্যজ্ঞানী, regarding all alike, indifferent, impartial.

সমদিবারাত্রিকাল, বিষুবকাল, the time of the equinoxes.

সমন্বয়, অনেকের পরস্পর মিলন, সংলগ্নতা, সম্বন্ধ, সংযোগ, সভাতে গ্রহণকরা, agreement, concord, consistency, consequence, connection, combination, union, restoration to society or cast, &c.

সমন্বিত, পরস্পর মিলিত, তজ্জন্য সংলগ্ন, যুক্ত, বিশিষ্ট, পংক্তিগৃহীত, in concord with, following, consequent upon, consistent with, united, full of, possessing, endued with, restored to cast or society.

সমবায়, সম্বন্ধ, মেল, যোগ, সঞ্চয়, সংগ্রহ, গণ, relation or connexion, as between subject and attribute, the whole and its parts, &c. aggregation, collection, assemblage. [bled, comprized.

সমবেত, সংগৃহীত, সঞ্চিত, সামিল, aggregated, collected, assem-

সমভাবী, তদবস্থান্বিত, অটল, পরিণামশূন্য, তুল্য, সাথী, continuing the same, unmoved, uncorrupted, analogous, similar; a colleague.

সমভিব্যাহার, সমভ্যার,—সাহিত্য, সঙ্গ, মিত্রতা, পরিজন, সহচরের সমূহ, association, society, converse, intimacy, company, a retinue, train.

সমভিব্যাহারী, সমভ্যারী,—সঙ্গী, অনুচর, accompanying, &c ; a comrade, attendant, retinue. [with.

সমভিব্যাহৃত, সমেত, সহিত, সঙ্গে, accompanied by, in company

সমভূমি, চৌরস স্থান, মাঠ, level ground, a plain, a flat surface.

সময়, কাল, অবকাশ, প্রতিজ্ঞা, পণ, time, season, juncture, age, period, opportunity, occasion, leisure, weather, an appointment, contract.

সময়ক্রমে বা গুণে, কিছুকালগতে, উপযুক্ত সময়ে, in course or process of time, opportunely.

সময়শিরে, উপযুক্ত সময়ে, শুভযোগে, just in time, seasonably.

সময়োচিত, কালোপযুক্ত, যথাকাল, suitable to the occasion, &c.

সমর, যুদ্ধ, রণ, বিগ্রহ, a battle, fight, conflict, war.

সমর্জ্জু, সমসরল, parallel, (as lines.)

সমর্থ, বলবান্, ক্ষমতাপন্ন, উপযুক্ত, হিত, তুল্যার্থ, powerful, strong, able, capable, fit, proper, adequate, connected in sense or object.

সমর্পণ, সোঁপণ,—গছান, রক্ষার্থে ত্যাগ করণ, ছাড়ন, ভারণ, প্রদান করণ, দেওন, to commit, give in charge, deliver over, surrender up, to entrust, delegate, consign, to offer in sacrifice, to bestow, give.

সমল, মলিন, অপরিষ্কার, কাদাটিয়া, dirty, foul, filthy, squalid, sordid, muddy.

সমসমকাল, তৎতৎক্ষণ, প্রাক্কাল, the very time, a crisis.

সমসূত্রপাত, ঋজুসূত্র বিন্যাস, a disposing in parallel lines.

সমস্ত, সকল, সমুদায়, সংক্ষিপ্ত, মিশ্রিত, মিশ্র, একুন, all, entire, every, abridged, thrown together, compounded; an aggregate, the whole. [filled up.

সমস্যা, পদ্যের পূরণার্থ এক দেশ, part of a stanza given to be

সমা, বৎসর, সম্বৎসর, a year.

সমাগম, আগমন, উপস্থিতি, ঘটা, a coming, arrival, coming together, meeting, assembling, concourse.

সমাজ, সভা, ছাত্রাদির সমূহ, ঘটা, সম্প্রদায়, অনেক প্রামাণিক লোকের বাসস্থান, an assembly, meeting, multitude, concourse, flock, congregation, society, association, community, the district or place of abode of a respectable community.

সমাচার, সম্বাদ, রব, বিবরণ, বিজ্ঞাপন, news, tidings, intelligence, report, information, an account, notice.

সমাদর, সম্মান, মর্য্যাদা, respect, esteem, honor, reverence, veneration, reputation. [&c.

সমাদৃত, মর্য্যাদান্বিত, সম্ভ্রান্ত, respected, esteemed, reputable,

সমাধা-ন, নিষ্পত্তি, নির্ণয়, বিরোধ ভঞ্জন, মিটানি, decision of an affair, determination, award, settlement of differences, reconciliation, adjustment, completion, termination.

সমাধি, পরমেশ্বরেতে চিত্তের একাগ্রতা, ধ্যান, যোগ, *id*: *also* deep meditation on the Deity, devout abstraction, silence, burial, a grave.

সমান, তুল্য, এক, অভিন্ন, সদৃশ, সরল, শরীরস্থ বায়ু বিশেষ, equal, similar, alike, same, uniform, even, smooth, level, straight; a vital air.

সমানোদক, চতুর্দ্দশ পুরুষের পর জন্মনামস্মৃতি পর্য্যন্ত পুরুষের সন্তান, তর্পণ জলভাগী, a kinsman within 14 descents from a common ancestor, but specially the last seven, (some say the last 4,) so called from participating in the offerings of water to the manes.

সমাপন, মিটান, নিষ্পাদন, চুকান, to finish, conclude, complete, terminate, end, accomplish. [&c.

সমাপ্ত, নিষ্পন্ন, সাঙ্গ, ইতি, concluded, terminated, finished,

সমাপ্তি, শেষ, বিরোধভঞ্জন, conclusion &c. reconciliation of differences, disputes, &c.

সমাবর্ত্তন, বেদাধ্যয়নান্তর যে বৈদিক কর্ম্ম করিলে গৃহস্থ ধর্ম্মে অধিকারী হয়, a ceremony on a brahmin pupil's leaving his teacher to enter upon a life of secularity.

সমাবেদন, নিবেদন, সম্যক্ প্রকারে জানান, a respectful communication of full and explicit information. [in.

সমাবিষ্ট, একাগ্রচিত্ত, নিবিষ্টমনাঃ, engrossed by, closely engaged

সমাবেশ, স্বচ্ছন্দরূপে অবস্থান, উচিত বিভাগ, নিষ্পত্তি, প্রবেশ, একাগ্রতা, room, accommodation in a common dwelling, a just distribution, proper division, termination of differences, entrance, close or undivided attention, devotion to.

সমারোহ, বহুলোকাগম, ঘটা, লোকযাত্রা, ঠমক, a concourse, crowd, mob, multitude, procession, pomp.

সমাস, দুই তিন পদের একপদ করা, সংশ্লেষ, একুন, the composition of words, formation of compound terms, a compound word or term, aggregation.

সমাহার, সমাহৃতি,—সংগ্রহ, সংশ্লেষ, সংক্ষেপ, বর্ণবিন্যাস বিশেষ, দ্বন্দ্বসমাস বিশেষ, an aggregation, collection, assemblage, union, abridgement, an artificial arrangement of the alphabet, any two letters in which form a technical enunciation of all the intermediate ones, a string of words connected by the omission of the conjunctive particle.

সমাহিত, সাবধান, চৌকষ, ধীর, যোগাবিষ্ট, attentive, cautious, temperate, engaged in devout meditation.

সমিধ, যজ্ঞিয় কাষ্ঠ, ইন্ধন, sacrificial fuel, wood, &c. for a sacrifice. [ing even, &c.

সমীকার, তুল্যকরা, চৌরস করা, equalization, a levelling, mak-

সমীক্ষ, সাঙ্খ্য দর্শন, অবলোকন, বিতর্ক, সাক্ষাৎ, the Sánksya philosophy, a survey, investigation, presence.

সমীচীন, উত্তম, উপযুক্ত, সত্য, যথার্থ, good, right, correct, accurate, proper, fit, real, true, genuine.

সমীপ, নৈকট্য, সন্নিধান, নিকট, সন্নিকৃষ্ট, vicinity, proximity; near, adjacent, contiguous, close by.

সমীর-ণ, বায়ু, পবন, বাতাস, air, wind.

সমীহা, ব্রীড়া, বহুচেষ্টা, modesty, reserve, earnest endeavour.

সমুখ, বাক্পটু, মুখামুখি, প্রত্যক্ষ, eloquent, opposite, over against, facing, obvious.

সমুচিত, সমোচিত,—যথা যোগ্য, ন্যায্য, উপযুক্ত, proper, right, fit, just, deserved, suitable, condign.

সমুচ্চয়, অনেকের মিলন, সংগ্রহ, সমাহার, a collection, assemblage, union, conjunction. [total.

সমুদায়, সমুদয়,—সমস্ত, অখণ্ড, একুন, all, entire; the whole,

সমুদ্ধার, উচ্চীকরণ, উত্থাপন, উৎপাটন, দর্শান, সংগ্রহ, a raising, lifting or pulling up, a bringing to light, an extracting, a compilation.

সমুদ্র, সাগর, মুদ্রাঙ্কিত, the ocean, the sea; stamped, sealed.

সমুদ্রীয়, সাগর সম্বন্ধীয়, সামুদ্রিক, marine, ocean, of or relating to the ocean. [the roots.

সমূল, শিকড়বান্, মূলযুক্ত, মূল সুদ্ধ, having a root; by or with

সমূহ, অনেক, সংঘাত, যুথ, সঞ্চয়, স্তূপ, a multitude, number, flock, gang, cluster, heap, quantity.

সমৃদ্ধ, ধনাঢ্য, বর্দ্ধিত, prosperous, wealthy, increased.

সমৃদ্ধি, সম্পত্তি, মাহাত্ম্য, সম্ভ্রম, ঘটা, increase, prosperity, greatness, success, a crowd. [brought together.

সমেত, সঙ্গে, সহিত, সুদ্ধ, with, together with, along with,

সম্পত্তি, সম্পদ্,—বিভব, ঐশ্বর্য্য, শ্রী, বৃদ্ধি, সম্ভ্রম, wealth, affluence, prosperity, success, advancement, increase of power or fame, &c. promotion.

সম্পন্ন, প্রতুলান্বিত, শ্রীমান, পরিপূর্ণ, ভাগ্যবন্ত, সাধিত, নিষ্পন্ন, বিশিষ্ট, wealthy, prosperous, successful, advanced, promoted, enriched, happy, obtained, acquired, accomplished, effected, done, finished, completed, endowed with, possessed of.

সম্পর্ক, সম্বন্ধ, মেল, মিশ্র, অধিকার, union, connexion, contact, mixture, relationship, affinity, concern, relation, reference, claim, right to.

সম্পর্কী, সম্পর্কীয়,—সম্বন্ধীয়, কুটুম্ব, relative to, connected with, relating to; a relative. [factor, overseer.

সম্পাদক, সমাপক, কর্ম্মসাধক, স্থায়ুক, finishing, &c. a manager,

সম্পাদন, নিষ্পাদন, সমাপন, অভীষ্ট সাধান, ফলান, চালান, খাটান, to finish, complete, accomplish, to effect, to give success to, prosper, succeed, procure, to manage, conduct.

সম্পূর্ণ, পরিপূর্ণ, ভরা, ময়, অখণ্ড, সিদ্ধ, সমাপ্ত, প্রচুর, filled, full, full of, replete, perfect, plenary, complete, whole, entire, fulfilled, accomplished, finished, plenty, enough. [quickly.

সম্প্রতি, ইদানী, আশু, now, at present, in the present day,

সম্প্রদান, দান, অর্পণ, পারম্পর্য্য জ্ঞাপন, দানের পাত্র, a giving, bestowing, conferring, communicating traditionally, the dative case in grammar, the person to whom a thing is given, a grantee.

সম্প্রদা-য়, ভিন্নমত, সমাজ, গোষ্ঠ, সঙ্গ, পরম্পরায় প্রাপ্ত ধর্ম্ম, a sect, party, company, club, association, a band of singers, &c. traditional doctrine.

সম্প্রদায়ী, পক্ষপাতী, সমাজস্থ, সধর্ম্ম, সামাজিক, পাংক্তেয়, সুব্যবহারী, a sectary, partizan, one of a band or company; admissible to a society, exemplary.

সম্বৎসর, হায়ন, a whole year, a full twelvemonth.

সম্বন্ধ, সম্পর্ক, সংলাগ, যোগ্যতা, জ্ঞাতিত্ব, যোগ, অধিকার, natural or essential connexion, as of quality and substance, &c. relation, relewancy, fitness, propriety, affinity, consanguinity, kindred, the possessive case in grammar.

সম্বন্ধী, সম্পর্কী, কুটুম্ব, শ্যালক, having relation to or connexion with; a relative, kinsman, a wife's brother.

সম্বন্ধীয়, সম্পর্কীয়, বিষয়ক, connected with, relating to, &c.

সম্বরণ, লুকান, চাপিয়া রাখন, ইন্দ্রদমন, ফোড়ন, to conceal, withdraw, to govern or restrain the passions, to spice or season food. [self-controul.

সম্বরা, ঝালঝস্, ধৈর্য্য, পরিমিতাচরণ, spice, seasoning of food,

সম্বর্দ্ধক, মর্য্যাদক, বাড়ানিয়া, honoring, &c. augmenting.

সম্বর্দ্ধনা, সম্ভ্রম, অভ্যর্থনা, honor, respect, respectful welcome.

সম্বল, পাথেয়, ব্যয়োচিত দ্রব্য, provision for a journey.

সম্বলিত, সমেত, মিলিত, বিষয়ক, accompanied with, containing, mixed with, connected with, relating to.

সম্বাদ, বার্ত্তা, সমাচার, কথোপকথন, a report, tidings, news, intelligence, information, conversation, converse, a dialogue.

সম্বোধন, অভিমুখীকরণ, an addressing, speaking or calling to, the vocative case, an interjection.

সম্বেগ, শীঘ্রগতি, উন্দধুন্দ, rapidity, rapid flow, a commotion.

সম্ভব, সত্তা, জন্ম, উৎপত্তি, হেতু, কারণ, মূল, হইবার যোগ্যতা, প্রামাণ্য, হইবার যোগ্য, উপযুক্ত, উদ্ভব, existence, birth, production, cause, motive, origin, possibility, probability; possible, credible, likely, probable, suitable, adequate, arising from, produced from, descending from.

সম্ভবন! মিলন, লাগন, to accord, suit, do, answer, apply.

সম্ভাবনা, হইবার যোগ্যতা, প্রামাণ্য, উপযুক্ততা, ফল, ঘটনা, উপায়, যোত্র, possibility, likelihood, probability, fitness, suitableness, adequacy, result, circumstance, means, estate, stock, &c.

সম্ভাবনীয়, সম্ভাব্য,—হইবার যোগ্য, সপ্রমাণ, উপযুক্ত, possible, practicable, probable, likely, fit, suitable.

সম্ভাবিত, যোগ্য, সাধ্য, যোজযুক্ত, বিবেচিত, adequate, adapted to, possible, solvent, able to pay, reflected upon.

সম্ভাষণ, সম্ভাষা,—আলাপ, কথোপকথন, converse, discourse, conversation, communication. [from.

সম্ভূত, জাত, উৎপন্ন, born, arisen, sprung or produced

সম্ভূয়সমুত্থান, সাঝা, ভাগাভাগি, partnership in trade, fellowship in business, joint-commerce.

সম্ভোগ, ফলোপভোগ, বিষয়সুখগ্রহণ, মৈথুন, usufruct, enjoyment, possession, successful love, cohabitation, coition.

সম্ভোগী, ফলভুক্, কামুক, সংসর্গী, enjoying, possessing the use of, sensual, cohabiting with.

সম্ভ্রম, আদর, মর্য্যাদা, সুখ্যাতি, গুরুত্ব, মহত্ত্ব, ভয়, ঘবরাণী, ঘূর্ণি, honor, respect, reverence, esteem, reputation, note, rank, weight, consequence, dignity, hurry, confusion, flurry, a whirling round.

সম্ভ্রান্ত, সম্মান্বিত, সুখ্যাত্যাপন্ন, honored, respected, respectable.

সম্মত, অনুমত, প্রিয়, সঙ্গত, স্বীকৃত, approved, chosen, agreeable or conformable to, consistent with, consenting to, admitting, agreed, approving of.

সম্মতি, স্বীকার, ঐকমত্য, অনুমতি, ক্ষমতা, আজ্ঞা, বাঞ্ছা, প্রণয়, consent, approbation, acquiescence, assent, agreement in opinion or purpose, accord, leave, permission, an order, a wish, regard, affection.

সম্মান, আদর, মর্য্যাদা, সম্ভ্রম, প্রতিপত্তি, honor, respect, esteem, reverence, veneration, reputation, promotion, dignity, advancement.

সম্মার্জনী, ঝেঁটা, ঝাঁটা, a broom, a brush.

সম্মীলন, বুজন, বন্ধ করণ, to shut, close as the eyes or a door.

সম্মুখ, অভিমুখ, সমক্ষ, সাক্ষাৎ, the front, sight, presence, face.

সম্মুখে, সমক্ষে, সাক্ষাৎ, before, in presence of, opposite, over
against. [ciliation, a meeting.

সম্মিলন, মেল, অবিরোধ, সাক্ষাৎ, union, concord, peace, recon-

সম্যক্, সমগ্র, তাবৎ, অখণ্ড, উচিত, all, whole, entire, perfect,
due, fit, proper. [rightly, properly.

সম্যক্প্রকারে, সর্বতোভাবে, উত্তমরূপে, wholly, entirely, duly,

সম্মিষ্ট, মিশ্রিত, সংযুক্ত, অনুগত, mixed with, adulterated, joined, attached to, connected with.

সম্রাট্, রাজাধিরাজ, a paramount sovereign, an emperor.

সযুত, বিনয়ী, বশীভূত, দমিত, খেদান্বিত, শুদ্ধ, সরলীকৃত, submissive, humble, subdued, penitent, sorry, rectified, set right, straightened.

সযোনি, জাঁতী, সখী, বয়স্য, a pair of betel-nippers, a female confidante or intimate friend.

সর, ছানা, ঘনীভূত দুগ্ধসার, cream, curds, thick milk.

সরক, গলিপথ, গামী, a road, narrow way; going, moving, &c.

সরণ, গমন, চলন, স্খলন, টলন, ক্ষরণ, দূর হওন, ব্যবহারে পড়ন, to move, go, remove, stir, slip, trip, slide, trickle, escape, be removed, to be in use or wear.

সরজস্কা, ঋতুমতী, রজস্বলা, menstruous, in her courses.

সরতা, জাঁতী, betel-nippers, nut-crackers.

সরভাগ, পক্ব দুগ্ধসার, boiled cream, a thick custard.

সরমা, কুক্কুরী, শুনী, *f.* a bitch, *a term of reproach.*

সরল, ঋজু, ডাঁড়া, অকপট, স্থূলবুদ্ধি, অজ্ঞান, straight, perpendicular, upright, honest, sincere, frank, candid, artless, simple, foolish.

সরস্, সরসী,—তড়াগ, পুষ্করিণী, a sheet of water, a pond, a lake.

সরস, জলুয়া, রসযুক্ত, সুস্বাদু, রসিক, কোমল, জয়ী, watery, succulent, juicy, sappy, pithy, savoury, tasty, sentimental, gentle, soft, good, victorious.

সরসিজ, সরসীরুহ,—পদ্ম, a lotus or water-lily. [quence.

সরস্বতী, বাণী, বাগ্দেবী, speech, the goddess of speech and elo-

সরাগ, ক্রোধী, কোপশীল, কামনাবন্ত, ভাবযুক্ত, passionate, angry, impassioned, sentimental, under the influence of passion, desire, &c.

সরা, পরিবার বস্ত্র, জীর্ণ, in use or wear, second-hand.

সরাণ, চলান, লাড়ন, স্থানান্তরে রাখন, বৃহৎ পন্থা, রাজমার্গ, to move, cause to move, bring into use, remove, stir, displace; a high-way, high-road.

সরিৎ, নদী, স্রোতস্বতী, সূত্র, a river, stream, a thread, clue.

সরিৎপতি, সমুদ্র, সাগর, the ocean, the sea.

সরিষা, সরিষপ,—সর্ষপ, mustard-seed, the mustard plant.

সরু, তনু, ক্ষীণ, সূক্ষ্ম, সুন্দর, thin, slender, small, minute, shrill, fine, nice.

সরূপ, আকারবন্ত, সাদৃশ, সমানাকৃতি, having form or shape, like. [of similar form.

সরোজ, সরোরুহ,—পদ্ম, a lotus or water-lily.

সরোবর, পুষ্করিণী, জলাশয়, তড়াগ, a pond, tank, lake, sheet of [water.

সর্গ, সৃষ্টি, স্বভাব, ধর্ম্ম, প্রকরণ, খণ্ড, creation, nature, natural property or disposition, tendency, a section, chapter, canto.

সর্জ্জরস, ধুনা, শালবৃক্ষ, the resin of the Shál tree, the tree [itself.

সর্জ্জন, সৃষ্টি করণ, গঠন, নির্ম্মাণ, উৎপাদন, পালন, to create, make, form, produce, to rear a plant, &c.

সর্প, অহি, সাপ, a serpent, snake, a serpentine motion.

সর্পভ্রম, মিথ্যানুভব, রজ্জুকে সর্পজ্ঞান, an error in the perception of natural objects, as of a rope for a snake.

সর্পমণি, মাণিক্য, the snake-stone or carbuncle.

সর্পিস্, ঘৃত, ঘি, হবিঃ, ghee or clarified butter.

সর্ব্ব, বিশ্ব, সকল, সমস্ত, তাবৎ, অখিল, all, whole, universal, every, entire, complete.

সর্ব্বকর্ত্তা, বিশ্বস্রষ্টা, ব্রহ্মা, all-creating, omnipotent, Lord of all, [Brahmá.

সর্ব্বক্ষণ, সদা, নিরন্তর, অনবরতঃ, always, perpetually.

সর্ব্বগ, সর্ব্বত্রগামী, বিশ্বব্যাপী, আত্মা, ব্রহ্ম, শিব, going every where, all-pervading; the universal Spirit, the soul, Brahma, Shiva.

সর্ব্বগত, বিশ্বব্যাপ্ত, universally expanded, all-pervading, om- [nipresent.

সর্ব্বকাল, তাবৎ সময়, ঋতু সমস্ত, all times, all seasons.

সর্ব্বজিৎ, বিশ্বজয়ী, সকলের দমনকর্ত্তা, সকলহইতে উৎকৃষ্ট, all-conquering, all-subduing, all-surpassing.

সর্ব্বজ্ঞ, যিনি সকলি জানেন, all-wise, all-knowing, omniscient, knowing all things.

সর্ব্বতঃ, সমস্ততঃ, চতুর্দ্দিকে, universally, in all respects, wholly, [on all sides.

সর্ব্বতোভদ্র, যন্ত্র মণ্ডল বিশেষ, দেবতার গৃহ বিশেষ, রাজসদন, a mystical square or diagram, a square temple or palace. [completely, perfectly.

সর্ব্বতোভাবে, সম্যক্ প্রকারে, in every respect, wholly, entirely,

সর্ব্বত্র, সকল স্থানে, every where, in all places.

সর্ব্বত্রগ বা গামী, বিশ্বগ, অন্তর্যামী, going every where, all-pervading, omnipresent. [suredly.

সর্ব্বথা, সকল প্রকারে, অবশ্য, in every way, by all means, as-

সর্ব্বদর্শী, যিনি সকলি দেখেন, সর্ব্বজ্ঞ, all-seeing, omniscient.

সর্ব্বদা-ই, সতত, নিরন্তর, সদা, always, continually, constantly, ever, at all times, &c.

সর্ব্বনাম, সর্ব্ব বিশ্বাদি পঞ্চ ত্রিংশৎ শব্দ, a pronoun or other word of universal signification, as *all, the whole, &c.*

সর্ব্বনাশ, সমুদায়ের ধ্বংস, লোপ, উচ্ছেদ, entire or universal ruin, complete destruction, extermination, annihilation, total wreck. [&c.

সর্ব্বনাশী, উচ্ছিন্নকারক, বিনাশক, all-destructive, exterminating,

সর্ব্বপ্রিয়, সকলের অভীষ্ট, beloved by all, universally beloved.

সর্ব্ববল্লভা, বেশ্যা, বারস্ত্রী, কুলটা, a common woman, a strumpet.

সর্ব্ববিৎ, সর্ব্বজ্ঞ, বিশ্বজ্ঞাতা, all-knowing, all-wise.

সর্ব্ববিধ, সম্যক্ প্রকার, of every sort, of all kinds.

সর্ব্ববেশী, ভণ্ড, ভাঁড়, সংকারী, assuming all characters; a buffoon, an actor, a zany.

সর্ব্বব্যাপক, সর্ব্বব্যাপী,—বিশ্বগ, অন্তর্যামী, সমুদায় পক্ষব্যাপক, all-pervading, omnipresent, embracing all the particulars of a case or subject.

সর্ব্বময়, তাবৎস্বরূপ, বিশ্বরূপ, সকলের অন্তর্যামী, universally expanded, in every thing, abounding in every thing, general, universal. [body's mouth.

সর্ব্বমুখী, খেংরা, চলিত, প্রচারিত, a broom, current, in every

সর্ব্বশক্তিমান, অসীম সামর্থ্যযুক্ত, যিনি সকলি করিতে পারেন, almighty, all-powerful. [at once.

সর্ব্বশুদ্ধ, একুনে, গড়ে, একেবারে, taken all together, inclusively,

সর্ব্বসম্মত, সকলের স্বীকৃত, সকলের প্রিয়, universally received or approved, popular. [the sun.

সর্ব্বসাক্ষী, সর্ব্বজ্ঞ অর্থাৎ পরমেশ্বর, সূর্য্য, God the universal witness,

সর্বসাধারণ, যাহাতে সকলের অধিকার আছে, সামান্য, চলিত, ব্যবহৃত, common to all, general, current, staple.
সর্বসাধারণে, প্রচরদ্রূপে, in common, currently, commonly.
সর্বস্ব, সমুদায় ধন, one's whole property or entire fortune.
সর্বসিদ্ধ, প্রসিদ্ধ,বিদিত, universally known and approved, noted.
সর্বসিদ্ধি, তাবৎ প্রার্থনীয় বস্তুর প্রাপ্তি, অভীষ্টসিদ্ধি, entire success, accomplishment of all one's wishes or prayers.
সর্বাঙ্গ, সমুদায় শরীর, অবয়ব সমস্ত, বেদাঙ্গ সমুদায়, the whole body from head to foot, all the parts of a thing collectively, all the sciences appendent on the Vedas.
সর্বাঙ্গী, সমুদায় শরীর ব্যাপ্ত, diffused through the whole body.
সর্বান্তর্যামী, সর্বগ, বিশ্বময়, all-pervading, all-in-all.
সর্বীয়, সাধারণ, সকলের, তাবতীয়, relating or belonging to all, general, universal.
সর্বেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় সুদ্ধ অর্থাৎ হস্তপাদাদি পঞ্চ ও মনোনে আদি পঞ্চ, all the organs of perception and action.
সর্বেশ্বর, সকলের কর্ত্তা, বিশ্বনাথ, Lord of all, God, Shiva.
সর্বোপরি, সকলহইতে উত্তম, শ্রেষ্ঠ, superior to all, above all, chief, eminent.
সর্বৌষধি, মুরা জটামাংসী প্রভৃতি দশ দ্রব্য, a class of ten medicinal drugs.
সর্ষপ, সর্ষপ,—সরিষা, mustard-seed, the mustard plant.
সলগ্ন, উপযুক্ত, সঙ্গত, apposite, suitable, pertinent, appropriate, relevant, consistent.
সলিল, জল, উদক, পানী, নীর, water.
সলিলদ, সলিলদায়ী,—জলদায়ক, জলার্পক, মেঘ, giving water; a cloud.
সলিলধি, সমুদ্র, সাগর, অব্ধি, বারিধি, the ocean, the sea.
সবর্ণ, একজাতি, সমানবর্ণ, of the same tribe or colour; a letter of the same class.
সব্য, বাম, বামাঙ্গ, দক্ষিণদিক্, left; the left hand, the south.
সশা, ক্ষীরা, a cucumber.
সসজ্জ, কৃতবেশধারণ, সন্নদ্ধ, প্রস্তুত, dressed, harnessed, armed, accoutred, ready, willing.
সসত্ত্বা, গর্ব্ভিণী, *f.* pregnant, quick, with child.
সস্ত্রীক, স্ত্রীবান্, স্ত্রীসহিত, ভার্য্যাকে সঙ্গে করিয়া, having a wife, with his wife, accompanied by his wife.

সস্য, বৃক্ষাদির ফল, শাঁস, corn, grain, fruit, the kernel, &c.
সহ, সহিত, সমভিব্যাহারে, প্রস্তু, ভোগী, with, together with, in company with; *affix*: enduring, suffering.
সহকার, সহকারিতা,—সাহায্য, অনুকূলতা, প্রতিপালক, aid, assistance, help, instrumentality, co-operation, patronage, a patron, helper, &c.
সহকারী, অনুকূল, সহায়, সঙ্গী, মিত্র, উপকারী, co-operating, &c; an assistant, helper, co-adjutor, ally, patron.
সহক্রীড়, বয়স্য, খেলাড়ু ভাই, a play-fellow, play-mate
সহগন্ত্রী, সহগামিনী,—সতী, চিতারূঢ়া, চিতারোহিণী, a Satí or woman who burns on the funeral pile of her husband.
সহগমন, চিতারোহণ, concremation, or burning of a widow.
সহচর, অনুগত, সঙ্গী, সাথী, বন্ধু, an attendant, follower, associate, companion, friend.
সহচর, সহচারী,—সমভিব্যাহারী, অনুগামী, attending, accompanying, moving with. [confidante.
সহচরী, দূতী, সখী, বয়স্যা, a female attendant, companion,
সহজ, অকঠিন, লঘু, সামান্য, স্বাভাবিক, নিগু, অন্তর্জাত, এককালীন জাত, সহোদর, easy, trivial, common, light, slight, trifling, ordinary, natural, inherent, innate, born with one, cognate; a full brother, a twin.
সহজে, অনায়াসে, ধীরে, সুখে, easily, without force, quietly, tranquilly, at ease.
সহধর্ম্মিণী, বেদ প্রমাণে বিবাহিতা স্ত্রী, a wife married according to the ritual of the Veds, and a sharer in her husband's merits. [tain, endure.
সহন, দুঃখভোগ করণ, ভার বহন, to bear, suffer, support, sus-
সহনশীল, সহিষ্ণু, স্থিরমনাঃ, ধীর, সহনে ক্ষম, enduring, patient of, capable of suffering, &c. [able, &c.
সহনীয়, সহ্য,—সহিবার যোগ্য, endurable, tolerable, support-
সহবর্ত্তী, সঙ্গী, অনুচর, মিত্র, সহায়, সখা, attending, present with; a follower, attendant, adherent, friend, associate, companion.
সহবাস, একত্র থাকা, সংসর্গ, সঙ্গকার, a co-residence, dwelling together, associating. [ing of a widow.
সহমরণ, প্রজ্বলিত চিতাগ্নিতে প্রবেশ, concremation or the burn-

সহমান, দুঃখবিশিষ্ট, ভারগ্রস্ত, enduring, suffering, sustaining.
সহমৃতা, যে স্ত্রী সতী হইয়াছে, a woman who, becoming a satí, has burned with her husband's body.
সহসা, আশু, হঠাৎ, অকস্মাৎ, বিনা বিবেচনাতে, প্রমাদে, hastily, unawares, suddenly, precipitately, rashly.
সহস্র, দশ শত, a thousand. [time, at once.
সহযোগে, সঙ্গে, একেবারে, together, in company, at the same
সহায়, সহকারী, অনুকূল, মিত্র, বন্ধু, অনুচর, আনুকূল্য, উপকার, a helper, assistant, co-adjutor, ally, auxiliary, patron, friend, follower, patronage, assistance, succour, help, relief, co-operation.
সহায়তা, সহকারিতা, উপকার, alliance, co-operation, help, aid.
সহায়ী, অনুকূল, উপকারক, aiding, &c. an assistant, helper, &c.
সহিত, সমভিব্যাহৃত, সহ, একসঙ্গে, সাথে, accompanied by, associated with, with, together with, in company with. [patient.
সহিষ্ণু, সহনশীল, ক্ষমাশীল, patient of, enduring, resigned,
সহিষ্ণুতা, সহনশীলতা, ধৈর্য্য, ক্ষমাশীলতা, patient endurance, resignation, constancy, patience, long-suffering.
সহোদর, একমাতৃজাত, সগর্ভ্য, a full-brother, one of whole blood.
সাংশয়িক, অনিশ্চিত, সন্দিগ্ধ, doubtful, doubting, suspicious.
সাংসারিক, সংসার অথবা পরিবার সম্বন্ধীয়, বিষয়ী, কামুক, mundane, earthly, worldly, secular, domestic, sensual.
সাঁকো, সংক্রম, a bridge. [sketch, a blank-book.
সাঁচ, ছাঁচ, ছাপ, ঠাট, খসড়া, a mould, form, die, print,
সাঁচা, সত্য, যথার্থ, সরল, true, genuine, honest, sincere.
সাঁচি, নবীন, টাট্কা, যথার্থ, অত্যুত্তম, new, recent, fresh, genuine, superior, excellent, best.
সাঁজ, সাঁঝ,—সন্ধ্যাকাল, প্রদোষ, evening, close of day, dusk.
সাঁজো, সাজো,—সদ্যোজাত, নবীন, টাট্কা, new, new-made, fresh, sound, recent.
সাঁজোয়া, অস্ত্র নিবারণার্থ পরিধেয় কবচ, armour, a coat of mail.
সাঁড়াশী, সন্দংশ, a pair of tongs, pincers, tweezers, forceps.
সাঁজড়ন, সাজান, যোটান, সাজ লাগান, to yoke, to harness.
সাঁতরণ-আণ, সাঁতারণ,—সন্তরণ, ভাসন, to swim, to float.
সাঁতার, সন্তার, ভাসা, a swimming, floating, act of swimming.

সাঁটন, লুণ্ঠন, ভরণ, বৃদ্ধি পাওন, আঁটন, to writhe, toss about, to be full as the stomach, to be wealthy, to threaten. [gravy or condiment.

সাঁতলান, ফোড়ন, সম্বরণ, to season, spice, add seasoning to a

সাঁধন-আন, প্রবেশ করণ, ঢুকন, ঘুষণ, to enter, go in, penetrate, creep into.

সাঁধি, সন্ধি, ফাক, ছিদ্র, a crevice, chink, hole, crack.

সাকল্য, সমুদায়, সমূহের ঐক্য, মোট, একুন, the whole, all, entire, a total, sum, amount, totality.

সাকাঙ্ক্ষ, ইচ্ছুক, অভিলাষী, willing, desirous, having desire.

সাকার, আকারবিশিষ্ট, রূপবান্, প্রপঞ্চ, দৈহিক, having shape or form, material, bodily. [idolatry.

সাকারসেবা, পুত্তলাপূজা, worship of images or material forms,

সাক্ষাৎ, গোচরে, সম্মুখে, অগোপনে, মিলন, আলাপ, পরম্পরা বিনা, প্রস্তুত, সমক্ষ, প্রত্যক্ষ, বাস্তবিক, in sight, view or presence of, before, visibly, manifestly, openly, publickly; an interview, visit, audience, meeting; immediate, present, visible, direct, before the eyes, obvious, very, real, own.

সাক্ষাৎকার, সম্মুখ, সন্দর্শন, a person's presence, interview, audience. [bearing testimony.

সাক্ষী, প্রত্যক্ষদর্শী, জ্ঞাতা, প্রমাণকারী, a witness, eye-witness;

সাক্ষাৎকারক বা কারী,— ভেটনিয়া, মিলানিয়া, a visitor; visiting, introducing, procuring an interview.

সাক্ষাৎদ্রষ্টা বা দর্শী, সাক্ষী, দৃশ্যপ্রমাণে জ্ঞাতা, an eye-witness; having ocular proof. [a deposition.

সাক্ষ্য, প্রত্যক্ষ দর্শন, প্রমাণ, eye-witness, testimony, evidence,

সাগর, সমুদ্র, সিন্ধু, অর্ণব, the ocean, the sea.

সাগ্র, অগ্রবিশিষ্ট, অগ্রের সহিত, আগাল, pointed, having a point.

সাঙ্খ্য, কপিল মুনি কল্পিত দর্শন বিশেষ, one of the six philosophical systems, an atheistical philosophy.

সাঙ্গ. অঙ্গের সহিত, সমাপ্ত, ইতি, having all its parts, perfect, complete, finished, concluded, exhausted; finis. [in all its parts, the whole.

সাঙ্গোপাঙ্গ, সম্পূর্ণ, সর্ব্বাঙ্গ, সমুদায়, perfect, entire, complete

সাঙ্গাৎ, বন্ধু, সখা, সঙ্গী, a friend, an associate.

সাংঘাতিক, প্রাণনাশক, বধিক, deadly, fatal, murderous.
সাচিব্য, মন্ত্রিত্ব, আনুকূল্য, সুসার, আধিক্য, ministry, administration, assistance, friendship, cheapness, advantage in purchasing, &c. overplus.
সাজ, বেশ, সজ্জা, প্রয়োজনীয় দ্রব্য, অস্ত্রশস্ত্রাদি, dress, decoration, harness, accoutrements, necessaries, implements, instruments, tools.
সাজন, বেশধারণ, শোভন, to put on as a dress, to deck, adorn or accoutre oneself, to become, befit.
সাজা, দুগ্ধ ঘনীকরণার্থ অম্লীভূত দধি, sour curd, rennet, &c.
সাজান, সুবেশকরণ, পরাণ, শোভান, সাজ লাগান, প্রস্তুত করণ, ভূষাণ, কর্ত্তন, to dress, adorn, deck, caparison, harness, accoutre, prepare, lay out, spread a table, arrange, set in order, garnish, trim, adjust.
সাজা, সাঝাই,—ভাগাভাগি, partnership, coparceny.
সাজী, সাঝী,—ভাগী, অংশী, a partner, copartner.
সাজী, পুষ্পাধার, a flower-basket. [to the touch.
সাড়, চৈতন্য,ব্যথনীয়ত্ব, feeling, sense of feeling, sensibility
সাড়া, শব্দ, উত্তর, চিহ্ন, ঠার, sound, speech, voice, an answer when called, a sign, signal, nod, &c.
সাড়ে, সার্দ্ধ, and a half, (an affix to numerals.)
সাত, সপ্ত, seven.
সাতে, সাতি, সাথ, সাথে,—সহিত, সমভিব্যাহারে, মধ্যে, with, together with, in company with, among.
সাত্ত্বিক, সাত্বিক,—সত্ত্বগুণাবলম্বী, সুশীল, সাধু, হিতৈষী, সরল, সত্য, সত্ত্বগুণজ, virtuous, amiable, well-disposed, pious, holy, benevolent, true, sincere, authentic, relating to or proceeding from the quality of goodness or truth.
সাথী, সঙ্গী, সহায়, অনুচর, a companion, comrade, mate, associate, ally, attendant, adherent.
সাদ, সাধ,—আকাঙ্ক্ষা, প্রার্থনা, a wish, desire, prayer.
সাদী, গামী, আরোহী, *affix:* moving, going, riding upon.
সাদৃশ্য, তুল্যতা, ঐক্য, সাম্য, উপমা, দৃষ্টান্ত, উদাহরণ, likeness, similarity, similitude, resemblance, comparison, an instance, example, authority for.

সাদা, সরল, সাধু, শ্বেত, candid, sincere, frank, artless, inoffensive, honest, white, blank, plain.

সাধক, নিষ্পাদক, ভক্ত, উপাসক, effecting, &c. devout; a worshipper, a devotee.

সাধন, নিষ্পাদন, নির্বাহন, ঘটান, প্রতিপাদন, সাভ্যস্ত করণ, অভীষ্টসিদ্ধ হওন, অভ্যাস করণ, যাচন, পরমার্থের অনুষ্ঠান, প্রতিযত্ন, প্রয়াস, যদ্দ্বারা হয়, উপায়, অস্ত্রশস্ত্রাদি, হেতার, দ্রব্য, বস্তু, প্রমাণ, দণ্ড দাপন, মৃতসংস্কার, অন্ত্যেষ্টিক্রিয়া, to effect, effectuate, accomplish, procure, bring about, perform, prove, establish, prevail upon, obtain one's wishes, to exercise oneself in a thing, to solicit; exercise, especially devotional exercise, effort, labour to accomplish an object, means of doing so, an expedient, contrivance, instrument, instrumental cause, material, matter, substance, proof, authority, logical premises, enforcement of legal sentence, levying of fines, &c, funeral obsequies.

সাধনা, আরাধনা, প্রার্থনা, মানাপনয়নবাক্য, worship, adoration, prayer, humble entreaty, solicitation.

সাধনীয়, নিষ্পাদ্য, সম্ভাবনীয়, accomplishable, practicable, possible.

সাধারণ, সামান্য, তুচ্ছ, অবিভক্ত, দুর্লভ্য, common, ordinary, held in common, undivided, general, joint, scarce.

সাধারণ্য, এক বস্তুতে অনেকের অধিকার, a common right.

সাধিত, নিষ্পন্ন, সিদ্ধ, সম্মতীকৃত, অভ্যস্ত, সুশিক্ষিত, accomplished, effected, made effectual, persuaded, wrought upon, practised, well-versed.

সাধু, সদ্ব্যবহারবন্ত, সজ্জন্, সরলান্তঃকরণ, মহাকুলীন, শুদ্ধ, উত্তম, উত্তমর্ণ, pious, holy, pure, righteous, good, honest, well-born, proper, correct, classical; a usurer, money-lender, creditor.

সাধ্য, যত্নদ্বারা নিষ্পাদ্য, সম্ভব, অভিপ্রেত, উপাস্য, ক্ষমতা, কল্প, practicable, possible, accomplishable; the object to be accomplished, &c. the object of worship or supplication, ability, power, option, permission, leave, liberty.

সাধুবৃত্তি, সদ্ব্যবহার, observance of prescribed ordinances, &c. correct conduct. [as far as possible.
সাধ্যক্রমে বা মতে, যথাশক্তি, to the utmost of one's ability,
সাধ্যসাধনা, মানাপনয়ন বাক্য সমূহের প্রয়োগ, মিতান্ত প্রার্থনা, earnest intreaty, urgent supplication.
সাধেং, অপ্রয়োজনে, not urgent or necessary, not pressing.
সাধ্যসিদ্ধি, অভিপ্রেত প্রাপ্তি, অভীষ্ট সাধন, বাঞ্ছিত লাভ, success in a suit, accomplishment of an object.
সাধ্বী, পতিব্রতা, সতী, সুচরিত্রা, *f.* a chaste or virtuous wife, a good or pious woman. [of feeling.
সান, সাড়, চৈতন্য, feeling, sensibility to touch, sense
সানন্দ, আহ্লাদিত, উল্লসিত, joyful, happy, festive, gay.
সানায়ী, মুরলী, বংশী, বেণু, a flute, fife, pipe, whistle.
সানু, পর্বতের সমান স্থান, প্রস্থ, শৈলশৃঙ্গ, flat or table land on a mountain. [ble, favouring.
সানুকূল, প্রসন্ন, উপকারী, প্রতিযোগী, propitious, kind, favoura-
সান্নিপাতিক, সন্নিপাত সম্বন্ধীয় রোগ, consisting in or relating to morbid inflammation of the humours.
সান্ত্বন-া, আশ্বাস, প্রবোধকরা, থামানি, শান্তি, দমন, উপশম, comfort, consolation, condolence, soothing, pacification, reconciliation, quieting, quelling, abatement of disease. [orable, &c.
সান্ত্বনীয়, আশ্বসনীয়, থাম্য, to be comforted or pacified, ex-
সান্নিধ্য, নৈকট্য, সামীপ্য, nearness, vicinity, proximity.
সাপ, সর্প, ভুজঙ্গ, a serpent, a snake. [rupt.
সাপকর্ষ, মন্দ, অপকৃষ্ট, দুঃশীল, দুষ্ট, evil, bad, ill-disposed, cor-
সাপত্ন্য, সপত্নীর ভাব, পতির অন্য স্ত্রী সাহিত্য, রিপু, plurality of wives or the condition of a co-wife, an enemy.
সাপরাধ, দণ্ডযোগ্য, কৃতাপরাধ, দোষী, guilty, in fault; an offender.
সাপুড়্যা, ওঝা, a snake-charmer, snake-catcher.
সাপেক্ষ, পরাধীন, আশান্বিত, আশাসম্বলিত, dependant, expectant, attended with expectation. [tighten.
সাপ্টন, সংগ্রহ করণ, আঁটন, to gather, put together, bind,
সাপ্টা, মিশ্রিত, গড়, mixed, promiscuous; medly, bulk, gross.
সাফল্য, ফলের সাহিত্য, ফলোৎপত্তি, প্রয়োজন সিদ্ধি, অভীষ্টসিদ্ধি, fruitfulness, productiveness, efficacy, success.

সাবকাশ, নিষ্কর্ম্মা, প্রাপ্তবিশ্রাম, বিরাম কাল, idle, unoccupied, at leisure, disengaged, affording leisure; vacation, interval of occupation, spare time.

সাবধান, সমাহিতান্তঃকরণ, মনোযোগী, প্রজ্ঞ, বিবেকী, সতর্ক, attentive, studious, diligent, careful, prudent, intelligent, circumspect, discreet, cautious, wary, vigilant, reserved.

সাবন, ত্রিশ দিবস পরিমাণ কাল, সৌরমাস, a month of 30 solar days.

সাবনদিন, সূর্য্যোদয় অবধি উদয় পর্য্যন্ত, a full solar day.

সাবিত্রী, গায়ত্রী, the Gáyatrí or sacred hymn to the sun.

সাভ্যস্ত, সাব্যস্ত,—স্থিরীকৃত, প্রমাণসিদ্ধ, নির্ণীত, প্রমাণ, নিদর্শন, confirmed, established, settled, proved, evident; a warrant, proof, certain evidence.

সাম, তৃতীয় বেদ, শান্তকরা, the 3d. of the Veds, conciliation.

সামগ, সামবেদ পাঠক, a chanter or reciter of the Sáma Ved.

সামগ্রী, দ্রব্য, বস্তু, অস্ত্রপাত্রাদি, a thing, article, material, ingredient, stuff, utensil, furniture, goods.

সামঞ্জস্য, মেল, বিরোধাভাব, সমন্বয়, সাধারণ্য, অধিকারেতে সমানভাব, অল্পব্যয়ী, সাধু, reconciliation, settlement of differences, agreement, consistency, equality or community of rights; frugal, just, virtuous.

সামন্ত, সীমাস্থ, প্রতিবাসী, নিকটবর্ত্তি দেশের রাজা, প্রজা, bordering, neighbouring; a neighbouring prince, subjects.

সাময়িক, সময়োচিত, কালোপযুক্ত, ক্ষণিক, উক্তকালোপস্থিত, তৎকালীন, যথাকাল, স্বকাল ভাবিয়া, seasonable, opportune, temporary, provisional, punctual, exact to the time, adapted to the time or season, timeserving.

সামর্থ্য, বল, ক্ষমতা, ability, power, strength, adequacy, fitness.

সামাজিক, সমাজস্থ লোক, সভাসদ্, সভ্য, সভাস্থ, পাংক্তেয়, of or belonging to a society or community, of respectable rank, admissible to society.

সামান্য, সাধারণ, প্রচলিত, উত্তম নয়, অপকৃষ্ট, তুচ্ছ, ক্ষুদ্র, জঘন্য, সামঞ্জস্য, common, held in common, general, usual, ordinary, inferior, low plebeian, trivial, insignificant, vulgar; community of rights.

সামাল, অবধান, বিলীকরা, care, caution, careful arrangement.
সামালন, সঞ্চয়ন, বিলীকরণ, স্বং স্থানে রাখন, মনোযোগ করণ, সুস্থ হওন, to collect together, arrange, place in order, stow carefully, attend, be careful, to amend.
সামিল, সম্বলিত, অন্তর্গত, শ্লেষ, সমুদায়, connected with, comprized in, included; a connection, a whole.
সামীপ্য, নৈকট্য, nearness, neighbourhood, contiguity.
সামুদ্র, সামুদ্রিক,—সাগরসম্বন্ধীয়, সমুদ্রোদ্ভব, marine, sea-born.
সামুদ্রক, সামুদ্রিক,—শরীরগতচিহ্নবেত্তা, তৎসম্বন্ধীয়, a chiromancer; relating to palmistry.
সামলন-আন, নিবারণ, প্রতীকার করণ, সহকারিতা করণ, to withstand, ward off, retrieve, defend, assist.
সাম্বৎসরিক, প্রতিবৎসর, বার্ষিক, আব্দিক, annual, yearly, relating to a year, occurring yearly.
সাম্প্রদায়িক, সামাজিক, সম্প্রদায়ের এক, সভ্য, পাংক্তেয়, পরম্পরাগত, প্রচলিত, of or belonging to a band, sect or society, reputable, respectable, in or admissible to good society, traditional, customary.
সাম্য, ঐক্য, সমভাব, সুসময়, শান্তি, স্থৈর্য্য, উপশম, হ্রাস, ন্যূনতা, equality, similarity, likeness, sameness, evenness, equilibrium, serenity, calmness, alleviation, moderation, moderating, diminution.
সাম্রাজ্য, রাজত্ব, অধিকার, প্রভুত্ব, empire, sway, rule, sovereign dominion.
সায়, সম্মতি, স্বীকার, assent, acquiescence, acknowledgement.
সায়ং, সায়ংকাল, সায়াহ্ন,—সন্ধ্যাকাল, দিনাবসান, evening, eventide, close of day.
সায়ক, বাণ, তীর, a dart, an arrow.
সায়ংকালীন, সন্ধ্যাকালীন, belonging to or in the evening.
সার, স্থিরাংশ, উত্তমাংশ, শ্রেষ্ঠ ভাগ, মর্ম্ম, কাষ্ঠাদির মাঝ, মজ্জা, রস, শর, শক্তভাব, তেজ, বল, বিক্রম, অতিসার, জ্ঞাতসার, ফল, গুণ, নৈপুণ্য, essence, substance, the best, essential or vital part, heart, pith, marrow, sap, cream, curds, solidity, strength, vigour, prowess, valour, manure, a dysentery, the object of knowledge, &c. use, worth, cleverness, skill.

সারক, ভেদজনক দ্রব্য, cathartic, laxative, purgative; a purge.

সারকুড়, গোবরকুণ্ড, ঘুঁটলা, a heap of manure. a dung-hill.

সারথি, স্যন্দনারোহ, রথী, a car-warrior, charioteer, coachman.

সারণ, সুস্থ হওন, শুধরণ, স্থূল বা শক্ত হওন, শুধরাণ, শুদ্ধ করণ, নিষ্পাদন, দমন, পরাস্ত করণ, মারণ, নষ্ট করণ, পরিষ্কার করণ, ঝাড়ন, শাসন, দণ্ড করণ, *v. n.* to amend, get well, recover, reform, be repaired, to grow fat, acquire substance, to grow, become firm; *v. a.* to mend, repair, refit, amend, improve, correct, remedy, rectify, finish, accomplish, to humble, overthrow, defeat, despatch, kill, exterminate, to clean, winnow, reclaim, retrieve, to punish, reform.

সারমাটী, গোময়যুক্ত মৃত্তিকা, ঘুঁটলা, manure, a dung-hill.

সারল্য, ঋজুভাব, অবক্রতা, অন্তঃকরণের শুদ্ধতা, straightness, uprightness, honesty, integrity, sincerity.

সারসংগ্রহ, সমুদ্ধার, একত্রীকৃত উত্তমাংশ, a compilation, collection.

সারস-ী, পক্ষী বিশেষ, *m. f.* the Siberian or Indian crane.

সারহীন, অসার, অশক্ত, নির্গুণ, অনর্থ, অকর্ম্ম, অকার্য্য, অলীক, unsubstantial, worthless, useless, superficial.

সারা, শুদ্ধকরা, হত্যা, সমুদায়, improvement, slaughter, &c. all, the whole, entire. [mended.

সারাণ, শুধরাণ, শুদ্ধীকৃত, to repair or cause to repair, &c.

সারাৎসার, অত্যুত্তমাংশ, শুদ্ধসার, সর্ব্বশ্রেষ্ঠ, essence, quintescence; most excellent, essential.

সারাল, সারযুক্ত, শক্ত, মজ্জাল, উর্ব্বরা, substantial, vital, solid, firm, close, pithy, vigorous, fertile.

সারার্থ, স্থিরাংশ, শক্ততা, মজ্জা, বিশেষ অভিপ্রায়, substance, pith, proper meaning, chief intention.

সারি, শ্রেণী, পংক্তি, a line, row, rank, tier, range. column.

সারিন্দা, বাদ্যযন্ত্র বিশেষ, a sort of lute or guitar. [the Mina.

সারী, সারিকা,—পক্ষিণী বিশেষ, ময়না, *f.* a species of parrot,

সারূপ্য, তুল্যাকৃতি, অনন্যতা, ঐক্য, perfect resemblance, identity.

সারোদ্ধার, সংক্ষেপ গ্রন্থ, সংগ্রহ, উত্তমাংশ, মর্ম্ম, অভিপ্রায়, নিশ্চয়, স্থির, a compilation in which is compressed the substance of a work, substance, drift, whole matter; peremptory, positive.

সার্থ-ক, অর্থযুক্ত, সপ্রয়োজন, মর্ম্মগ, সফল, হিতজনক, having a meaning, significant, to the purpose, effectual, profitable, useful. [significancy.

সার্থক্য, প্রয়োজন, সফলতা, অভিপ্রেত, usefulness, effectiveness,

সার্দ্ধ, দেড়, and a half; (an affix to numbers.)

সার্দ্র, ভিজা, তিমিত, wet, wetted, moist, damp.

সার্ব্বকালিক, সর্ব্বকালোপযুক্ত, চিরস্থায়ী, চিরকালিক, of or belonging to all times, suited to all seasons, permanent, perennial. [versal.

সার্ব্বত্রিক, সর্ব্বস্থানের, সর্ব্বময়, of or suited to every place, uni-

সার্ব্বভৌম, চক্রবর্ত্তি রাজা, সমুদায় পৃথিবী সম্বন্ধীয়, a universal monarch; of or relating to the whole earth.

সালগ্রাম, যে চক্রযুক্ত প্রস্তর বিষ্ণুর আধার বলিয়া মানে, the Sálgrám, a sacred stone worshipped as a representation of Vishnu, &c. [gods and sages.

সালোক্য, দেব ঋষ্যাদির সহবাস, a state of felicity among the

সাশ্রয়, সুমূল্যতা, বাহুল্য, cheapness, a low-price, plenty.

সাশ্রা, সুলভ, শস্তা, সুমূল্য, cheap, plentiful, low-priced.

সাস্র, সকোণ, কোণুয়া, angular, having an angle.

সাহঙ্কার, গর্ব্বান্বিত, দাম্ভিক, আত্মশ্লাঘী, proud, imperious, haughty, scornful, boasting, vain-glorious.

সাহচর্য্য, সাহিত্য, সঙ্গ, বন্ধুতা, সহকারিতা, company, society, association, fellowship, companionship, co-operation, attendance.

সাহস, বীর্য্য, বিক্রম, দুঃসাধ্য কর্ম্মে প্রবৃত্তি, দাম্ভিকতা, দৌরাত্ম্য, ক্রূরতা, বলাৎকার, courage, valour, resolution, daring, heroism, rashness, temerity, impudence, boasting, oppression, aggression, violence, rapine, cruelty, rape, ravishment. [rash.

সাহসশালী, বিক্রমী, নির্ভয়, bold, daring, courageous, valorous,

সাহসিক, সাহসী,—বিক্রমযুক্ত, তেজস্বী, নির্ভয়, দুরন্ত, প্রবল, টেঁটা, গরিমাযুক্ত, bold, resolute, gallant, spirited, courageous, undaunted, intrepid, rash, audacious, violent, insolent, imperious, boasting, &c.

সাহায্য, সহায়তা, সহকারিতা, সন্ধি, help, assistance, co-operation, aid, alliance, confederacy.

সাহিত্য, সঙ্গ, সংসর্গ, মেল, প্রণয়, society, companionship, association, connexion, friendship, intimacy.

সাহুকার, ধনাঢ্য, অঋণী, rich, opulent, independent, solvent.

সিউনী, সেচনী, a basket or other baling vessel.

সিংহ, মৃগেন্দ্র, পশুপতি, পঞ্চম রাশি, শ্রেষ্ঠ. a lion, the sign Leo; *in compos:* eminent, chief.

সিংহদ্বার, যে দ্বারে সিংহের আকার থাকে, a great gate, pillared entrance, portal.

সিংহনাদ, রণকালীন যোদ্ধাকৃত শব্দ, a war-shout, war-cry, vociferous onset.

সিংহাসন, সিংহাকারযুক্ত আসন বিশেষ, রাজাসন, a seat or throne supported by sculptured lions.

সিংহাসনস্থ, ভদ্রাসনস্থিত, রাজ্যাভিষিক্ত, seated on a throne, enthroned, reigning.

সিঁধ, সুরঙ্গ, a hole or breach made by house-breakers, a mine.

সিঁধকাটী, সিঁধালের সিঁধ কাটিবার অস্ত্র, a house-breaker's crow.

সিঁধাল, চোর, সুরঙ্গকারী, a house-breaker, a thief, a miner.

সিকতা, বালুকা, বালী, বালীময় ভূমি, অশ্মরী, sand, a sandy soil, the stone or gravel.

সিজন, সেকন, ভাপন, to boil, cook, to reek, smoke, steam.

সিজান, পাক করণ, ভিজান, স্বিন্ন করণ, ভাপোত্থাপন, to boil, cause to boil, seethe, steep, infuse, to warm, cause to throw up steam.

সিত, শুক্ল, শুভ্র, গৌর, white, bright, light-coloured.

সিদ্ধ, পক্ক, ক্বথিত, স্বিন্ন, প্রস্তুত, সম্পন্ন, নিষ্পন্ন, কৃতকার্য্য, সম্পূর্ণ, পূর্ণ, সাভ্যস্ত, সত্য, অব্যর্থ, বিখ্যাত, দেবযোনি, cooked, boiled, sodden, infused, steeped, prepared, made ready, effected, accomplished, concluded, completed, decided, fulfilled, perfect, proved, established, real, right, infallible, celebrated, famous; a class of demigods.

সিদ্ধপুরুষ, যোগবলে অলৌকিক ক্ষমতা বিশিষ্ট, মহাপুরুষ, one who by devout abstraction and severe mortification has acquired spiritual perfection and superhuman powers, &c.

সিদ্ধসাধ্য, সিদ্ধার্থ,—অভীষ্টসিদ্ধ, কৃতার্থ, কৃতকার্য্য, having accomplished his object, successful.

সিদ্ধান্ত, রাদ্ধান্ত, বিতর্ক, নিষ্পত্তি, মীমাংসা দর্শন, a demonstration, a conclusive argument, established truth, logical induction, decision, the Mímángsá philosophy.

সিদ্ধান্তী, মীমাংসাদর্শনবেত্তা, a follower of the Mímángsá philosophy.

সিদ্ধি, সম্পত্তি, ফলোদয়, বাঞ্ছিত প্রাপ্তি, নিষ্পত্তি, নির্ণয়, সিদ্ধান্ত, যোগবল, মাদক পর্ণ বিশেষ, accomplishment, completion, effect, fulfilment, success, decision, sentence, award, accuracy, logical proof, ascetic perfection, acquirement of supernatural powers, a leaf of a narcotic quality.

সিধা, ঋজু, সরল, শুদ্ধান্তঃকরণ, straight, even, upright, honest, sincere.

সিন্দূর, রক্তবর্ণ চূর্ণ বিশেষ, নাগজ, vermillion, red-lead, minium.

সিন্ধু, সমুদ্র, নদ বিশেষ, তন্নিকট দেশ, the ocean, the river Indus, the country on its banks.

সিয়ন, সিঁয়ন, -আন, —বস্ত্রাদি সীবন, to sew, stitch, mend, vamp.

সিষাধয়িষা, সাধিবার ইচ্ছা, desire to accomplish an object.

সিসৃক্ষা, সৃজনের ইচ্ছা, a desire to create or produce.

সীয়ান, সীবন, to sew, to stitch, work as a taylor.

সীতা, সীমন্ত, —কেশের বিভাগকরা, ফালকৃত রেখা, the parting of the hair on the forehead, a plough-furrow.

সীমন্তোন্নয়ন, গর্ভবতীর সংস্কার বিশেষ, a ceremonial parting of the hair, &c. at certain periods of pregnancy.

সীমন্তিনী, স্ত্রীলোক, a woman, *q. d.* one who parts the hair.

সীমা, সীমানা, —অন্ত, ধার, অবধি, পর্য্যন্ত, অঞ্চল, an end, margin, limit boundary, extent, landmark, barrier, confines, border, frontier.

সীবন, সূচিকর্ম্ম, sewing, taylor's work; to sew, to stitch.

সীসক, সীসা, —ধাতু বিশেষ, lead.

সু, ভাল, অনায়াস, অতিশয়, অতি, সহজ, উত্তম, সুন্দর, প্রিয়, *pref*: well, easily, exceedingly, quite, very, most; easy, good, excellent, agreeable, fine, handsome.

সুঁতি, চড় ও নদীকূল উভয়ের অন্তরগামি মন্দস্রোত, the space between a river's bank and a shoal.

সুকণ্ঠ, উত্তমস্বরবিশিষ্ট, সুগায়ক, having a sweet voice.

সুকর, অকষ্টে সাধ্য, সুসাধ্য, easy to be done, practicable.

সুকর্ম্মা, সাধু, সংব্যবহারী, নিপুণ, virtuous, good, skilful, active.
সুকাল, নিরীহ সময়, শুভিতা, fine weather, a serene atmosphere.
সুকৃত, অকষ্টে সাধ্য, সুন্দররূপে কৃত, পুণ্যবান্, ধন্য, easily done, well done, pious, fortunate.
সুকৃত, সুকৃতি,—পুণ্য, শ্রেয়ঃ, সৎকর্ম্ম, আনুকূল্য, সৌভাগ্য, virtue, goodness, moral merit, well-doing, a good deed, kindness, friendliness, kind offices, good fortune, auspiciousness.
সুকৃতিপত্র, শপথ লিপি, a written oath or affidavit to the truth of one's testimony. [fortunate.
সুকৃতী, পুণ্যবান্, কুশলী, ভাগ্যবন্ত, virtuous, good, pious, happy,
সুখ, আনন্দ, হর্ষ, নির্বিঘ্নতা, অনায়াস, pleasure, enjoyment, delight, happiness, ease, facility.
সুখড়, ধন্য, হর্ষিত, নির্বিঘ্ন, happy, delighted, pleasant, easy.
সুখদ, আমোদজনক, তৃপ্তিকর, conferring pleasure &c. pleasant, refreshing. [pleasant.
সুখশালী, আমোদযুক্ত, প্রিয়, happy, delightful, agreeable,
সুখসাগর, আনন্দার্ণব, হর্ষ, an ocean of pleasure, great delight.
সুখাত্মক, আনন্দস্বরূপ, সদানন্দ, identified with pleasure, essentially happy. [ing pleasure.
সুখাবহ, সুখের কারণ, আমোদজনক, affording enjoyment, bring-
সুখী, ধনী, কল্যাণী, কুশলী, happy, at ease, full of enjoyment.
সুখ্যাত, সুখ্যাত্যাপন্ন,—যশস্বী, প্রসিদ্ধ, in repute, celebrated, famed, well-spoken of, &c.
সুখ্যাতি, যশঃ, কীর্ত্তি, fame, celebrity, renown, reputation.
সুগঠন, সুন্দর আকৃতি, সুডৌল, সুঢপ, beauty of person or structure; well-shaped, well-formed, &c.
সুগতিক, সুখ, উত্তম দশা, সুডৌল, a happy state or condition, having a good gait. [perfume.
সুগন্ধ, উত্তম বাস, সুরভি, a sweet scent, odour, fragrance,
সুগম, সুগম্য,—গন্তব্য, চলনার্হ, সুপথ, অকঠিন, সহজ, স্পষ্ট, accessible, passable, good as a road, practicable, easy, easy of comprehension.
সুগোচ, অনায়াসসিদ্ধি, সাঙ্গ, easy accomplishment, a finis.
সুগোচর, অতিস্পষ্ট, ব্যক্ত, প্রত্যক্ষ, বিদিত, very clear, obvious, evident, well-known.

সুগ্রীব, সুন্দর গলা বিশিষ্ট, having a fine or handsome neck.
সুঘটন, সুযোগ, সৌভাগ্য, an auspicious circumstance, good luck. [late.
সুচির, বহুকাল, অতিশয় বিলম্ব, very long, a long while, very
সুচেতাঃ, সুশীল, সূক্ষ্মবুদ্ধি, জাগ্রৎ, সচকিত, সতর্ক, well-disposed, of quick perception, vigilant, wary, cautious.
সুজন, সুশীল, হিতৈষী, শিষ্ট, ভদ্র, সৎ লোক, good-natured, kind, benevolent, civil, polite, virtuous, good.
সুজন্মা, ঔরসজাত, সাধু লোক, lawfully begotten, well-born, virtuous, genteel, creditable, respectable.
সুজি, গোধূম চূর্ণ, আটা, coarse flour.
সুজীর্ণ, ঘাতঘাম, পূরাতন, চিরন্তন, প্রাপ্তপাক, quite worn out, thread-bare, very old, well-digested.
সুড়ঙ্গ, সুরুঙ্গা, আকর, সিঁধ, a hole in the earth, a mine, breach, a hole in a wall, &c. made by house-breakers.
সুডৌল, সুঢপ,—সুন্দরাকৃতি, সুদৃশ্য, well-shaped, well-formed, elegant, handsome. [shallow.
সুড়ী, অপ্রশস্ত পথ, সরু, a narrow path; narrow, little,
সুত, সুতা,—পুত্রপুত্রী, আত্মজ, *m. & f.* a son and daughter.
সুতরাং, অবশ্যই, প্রত্যক্ষে, নিতান্ত, অতএব, certainly, undoubtedly, surely, indeed, evidently, consequently, necessarily, of course. [the 6th hell.
সুতল, পোট, গোড়, নরক বিশেষ, a foundation, basement, base,
সুতান, সুস্বর, উত্তমগান, সুশ্রাব্য, melody, harmony; harmonious, &c. [nice.
সুতার, স্বাদুল, রসাল, মিষ্ট, well-flavoured, savoury, palatable,
সুদিন, উত্তম সময়, শুভকাল, a fine or auspicious day.
সুদূর, বহু ব্যবধান দেশ, অতিদূর, remote, very distant, very far.
সুদ্ধ, সমেত, মাত্র, with, together with; only, merely.
সুধর্ম্মা, গৃহস্থধর্ম্মপালক, one who fulfils his family duties.
সুধা, অমৃত, ambrosia, nectar, water of immortality.
সুধাকর, সুধাংশু,—চন্দ্র, নিশাপতি, the moon.
সুধান, প্রশ্ন করণ, জিজ্ঞাসন, পুছন, to ask, enquire, question.
সুধী, সুধীর,—বুদ্ধিমান্, বিচক্ষণ, পণ্ডিত, highly learned, wise, clever, acute, sensible; a Pandit.
সুধু, কেবল, মাত্র, only, merely, entirely, purely.

সুনৃত, সত্য এবং প্রিয়বাক্য, an agreeable truth.
সুন্দর-ী, সুরূপ, চারু, কান্ত, শোভন, উত্তম, বিলক্ষণ, *m. f.* handsome, beautiful, fair, fine, good, excellent.
সুপথ, সুন্দর বর্ত্ম, সচ্চরিত্র, a good road, a virtuous course.
সুপথ্য, অপীড়াকর আহারাদি, wholesome, (diet or medicine.)
সুপাত্র, সৎ লোক, কর্ম্মোপযুক্ত, ক্ষমতাবান্, বিচক্ষণ, a good man, a suitable person; duly qualified, able, clever.
সুপারী, গুবাক, the areca or betel-nut.
সুপ্ত, নিদ্রিত, ঘুমান, শয়িত, asleep, laid to sleep, sleeping.
সুপ্তি, নিদ্রা, ঘুম, নিদ্রাকর্ষণ, sleep, sleeping, drowsiness.
সুপ্রকাশ, মেঘরহিত, সুসময়, শুভিতা, clear or fair as weather; a bright day.
সুবচনী, স্ত্রীলোকের সেবিতা দেবী বিশেষ, a goddess worshipped by women.
সুবর্ণ, উত্তম বর্ণ, স্বর্ণ, সোণা, কনক, উত্তম জাতি, স্বর্ণমুদ্রা, a fine colour, gold, a respectable class in society, a gold mohur.
সুবিধ, উত্তম প্রকার, সহজ, শুভিতা, of a good kind, good, easy; fair weather.
সুবুদ্ধি, মতি, মতিমান্, বুদ্ধিমান্, প্রজ্ঞ, শিষ্ট, a good understanding; wise, intelligent, sensible, docile.
সুবেশ, সুরূপ, সুন্দর, সুশ্রী, handsome, elegantly dressed.
সুবোধ, নিশ্চয়জ্ঞান, বিজ্ঞতা, পণ্ডিত, জ্ঞানবান্, a correct idea, sound judgment, accurate knowledge, intelligence; sensible, intelligent, well-informed.
সুব্রত, উত্তম নিয়ম, নিয়মপালক, an excellent observance; strictly observant of vows, &c.
সুভগ, শুভ, প্রিয়, fortunate, auspicious, liked, beloved.
সুভগা, সৌভাগ্যবতী, পতির প্রেয়সী, *f.* fortunate; a beloved or favourite wife.
সুভিক্ষ, অনাকাল, শস্যাদির বাহুল্য, abundance, plenty, (opposed to dearth.)
সুভোক্তা, সুভোগী,—উত্তমাহারী, উদরসর্ব্বস্ব, পেটুক, dainty or nice in eating; an epicure.
সুমতি, সুমনাঃ,—সৎ কর্ম্মেতে প্রবৃত্তি, উত্তম বুদ্ধি, সরলান্তঃকরণ, সুশীল, excellence of disposition, kindness, intelligence; well-disposed, kind.
সুমানুষ, সজ্জন, শিষ্ট লোক, a good or respectable man, a gentleman.
সুমুখ, উত্তমাস্য, সুন্দর, a fine face, good features; handsome.

সুমেধাঃ, বুদ্ধিমন্ত, প্রাজ্ঞ, sensible, clever, of good parts or capacity. [a close fit, &c.

সুমেল, অবয়বের সমতা, সমভাব, সংলাগ, symmetry, proportion,

সুযোগ, সুঘটন, উত্তম সময়, যোত্র, নির্বাহ, a favourable opportunity, suitable time, good luck, means, supply.

সুর, দেবতা, স্বর, a god, a deity, a voice, a tune.

সুরঙ্গ, সুরুঙ্গা—সিঁধ, গর্ত্ত, a hole in a wall, &c. made by housebreakers, an excavation, mine, breach.

সুরপুরী, সুরালয়,—ইন্দ্রের ধাম, স্বর্গ, সুমেরু পর্ব্বত, the capital of Indra or heaven of the gods, mount Meru.

সুরভি, সুগন্ধ, বসন্ত, a perfume, odour, fragance, the spring.

সুরর্ষি, নারদাদি ঋষি, a divine sage as Nárada.

সুরলোক, স্বর্গ, ইন্দ্রধাম, the heaven of Indra & the immortals.

সুরা, মদ্য, অমৃত, spirituous liquor, nectar. [king.

সুরাজক, উত্তম রাজার প্রভূত, well-governed, ruled by a good

সুরাপ-য়ী, মদ্যপ, মাতাল, drinking spirits, &c. a tipler, a sot.

সুরারি, অসুর, দৈত্য, an *Asur* or enemy of the gods, a Titan.

সুরূপ, উত্তমাকৃতি, সুন্দর, a fine form, beauty; handsome, beautiful, well-formed.

সুরেন্দ্র, ইন্দ্র, সুরপতি, Indra, the sovereign of the gods.

সুলভ, সুলভ্য,—সুসাধ্য, অকষ্টে প্রাপ্য, সুমূল্য, easy, feasible, easily obtainable, of easy acquisition, cheap.

সুশীল, সত্ত্বগুণ, সচ্চরিত্র, সৎপ্রকৃতি, সুস্বভাব, উত্তম, good-nature, goodness or amiableness of disposition; well-disposed, amiable. [adept.

সুশৃঙ্খল, সানুক্রম, ক্রমাগত, নিপুণ, দক্ষ, orderly, regular, expert,

সুশ্রাব্য, শ্রবণে সুখজনক, কর্ণগোচর, agreeable to the ear, melodious, harmonious, sweet, audible.

সুশ্রী, সৌন্দর্য্যবন্ত, কান্ত, personable, handsome, beautiful.

সুষুপ্ত, ঘোরনিদ্রান্বিত, fast or sound asleep, in a dead sleep.

সুষুপ্তি, ঘোরনিদ্রা, a sound or deep sleep.

সুসজ্জ, উত্তম সজ্জাযুক্ত, সন্নদ্ধ, প্রস্তুত, well-armed, accoutred, caparisoned, prepared, in readiness, quite ready.

সুসময়, উত্তম ক্ষণ, উপযুক্ত কাল, উন্নতির কাল, a suitable or auspicious season, fit opportunity, prosperity, ease.

সুসহ, সুসহ্য,—লঘুভার, অকষ্টে সহনীয়, easy to be borne, tolerable.

সুসাধ্য, অকষ্টে সাধ্য, হওনযোগ্য, সম্ভব, সহজ, easily accomplished, quite practicable, quite possible, easy.

সসার, সম্পত্তি, যোত্র, নির্বাহ, উপায়, প্রতুল, ঋণদান, উপকার, কর্ম্মচালা, substance, wealth, competency, ability to pay, an adequate provision for any undertaking, necessary means, supply, sufficiency, an accommodation, help, a loan, management.

সুস্থ, সুখী, নির্বিঘ্ন, ধনবান্, প্রাপ্তকল্যাণ, আরোগ্য, well-circumstanced, comfortable, faring or living well, happy, at ease, healthy, well.

সুস্থির, স্থাবর, অটল, ধীর, চাঞ্চল্যরহিত, fixed, stable, firm, steady, calm, unmoved. [intelligible.

সুস্পষ্ট, অতিব্যক্ত, নিশ্চয়, সুবোধ্য, clear, very evident, distinct,

সুহৃদ্, মিত্র, বন্ধু, সখা, সহায়, a friend, associate, ally.

সুহৃদয়, শুদ্ধান্তঃকরণ, অনুকূল, উপকারক, kind-hearted, affectionate, friendly, favourable.

সুহৃদ্ভেদ, বিরোধ, অপ্রীতি, প্রীতিভঙ্গ, interruption of friendship, the sowing of dissension among friends.

সূক্ষ্ম, অল্প, তনু, সরু, অস্থূল, ক্ষীণ, পাতল, লঘু, প্রকৃত, ঠিক, প্রখর, ইন্দ্রিয়াতীত, little, small, minute, delicate, fine, thin, shrill, neat, exact, accurate, subtile, nice, precise, ingenious, imperceptible.

সূক্ষ্মদর্শী, বিশেষজ্ঞ, প্রখর, প্রজ্ঞ, of quick perception, sharp-sighted, acute, intelligent. [witty.

সূক্ষ্মধী, প্রজ্ঞ, বিবেকী, রসিক, shrewd, sharp, keen, ingenious,

সূক্ষ্মবোধ, প্রখরবুদ্ধি, নিশ্চয়জ্ঞান, বিবেক, বিশেষজ্ঞান, penetration, keenness of intellect, an accurate conception, perception of minute differences.

সূচ, সূচি,—সূঁই, বস্ত্রাদি সীবনের লৌহশলা, a needle.

সূচক, জ্ঞাপক, বোধক, চর, কর্ণেজপ, অনুষ্ঠাপক, indicating, pointing out, discovering, boding, portending, indicative of; an informer, a spy, a beginner.

সূচনা, ঠার, বিজ্ঞাপনা, প্রস্তাব, বৃত্তান্ত, রব, an indication, information, communication, mention, report.

সূচন-আন, জানান, দেখান, প্রকাশন, লক্ষণ দর্শান, to point out, indicate, forebode, portend, forewarn,

সূচাল, সূচালু,—আগাল, সাগ্র, বেধক, pointed, sharp, piercing.
সূচিজীবী, সিঁয়ানিয়া, living by his needle; a taylor.
সূচীপত্র, সূজিপত্র,—নির্ঘণ্ট, অনুক্রমণিকা, an index, table of contents.
সূত, সারথি, স্যন্দনারোহ, a charioteer.
সূত, সূতা,—সূত্র, তন্ত্র, তন্তু, দড়ী, thread, twine, yarn, a line.
সূতক, সূতকাশৌচ,—জননাশৌচ, কালাশৌচ, ceremonial impurity arising from childbirth or miscarriage.
সূতিকা, নবপ্রসূতা, যে স্ত্রীর প্রসব হইয়াছে, a lying-in woman; confined, delivered, brought to bed.
সূতলী, দড়ী, রজ্জু, শণসূত্র, packthread, twine, a string, cord.
সূত্র, তন্ত্র, তন্তু, দড়ী, পন্ম, টীকা, অনেকার্থ বোধক সংক্ষিপ্ত গদ্য, বিধান, লক্ষণ, ভূমিকা, অনুষ্ঠান, thread, yarn, twine, a line, a clue, a guide, a sentence, gloss, comment, precept, aphorism, axiom, rules, rudiments, a preamble, commencement. [scite, &c.
সূত্রপাত, স্থূল মাপকরা, a marking out, planning, measuring a
সূত্রধর, সূতার,—বাড়ই, ছুতার, a carpenter, a joiner.
সূনু, পুত্র, তনয়, আত্মজ, a son.
সূনৃত, প্রীতিজনক সত্য বাক্য, true and agreeable discourse, an agreeable truth. [soup, broth.
সূপ, অন্নের উপকরণ, যূষ, ঝোল, a sauce, gravy, condiment,
সূপকার-ক, পাচক, রন্ধনকর্ত্তা, a cook.
সূর্প, কুলা, চালনী, a van or basket for winnowing corn.
সূর্য্য, আদিত্য, রবি, দিবাকর, the sun.
সূর্য্যকান্ত, কাচ মণি, a fabulous gem, chrystal. [the sun.
সূর্য্যগ্রহ, আদিত্য, রাহুগ্রস্ত সূর্য্যের অন্তর্ধান, the sun, an eclipse of
সূর্য্যমুখী, পুষ্প বিশেষ, the sun-flower.
সূর্য্যেন্দুসঙ্গম, অমাবস্যা, the day of the new moon. [sun-set.
সূর্য্যোদয়, সূর্য্যাস্ত,—আদিত্যের প্রকাশ এবং অন্তর্ধান, sun-rise and
সৃক্ক, সৃক্কণী,—ওষ্ঠের প্রান্ত, the corners of the mouth.
সৃজন, রচন, জন্মান, উৎপাদন, গঠন, নির্ম্মাণ, to make, create, frame, form. [invented.
সৃষ্ট, উৎপন্ন, গঠিত, নির্ম্মিত, কল্পিত, made, created, formed,
সৃষ্টি, উৎপত্তি, উদ্ভব, গঠনা, কল্পনা, রচনা, জগৎ, সচরাচর, creation, formation, production, fabrication, invention, the world, the universe.

সে, বুদ্ধিস্থিত পদার্থ, তৎ, ঐ, তিনি, that, those, he, she, it.
সেই, অনন্য, তাহাই, that same, that very, the selfsame.
সেঁকটন-আন, ন্যক্কার বোধে মুখ নাসিকার বেঁকন, to be distorted or turned up in disgust as the face or nose.
সেঁটন, লুণ্ঠন, to writhe through pain, &c. *see* সাঁটন.
সেঁউতী, সেঁওতী,—সেবতী ফুল, the white rose.
সেঁতান, সেঁত্‌সেঁত্যা,—দল্‌দলিয়া, জলময়, boggy, swampy, marshy.
সেক, ভিজানি, জলদান, জলপ্রক্ষেপ, তাতানি, a wetting, sprinkling, aspersion, pouring, watering, fomentation.
সেকন, তাতান, স্বিন্ন করণ, সিঞ্চন, to bake, apply heat, foment.
সেকরা, স্বর্ণকার, সোণার, a goldsmith, a worker in gold.
সেকপাত্র, সেচনী,—জল তুলিবার পাত্র, a bailing scoop, a vessel for watering fields from a tank.
সেক্তা, সেচনকর্ত্তা, one who foments, waters, bails out, &c.
সেচন, সেঁচন,—ভিজান, আর্দ্রীকরণ, জল তুলিয়া ফেলন, to water, wet, sprinkle, bail out water.
সেখানে, সেথা,—ঐ স্থানে, তত্র, তথা, to or in that place, thither, [there.
সেগুণ, খরপত্র, the teak-tree, teak-wood.
সেতু, আলি, জাঙ্গাল, ভেড়ী, সাঁকো, a walk, ridge, causey, mole, dam, dyke, bridge.
সেতুবন্ধ, তথা, তীর্থ বিশেষ, *id: also* Adam's bridge in Ceylon.
সেথুয়া, সহপথিক, একসঙ্গী, পথদর্শক, a fellow-traveller, a guide.
সেঁধান, সেঁধুয়ান,—প্রবিষ্ট হওন, ঢোকন, ঘুষড়ন, বৈসন, to enter, go or creep into, take root.
সেনা, অশ্ব পদাতি আদি, সৈন্য, তেলাঙ্গা, an army, troops, a sol- [dier.
সেনানী, সেনাপতি,—সৈন্যাধ্যক্ষ, a general, a commander.
সেপ্রকার, ঐরূপ, তেমন, তাদৃশ, of that kind, of that sort, such.
সেবক, উপাসক, দাস, পরিচারক, শিষ্য, serving, worshipping, &c. a servant, an attendant, a disciple.
সেবতী, সেঁউতী, the white rose.
সেবন, পরিচর্য্যা করণ, উপাসনা করণ, ঔষধ খাওন-ান, সিয়ন, to serve, attend or wait upon, worship, adore, to take or administer medicine, to sew, stitch.
সেবা, পরিচর্য্যা, স্বরৃত্তি, উপাসনা, পূজা, শুশ্রূষা, service, servitude, attendance, duty, worship, homage, reverence, respectful attention to.

সেবাতী, পূজারী, পাণ্ডা, the stipendiary priest of a temple.
সেবিত, উপাসিত, পূজিত, পিয়ান, served, attended on, worshipped, administered. [adorable.
সেব্য, সেবাপাত্র, উপাস্য, deserving worship &c, venerable,
সের, ধান্যাদির পরিমাণ বিশেষ, a measure of weight. *a seer*.
সেরণ, সেরিয়া রাখন,—উপার্জন, সঞ্চয়ন, পুঁজী করণ, to lay or put buy, treasure up, set apart. [kind, such.
সেরূপ, সেমত,—তৎপ্রকার, তাদৃশ, এমন, of that sort, of that
সৈনিক, সেনাসম্বন্ধীয়, সেনারক্ষক, of or relating to an army; a centinel. [troops, soldiers.
সৈন্য, সেনা, বল, একত্রিত পদাতি হস্তী রথাদি, an army, forces,
সৈন্ধব, পর্ব্বতীয় লবণ, পাঙ্গা, rock-salt, fossil-salt.
সৈরিন্ধ্রী, যে স্ত্রী পরের গৃহে স্ববশে থাকিয়া শিল্পকর্ম্ম করে, an independent female artist working in another's house.
সোঁটা, গদা, যষ্টি, a bludgeon, truncheon, mace, staff.
সোঁধান, বাসান, গন্ধান, to scent, to perfume, to smell.
সোঁপড়, সমূলে, সমান, with the roots; smooth, level.
সোঁপন, গছান, সমর্পণ, ভারণ, ছাড়ন, to deliver in charge, entrust, commit, refer to, submit, surrender.
সোজা, সরল, খাড়া, সমান, সহজ, স্পষ্ট, অবক্র, অকুটিল, straight, erect, upright, even, flat, smooth, level, plain, simple, easy, obvious, sincere, candid, inoffensive, artless. [ward.
সোজাসোজি, স্পষ্টে, নিষ্কপটে, plainly, sincerely, straight for-
সোণা, স্বর্ণ, কনক, হিরণ্য, gold. [with gold.
সোণালা, সোণালী,—মলম্বাকরা, মণ্ডনকরা, a gilding, overlaying
সোন্না, স্বর্ণকারের চিম্টা, a goldsmith's nippers, small tweezers.
সোতা, সোঁতা,—খাল, নালা, জলপ্রবাহ, a creek, inlet, rivulet, channel, stream, torrent.
সোদর-া, সোদর্য্য-া,—সহোদর-া, একমাতৃজাত, ভ্রাতৃভগিনী, a full brother or sister. [surname.
সোপাধি, সম্পর্ক, উপাধিযুক্ত, relationship, affinity; having a
সোপান, পইঠা, সিঁড়ী, নিঃশ্রেণি, প্রস্তাব, অনুষ্ঠান, a ladder, flight of steps, staircase, stairs, mention, introduction, commencement.
সোম, চন্দ্র, দ্বিতীয় গ্রহ, the moon; সোমবার, দ্বিতীয়বার, monday.

সোমত্ত, বলবান্, স্থূল, যুবন, young, lusty, adult; a youth, a lad.
সোমলতা, যজ্ঞিয় লতা বিশেষ, চন্দ্রবল্লরী, the moon-plant.
সোমাজি, ছুঁচ, a bamboo skewer or thatching needle.
সোসর, সোঁপড়, সমান, smooth, level, flat, even.
সোমরী, মই, বাঁশই, a sort of ladder-shaped harrow.
সোহাগ, বাৎসল্য, স্নেহপ্রকাশ, affection, fondness, caresses.
সোহাগা, স্বাগা, টঙ্ক, উপধাতু বিশেষ, borax.
সোহাগিনী, সুভগা, a beloved wife or woman. [perfume.
সৌগন্ধ্য, সুবাস, সুরভি, a sweet scent, fragrance, odour,
সৌচিক, সৌচিকী,—সুচিজীবী, *m.* a taylor, *f.* a seamstress.
সৌজন্য, সুজনতা, শিষ্টাচার, ভব্যতা, civility, politeness, urbanity,
complaisance, good-nature.
সৌদামিনী, বিদ্যুৎ, তড়িৎ, lightening. [ness.
সৌন্দর্য্য, লাবণ্য, রূপবত্তা, beauty, loveliness, elegance, neat-
সৌবর্ণ, স্বর্ণময়, হিরণ্যরচিত, golden, made of gold.
সৌবিদ, শণ্ড, পণ্ড, অন্তঃপুররক্ষক, a eunuch, an attendant or
guard on the women's apartments.
সৌভাগিনেয়, সুভগার গর্ভজাত, the son of a beloved wife.
সৌভাগ্য, শুভাদৃষ্ট, মাঙ্গল্য, good fortune, luck, auspiciousness.
সৌম্য, চান্দ্র, সুন্দর, মনোজ্ঞ, উত্তম, কোমল, ধীর, উত্তর দিক্, বুধ গ্রহ, lunar,
handsome, pleasing, good, excellent, mild, gen-
tle, placid; the north, Buddha or Mercury.
সৌর, সূর্য্যসম্বন্ধীয়, সূর্য্যের উপাসক, of or belonging to the sun,
solar; a worshipper of the sun.
সৌরমাস, সূর্য্যের এক রাশিভোগকাল, a solar month.
সৌরভ্য, সুগন্ধ, সুবাস, সৌন্দর্য্য, সুখ্যাতি, fragrance, odour, per-
fume, an essence, beauty, fame, reputation.
সৌর্য্য, পাণ্ডিত্য, ব্যুৎপত্তি, learning, literary eminence.
সৌষ্ঠব, উৎকর্ষ, সৌন্দর্য্য, দ্রুতগতি, আতিশয্য, প্রতুল, excellence,
comeliness, lightness, fleetness, excess, abun-
dance, a competency.
সৌহার্দ্দ, প্রণয়, বন্ধুতা, friendship, amity, intimacy.
স্কন্ধ, কাঁধ, ভুজশিরঃ, প্রকাণ্ড, প্রকরণ, খণ্ড, the shoulder, the
trunk of a tree, a large branch, a section,
chapter. [speech.
স্খলদ্বাক্য, উচ্চারণে ত্রুটি, a mistake in pronunciation or

স্খলন, পিছলন, উচোট খাওন, পতন, ছাড়িয়া পড়ন, ভুলন, রিঙ্গণ, ভ্রষ্ট হওন, to slip, trip, stumble, fall, mistake, err, blunder, skip letters or words in reading or utterance, to sin or fall from virtue.

স্খলিত, বিচলিত, চ্যুত, পতিত, ভ্রমযুক্ত, slipped, stumbled, fallen, mistaken, &c. [dug, teat.

স্তন, কুচ, মাই, বাঁট, a woman's breast, an animal's udder,

স্তনপান, স্তন্যপান,—দুগ্ধপানকরা, চোষণ, a sucking, suckling, being at the breast.

স্তনবৃন্ত, স্তনাগ্র,—চুচুক, কুচাগ্র, the nipple.

স্তন্য, স্তননিসৃত, দুগ্ধ, milk. [a suckling.

স্তন্যপায়ী, স্তন্যভুক্,—দুগ্ধপায়ী, দুগ্ধপোষ্য, sucking, at the breast;

স্তব-পাঠ, স্তুতি, নুতি, গুণকথা, সঙ্কীর্ত্তন, শ্লাঘনা, praise, eulogy, panegyric, applause, flattery, a celebrating, hymning, solicitation.

স্তবক, ফুলের গোছা, গুচ্ছ, গুণগাথক, a cluster of blossoms, a nosegay, bunch of flowers, a flatterer.

স্তবন, সঙ্কীর্ত্তন, গুণকথন, শ্লাঘন, to praise, hymn, extol, eulogise, flatter, entreat, solicit.

স্তব্ধ, স্তম্ভিত,—দৃঢ়ীভূত, জড়ীভূত, স্পন্দরহিত, মূর্চ্ছাপন্ন, অজ্ঞান, অবাক্, নিবৃত্ত, স্থগিত, স্থিরীকৃত, মুগ্ধ, stiff, hardened, rigid, benumbed, torpid, dull, motionless, insensible, astonished, stupid, stupified, amazed, silent, stopped, fixed, stupified by enchantment, petrified.

স্তম্ব, ধান্য তৃণাদির আটি, গোছা, থাম, গুল্ম, a sheaf, tuft, bunch, clump, a stake, post, pillar, a shrub.

স্তম্ভ, থাম, গৃহাদির থুঁটী, a post, pile, stake, pillar, column.

স্তম্ভ-ন, স্থাপন, স্পন্দ রহিত করণ, জড়ীভাব, অজ্ঞানতা, মোহ, to fix, set up, stupify, &c. rigidity, torpor, stupidity, insensibility or suppression of the faculties, the effect of enchantment.

স্তম্ভাকার, স্তম্ভাকৃতি,—থামবৎ, cylindrical, columnar, pillar-like.

স্তাবক, স্তুতিকারক, গুণগাথক, কাছাধরা, চরণসেবক, praising, &c. thankful; a eulogist, panegyrist, flatterer, parasite, sycophant. [silent.

স্তিমিত, আর্দ্র, ক্লিন্ন, ভিজা, তুষ্ণীক, clammy, moist, wet, taciturn,

স্তুত, প্রশংসিত, সঙ্কীর্ত্তিত, praised, eulogized, extolled, flattered, hymned.

স্তুতি, গুণপাঠ, স্তব, সঙ্কীর্ত্তন, প্রশংসা, স্তবপূর্ব্বক যাচনা, praise, eulogy, flattery, applause, solicitation.

স্তুতিপাঠক, স্তবকর্ত্তা, বন্দী, a flatterer, eulogist, panegyrist.

স্তূপ, সঞ্চয়, রাশি, সমূহ, a heap, pile, rick, mound, quantity.

স্তেন, চোর, দস্যু, তস্কর, চৌর্য্য, a thief, robber, theft. [ty.

স্তেয়, স্তৈন্য,—চৌর্য্য, অপহরণ, লুট, theft, robbery, plunder, boo-

স্তোক, অল্প, সূক্ষ্ম, বিন্দু, ব্যাজ, ছলনা, নিষেধ, small, little, a drop of water, an excuse, plea, palliation, an imposition, deception, prevention.

স্তোকে২, অল্পে২, বিন্দু২, ক্রমে২, ধীরে, মন্দে২, কদাচিৎ, by little and little, drop by drop, gradually, insensibly, slowly, gently, softly, seldom. [logist.

স্তোতা, স্তোতৃ,—স্তাবক, গুণগায়ক, a flatterer, panegyrist, eu-

স্তোত্র, স্তুতিকরা, স্তব, গুণগান, praise, eulogy, flattery, a hymn.

স্তোভ, মিথ্যাপ্রবোধ, কপটবাক্য, false encouragement, deceptive promises. [a she-animal.

স্ত্রী, নারী, অবলা, বধু, মেনী, a female, a woman, a wife,

স্ত্রীআচার, বিবাহকালীন স্ত্রীলোকের ব্যবহার, a ludicrous practice of women before a man's marriage.

স্ত্রীগ্রহণ, বিবাহ করণ, সংসার করণ, to take a wife, to marry.

স্ত্রীচিহ্ন, স্ত্র্যংশ,—ভগ, যোনি, pudendum muliebre.

স্ত্রীজিত, স্ত্রীবশ,—ভার্য্যাধীন, পত্নীরত, ruled by a wife, uxorious.

স্ত্রীত্ব, যোষিদ্ভাব, নারীত্ব, womanhood, femality, feminality.

স্ত্রীধন, যে ধনে পতির নিরক্ষেপে স্ত্রীর অধিকার আছে, a woman's own property, trinkets, &c. [menstruation.

স্ত্রীধর্ম্ম, কেবল স্ত্রীর অনুষ্ঠেয় কর্ম্ম, রজঃ, manner or duty of women,

স্ত্রীধর্ম্মিণী, স্ত্রীলোকের কর্ত্তব্যকারিণী, ঋতুমতী, রজস্বলা, *f.* observing the proper duties of her sex, menstruous.

স্ত্রীপুংধর্ম্ম, পতিপত্নীর পরস্পর কর্ত্তব্য, the reciprocal duties of husbands and wives. [bertine.

স্ত্রীপর, নারীপ্রিয়, লম্পট, uxorious, devoted to women; a li-

স্ত্রীলিঙ্গ, যোষিৎ বাচক, নারীচিহ্ন, ভগ, the feminine gender, pudendum muliebre. [commerce.

স্ত্রীসঙ্গ বা সম্ভোগ,—মৈথুন, রতিক্রিয়া, sexual intercourse, carnal

স্ত্রীসংগ্রহণ, বিবাহ, পরস্ত্রীভুংসকরা, marriage, seduction of a married woman.

স্ত্রীহরণ, পরস্ত্রীকে বলাৎকার, rape, abduction of a married wo- [man.

স্ত্রৈণ, স্ত্রী সম্বন্ধীয়, স্ত্রীবৎ, স্ত্রীবাধ্য, female, feminine, womanish, effeminate, under female rule, hen-pecked.

স্থ, স্থিত, বর্ত্তমান, বর্ত্তী, *affix* : being, situated, staying, &c.

স্থগিত, স্থগিত,—নিবৃত্ত, স্তব্ধ, নিবারিত, সম্প্রদায়বহিষ্কৃত, অব্যবহার্য্য, stopped, ceased, suspended, hindered, debarred, excluded from society, obsolete.

স্থণ্ডিল, চত্বর, যাগার্থ প্রস্তুত ভূমি, বালুকারচিত হোমীয় অগ্নি স্থান, a level piece of ground covered with sand, &c. prepared for a sacrifice, an altar.

স্থণ্ডিলশায়ী, চত্বরে শয়নকর্ত্তা, an ascetic sleeping on consecrated [ground.

স্থপতি, ইষ্টকাদি গৃহ নির্ম্মাণকর্ত্তা, a master-mason or carpenter, a builder, an architect.

স্থবির, বৃদ্ধ, স্থির, শক্ত, an old man; old, aged, steady, fixed, [firm.

স্থবিষ্ঠ, অতিশয় স্থূল, মাংসাল, very thick, very corpulent.

স্থল, স্থান, ঠিকানা, ভূমি, পদ, কর্ম্ম, এক দেশ, a place, spot, situation, dwelling, land, dry-land, a post, office, employment, station, a passage in a book, &c.

স্থলী, স্থান, ভূমি, প্রাপ্তস্থল, a place, land; possessed of a place.

স্থলীয়, স্থানীয়, ভূমিসম্বন্ধীয়, of or belonging to a place or to dry-land.

স্থলে, স্থানে, পরিবর্ত্তে, ঠাঁই, instead of, in lieu of, in the [room of.

স্থলচর, ভূচর প্রাণী, ভূস্থ, moving on land, terrestrial.

স্থলপথে, পদব্রজে, by dry land, on foot.

স্থলভেদ, স্থানান্তর হওয়া, পদপরিবর্ত্ত, a change of situation, a vacancy, succession to a place or office.

স্থাণু, স্তম্ভ, শঙ্কু, শাখাশূন্য বৃক্ষ, নেড়া, a stake, pin, a pollard.

স্থাতব্য, স্থানীয়, স্থেয়, to be placed, proper to be fixed, &c.

স্থাতা, স্থাতৃ, *f.* স্থাত্রী,—স্থায়ী, তিষ্ঠনিয়া, one who stays or abides.

স্থান, স্থল, ঠাঁই, পোত, ভূমি, পরিবর্ত্ত, ঠিকানা, বাসা, ঘর, দেশ, পদ, কর্ম্ম, অবকাশ, a place, situation, spot, scite, ground, space, stead, a home, abode, a passage in a book, a post, office, vacancy.

স্থানীয়, স্থলসম্বন্ধীয়, পোতনীয়, of or belonging to a place, &c. [to be fixed.

স্থাপন, পোতন, থুয়ন, বসান, রাখন, সমর্পণ, প্রতিষ্ঠা করণ, পত্তন করণ, স্থিতি করণ, রক্ষণ, ধারণ, to fix, set up, erect, place, put, give in charge, deposit, establish, found, keep, secure, defend, uphold.

স্থাপয়িতা, স্থাপনকর্ত্তা, স্থিতিকারক, রক্ষক, one who places, &c. a defender, upholder. [&c.

স্থাপিত, স্থিরীকৃত, প্রতিষ্ঠিত, fixed, settled, founded, established,

স্থাপ্য, স্থিতি করণীয়, পোতনীয়, গচ্ছিত ধন, to be placed, fixed, &c. given in charge ; a deposit.

স্থাবর, অচল, ধ্রুব, স্থায়ী, মণিমুক্তাদি, পরম্পরাগত ভূম্যাদি ধন, পর্বতাদি, fixed, firm, immoveable, stable, stationary, unalienable, (as family jewels;) real property, (as lands, &c.) a fixture, a mountain.

স্থায়িত্ব, স্থিরভাব, চিরকালিকত্ব, অক্ষয়, lastingness, durability, steadiness, continuance, permanency, &c.

স্থায়ী, স্থিতিশীল, চিরকালিক, নিত্য, নিবাসী, *aff*: continuing, abiding, permanent, lasting, staying, inhabiting.

স্থায়ুক, প্রতিভূ, লগ্নক, গ্রামের অধ্যক্ষ, মণ্ডল, a bail, surety, overseer, bailiff, steward, the headman of a village.

স্থাল, ধাতুময় ভোজনপাত্র, a metallic dish or eating vessel.

স্থালী, হাঁড়ী, পাকপাত্র, an earthen cooking-vessel, a boiler.

স্থিত, বর্ত্তী, স্থায়ী, যে থাকে, স্থাপিত, যোত্র, আয়, উৎপন্ন, being, staying, placed, fixed, situated, established, settled; stock, capital, funds, income, produce.

স্থিতি, সত্তা, বিদ্যমানত্ব, তিষ্ঠা, থাকা, দশা, অবস্থা, সংস্থান, অবলম্বন, স্থিরকরা, পত্তনকরা, বাসা, ঠিকানা, বিরাম, যতি, সীমা, being, existence, an abiding, stay, continuance, permanence, a state, condition, a settling, fixing, settlement, residence, abode, situation, place, cessation, a pause, a stop, a limit, boundary.

স্থিতিকর বা কারক, অবলম্বনকর্ত্তা, স্থাপনকারী, রক্ষক, ধারণকর্ত্তা, সংস্থাপক, — upholding, supporting, sustaining, giving permanence or continuance.

স্থিতিশীল, স্থাবর, অটল, চিরস্থায়ী, permanent, abiding, durable.

স্থিতিস্থাপক, ধারণকর্ত্তা, রক্ষক, প্রকৃতিপ্রাপক, an upholder, supporter, protector, &c. elastic.

স্থির, সংস্থাপিত, শক্ত, অচল, অসাড়, চিরস্থায়ী, নিত্য, নিশ্চল, নির্ব্বহ, নিরীহ, ধীর, শান্ত, নীরাগ, নির্ভয়, অচপল, অচঞ্চল, নিশ্চয়, নির্ণয়, সচ্চিদানন্দ, ঈশ্বর, fixed, firm, stable, immoveable, steadfast, permanent, durable, lasting, uniform, stationary, standing, (as water,) smooth, still, calm, serene, composed, unmoved, tranquil, passive, stoical, cool, collected, resolute, constant, faithful, certain, sure, settled, the enduring, *i. e.* God.

স্থিরচিত্ত, অচঞ্চল, নির্ভয়, ভরসান্বিত, firm, resolute, determined.

স্থিরতর, অতিস্থির, অক্ষয়, বহুকালস্থায়ী, quite firm, fixed, durable.

স্থিরধী বা বুদ্ধি, নিশ্চিন্তমনাঃ, প্রবুদ্ধ, resolved, resolute, determined, convinced.

স্থিরবাদী, দৃঢ়বাক্য, সত্যবক্তা, keeping his word, exact, punctual.

স্থিরভাব, স্থায়িত্ব, স্থিতা, স্থৈর্য্য, ধৈর্য্য, permanency, durability, calmness, composure, equanimity.

স্থূল, অসূক্ষ্ম, মোটা, বৃহৎ, পীন, হৃষ্টপুষ্ট, অলস, জড়, large, bulky, thick, gross, coarse, lusty, sleek, fat, corpulent, portly, inactive, stupid, dull.

স্থূলতঃ, গড়ে, মোটামোটি, in the gross, altogether, indiscriminately.

স্থূলফল, সাকল্য, গড়, একুন, মোট, gross sum, amount or measure.

স্থূলবুদ্ধি, স্থূলধী,—জড়, অজ্ঞান, dull, stupid, heavy, ignorant.

স্থেয়, স্থাপনীয়, গাড়নীয়, to be placed or fixed, fixable.

স্থৈর্য্য, স্থিরতা, সমভাব, শমতা, ধীরতা, সাহস, নিশ্চয়, দৃঢ়বোধ, steadfastness, stability, steadiness, firmness, calmness, determination, resoluteness, certainty.

স্থৌল্য, বৃহত্ত্ব, স্থূলভাব, জড়তা, bulk, largeness, greatness, fatness, thickness, dulness.

স্নাত, কৃতস্নান, অবগাহনে পরিষ্কৃত, bathed, washed, purified by ablution.

স্নাতক, যিনি সমাবর্ত্তন করিয়া গৃহস্থ হয়, a householder duly initiated after completing his studies.

স্নাতা, স্নায়ী,—স্নানকর্ত্তা, অবগাহনশীল, a bather, practiser of ceremonial ablutions.

স্নান, অবগাহনাদি অষ্ট প্রকার, সর্ব্বাঙ্গের জলোপক্ষেপ, a bathing, washing, ceremonial ablutions.

স্নানকুণ্ড, স্নানাগার,—অবগাহনস্থান, a bath, a bagnio.

স্নানযাত্রা, জগন্নাথের বৃহৎ মূর্ত্তিকে প্রতিবৎসর জলাভিষেক করা, the annual ablution of Jagannátha. [ablutions.

স্নানীয়, স্নানযোগ্য জল, অবগাহ্য, proper for bathing in, fit for

স্নাপিত, অবগাহিত, ডুবিত, made to bathe, bathed, immersed.

স্নায়ু, শিরা, মাংসপেশী, উপাস্থি, a tendon, muscle, cartilage.

স্নিগ্ধ, চিক্কণ, ক্লিন্ন, শীতল, প্রিয়, স্নেহপাত্র, স্নেহকারী, oily, smooth, soft, clammy, cool, refreshing, agreeable, beloved, amiable, kind, affectionate.

স্নিগ্ধমূর্ত্তি, ক্ষমাশীল, শান্ত, মৃদু, placable, clement, placid, mild.

স্নুষা, পুত্রবধু, a daughter-in-law.

স্নেহ, প্রেম, প্রণয়, হার্দ্দ, বাৎসল্য, দয়া, কৃপা, লেপনীয় দ্রব্য, তৈলাদি, love, affection, fondness, tenderness, caressing, kindness, favour, mercy, sympathy, an unguent, oil, grease. [oily.

স্নেহী, প্রেমী, দয়াবান্, চিক্কণ, fond, affectionate, kind-hearted,

স্পন্দ-ন, লড়ন, কম্পন, বিধূনন, হস্তপাদাদি বিক্ষেপ, a moving, shaking, vibrating, fluttering, quivering, trembling, bodily motion, movement, agitation.

স্পন্দিত, কম্পিত, লড়িত, বিধূত, agitated, moved, shaken.

স্পর্দ্ধা সাহসবাদ, আস্পর্দ্ধা, ধমক, আত্মশ্লাঘা, স্বপ্রকাশ, ধৃষ্টতা, a daring, provoking, challenge, defiance, emulation, rivalry, arrogance, presumption.

স্পর্দ্ধিত, ধমকান, যুদ্ধে আহ্বানিত, dared, defied, provoked, challenged. [sation.

স্পর্শ-জ্ঞান, ত্বগ্‌জ্ঞান, সান, touch, feel, contact, feeling, sen-

স্পর্শক, ছুঁইনিয়া, সংলগ্ন, feeling, touching, coming in contact.

স্পর্শন, ছোঁয়ন, সংলগ্ন হওন, ঠেকন, হাত দেওন, to feel, touch, handle, come in contact, meddle with.

স্পর্শনীয়, স্পৃশ্য,—হস্তাদিগোচর, ত্বগিন্দ্রিয়ের বিষয়, tangible, palpable, that may be felt.

স্পর্শাতীত, সানবিহীন, কঠিন, হস্তাপ্রাপ্য, ত্বগ্‌জ্ঞান বহির্ভূত, অপ্রপঞ্চ, past feeling, insensible, callous, impalpable, intangible, beyond the reach of touch, immaterial.

স্পষ্ট, সুব্যক্ত, প্রত্যক্ষ, সুবোধ্য, স্ফুট, clear, plain, obvious, evident, manifest, explicit, perspicuous, open.

স্পষ্টতঃ, স্পষ্টে,—নিতান্ত, সুব্যক্তে, প্রত্যক্ষতঃ, দৃষ্টতঃ, clearly, evidently, seemingly, ostensibly.

স্পষ্টবক্তা বা বাদী, সুব্যক্ত কথক, a clear or distinct speaker.

স্পষ্টবোধ, নিশ্চয়জ্ঞান, বিশেষানুভব, a clear motion or idea, distinct knowledge. [contact.

স্পৃষ্ট, স্পর্শিত,—ছোঁয়ান, সংলগ্ন, touched, felt, brought into

স্পৃহা, উৎকট ইচ্ছা, লিপ্সা, আশা, মনোরথ, wish, desire, inclination, longing, cupidity, hope, intention, supplication. [inclined.

স্পৃহী, লোভী, ইচ্ছুক, সাকাঙ্ক্ষ, wishful, desirous, longing,

স্ফট্, অহিফেণ, ফট্‌কিরি, the hood of a serpent, alum.

স্ফটিক, শুক্ল প্রস্তর বিশেষ, chrystal, quartz.

স্ফটিকারী, স্ফট্,—ফট্‌কিরি, alum. [horse.

স্ফন্দন, উল্লম্ফন, ফাঁদন, শিরপা করণ, to leap, prance, rear as a

স্ফিচ্, পাছা, নিতম্বের মাংসপিণ্ড, the buttocks, the hams.

